সুরেনকে বলিবেন যে ভেক বলির জন্য প্রায়শ্চিত্ত করিতে হইয়াছে। এ কয়মাস ধরিয়া যাহা করিয়াছিলাম, এবারকার Natureএ দেখিলাম যে Royal Society তে Dr. Waller "On the Electric Current in the Frog's Eye Produced by Light" সম্বন্ধে প্রবন্ধ শীঘ্রই পাঠ করিবেন। ইহাকেই বলে চক্ষুস্থির !

আমার ক্ষুদ্র বন্ধুর খবর দিবেন।

এবার আমেরিকা হইতে— বাবুর একখানা চিঠি দেখিলাম। তাঁহার সহিত নিবেদিতার তুমুল সংগ্রাম হইয়াছে।— বাবু এবং নিবেদিতা Mrs. Bull এর বাড়িতে অতিথি ছিলেন। সেখানে— বাবু বিবিধ প্রকার Pleasant কথাই বলিতেছিলেন, কিন্তু দৈবের নির্ব্বন্ধ ! সেখানে একটি meeting হয়, তাহাতে নিবেদিতা জাতিভেদের মাহাত্ম্য বর্ণনা করিতেছিলেন,— বাবু চুপ করিয়া শুনিতেছিলেন। হঠাৎ নিবেদিতার মনে হইল যে, ব্রাহ্মরা জাতিভেদ মানে না এবং বিবেকানন্দ-স্বামীর প্রতি তাহাদের ভক্তি অপরিমিত নহে। অমনি বলিলেন, "আমি জানি যে এই meeting এ একজন আছে যিনি জাতিভেদ মানেন না এবং সনাতন ধর্ম্মের উপর যাঁহার আস্থা নাই।" তাহার পর— বাবুকে রণং দেহি বলিয়া challenge করিলেন। এইরূপ আকস্মিকরূপে আক্রান্ত হইয়া— বাবু বলিলেন যে, জাতিভেদের অনেক সদগুণ আছে। তবে কিছু কিছু অসুবিধাও আছে It Keeps down men of genius ; for example, Swamiji could not have had so much influence যদি জাতিভেদ থাকিত, ব্রাহ্মণের আধিপত্যে নিম্নজাতির উত্থান দুরূহ হইত। আর কোথা যায় ! মনে করিতে পারেন (বিবেকানন্দ) স্বামীর সম্বন্ধে এরূপ কথা ! অমনি এক scene।

পরিশেষে ঘোরতর ঘৃণার সহিত নিবেদিতা বলিলেন যে, ব্রাহ্মরা হিন্দুও নহে, খৃষ্টানও নহে, আর— বাবুকে লক্ষ্য করিয়া বলিলেন, "তুমি মৎস্যও নহ, মাংসও নহ ! ! !"

আপনাকে সমস্যা দিতেছি ; — বাবু তবে কি ? যে যাহা হউক, এরূপ অসাধারণ ভক্তি অতি দুর্লভ।*

আপনার
**শ্রী জগদীশচন্দ্র বসু**

---

* **Nature** : লন্ডন থেকে প্রকাশিত খ্যাতনামা বিজ্ঞান পত্রিকা।
* **আমার ক্ষুদ্র বন্ধু :** রবীন্দ্রনাথের ছোট মেয়ে মীরাদেবী। এখানে উল্লেখ্য যে জগদীশচন্দ্র ও লেডি অবলাবসুর প্রথম জীবনে একটি কন্যাসন্তান জন্মগ্রহণ করে মারা যায়। এরপর তাঁদের আর কোন সন্তান হয়নি। বন্ধুর মেয়ে মীরাকে জগদীশচন্দ্র নিজের মেয়ের মতো স্নেহ করতেন।
* **বাবু :** বিপিনচন্দ্র পাল। প্রখ্যাত লেখক ও দেশবরেণ্য রাজনীতিক।
* **নিবেদিতা :** ভগ্নী নিবেদিতা। জন্ম ২৮ অক্টোবর ১৮৬৭ এবং মৃত্যু ১৩ অক্টোবর ১৯১১। নিবেদিতার প্রকৃত নাম মার্গারেট নোবেল। স্বামী বিবেকানন্দের দেশ দেখতে এসে আয়ারল্যাণ্ডের এই মানবদরদী মহিলা ভারতে স্থায়ীভাবে বসবাসের সিদ্ধান্ত নেন এবং আমৃত্যু তিনি ভারতবর্ষে বসবাস করে বিভিন্ন জনকল্যাণমূলক কাজে অগ্রণী ভূমিকা রেখেছেন।




কলিকাতা
৮ই জুন ১৯০০

সুহৃৎ

আপনার পৌঁছতত্ত্ব পাই না। ভাল আছেন ত? আমার বিদেশযাত্রার আর কিছু সংবাদ এখনও পাই নাই।

সেই Theoryর নতুন নতুন অর্থ দেখিতেছি। সংকেতে ২/১ টি লিখিতেছি, ‘পণ্ডিতে বুঝিতে পারে দু'চার দিবসে’; আপনার বুঝিতে ১৭ মিনিটও লাগিবে না।




Carve of Our National Condition.
[“পতনঅভ্যুদয়বন্ধুর পন্থা”।]

এই Theory অতিশয় পুরাতন। বঙ্কিমচন্দ্র জানিতেন। কিন্তু he was in advance of the time। সুতরাং রূপকে এই মহাসত্য প্রচার করিয়াছিলেন।

আপনার
শ্রী জগদীশচন্দ্র বসু



London
C/o. Messrs. Henry S. King & Co.
65 Cornhill, London, E. C.
31st Aug., 1900


সুহৃৎ

আপনার পত্র পাইয়া সুখী হইয়াছি। সর্ব্বদা যেন পত্র পাই। আমি নানাবিধ Stress and strain এর মধ্যে ; সুতরাং ইচ্ছা থাকিলেও দীর্ঘ পত্র লিখিতে সময় পাই না। আজ না লিখিয়া থাকিতে পারিলাম না। প্যারিসে যা যা দেখিলাম, তাহাতে যেমন নূতন বিজ্ঞানের প্রভাব দেখিয়া সুখী হইয়াছি, তেমনই দেশের কথা মনে করিয়া একেবারে নিরুৎসাহ হইয়াছি, এই ভয়ানক জীবনসংগ্রাম নির্ম্মম বিরামহীন— এই সংগ্রামে যাহারা একটু পশ্চাতে পড়িয়া থাকে, তাহারা একদিন নির্ম্মূল হইবে। এখানে কি ব্যগ্রতা ! একটি নূতন আবিষ্কার হইল, আর অমনি তাহা কাজে লাগিল। যাহারা সর্ব্ব প্রথমে তাহার ব্যবহার শিখিল, তাহারা অন্য জাতিকে ব্যবসায়ে এবং manufacture এ পরাস্ত করিল। পৃথিবী ব্যাপিয়া এই সংগ্রাম অহোরাত্র চলিতেছে। নির্ম্মম প্রকৃতি ! আমাদের ন্যায় উদ্যমহীন, অকর্ম্মঠ জাতি আর কতকাল বাঁচিয়া থাকিবে ? এসব মনে করিয়া মনের জ্বালা সম্বরণ করা অসম্ভব কি করিয়া মন দমন করা যায় বলুন। সম্মুখে আশার আলো দেখিলে মনে উৎসাহ আসে, কিন্তু ব্যর্থ উদ্যম লইয়া কে জীবন বহিতে পারে ?

এসব কথা এখন থাকুক। আমার কাজের ফল জানিবার জন্য উৎসুক আছেন ; সে-সম্বন্ধে কিছু বলিতেছি।

প্রথমতঃ, আমি দেরীতে পৌঁছিয়াছি এবং আমি যে বিষয় বলিব মনে করিয়াছিলাম তাহা Royal Society তে শেষ মুহূর্ত্তে পৌঁছিয়াছিল, সুতরাং তাহা Publish এখনও হয় নাই। এজন্য সে-বিষয়ে বলিতে পারি কি না জানিতাম না। সে যাহা হউক, একদিন Congressএর President হঠাৎ আমাকে বলিবার জন্য অনুরোধ করিলেন। আমি কিছু কিছু বলিয়াছিলাম। তাতে অনেকে অতিশয় আশ্চর্য্য হইলেন। তারপর Congressএর Secretary (তিনি ইংরাজী জানেন) আমার নিকট আমার বিষয়টির পূর্ণ account চাহিলেন, তিনি ফরাসী ভাষায় তর্জমা করিবেন। এই উপলক্ষে তিনি আমার সহিত দেখা করিতে আইসেন, এবং আমার কাজ লইয়া discussion করেন। একঘণ্টা পর হঠাৎ বলিয়া উঠিলেন—But, monsieur, this is very beautiful (but এর অর্থ আমি প্রথম বিশ্বাস করি নাই। তারপর

আরও তিনদিন এ-সম্বন্ধে আলোচনা হয়, প্রত্যহই more and more excited— শেষদিন আর নিজকে সম্বরণ করিতে পারিলেন না। Congress-এর অন্যান্য Secretaryএবং President-এর নিকট অনর্গল ফরাসী ভাষায় আমার কার্য্য-সম্বন্ধে বলিতে লাগিলেন, তাহার মধ্যে tres jolie magnifique ইত্যাদির বহু সমাবেশ ছিল। পরিশেষে আমাকে বলিলেন যে, আপনার বিষয়টি প্রত্যেক অক্ষরে নূতন ; এই theory প্রচার করিতে অন্ততঃ দু'বৎসর লাগিবে। সব একেবারে প্রচার করিবেন না — এত Surprise একে-বারে লোকে মনে ধারণা করিতে পারিবে না—




it is human nature. A বিন্দু পর্য্যন্ত উঠিতে পারে, তারপর হঠাৎ মন ভাঙ্গিয়া B বিন্দুতে নামিয়া যায়। তারপর আরও বলিলেন, যে physicist- রা physiology জানেন না ; vice versa। তারপর আপনি যদি psychology-র সমাবেশ করেন, তাহা হইলে একেবারেই বুঝিতে পারিবে না। আর psychology, memory ইত্যাদি beyond physical science। এসব আনিলে লোকে আপনাকে dreamy মনে করিবে। এজন্য প্রথমে Purely physical বিষয় প্রকাশ করা উচিত।

এখানে German, Russian, American ইত্যাদি অনেক বৈজ্ঞানিকের সহিত দেখা হয়। তাঁহারা সকলেই আমার পূর্ব্বে কার্য্য অতিশয় আগ্রহের সহিত পাঠ করিয়াছেন।

Helmholtz-এর পদে Berlin-এ এখন যিনি অধ্যাপক আছে (Prof. Warburg), তিনি আমাকে বলিলেন, তাঁহার Laboratory-তে আর একজন বৈজ্ঞানিক নূতন গবেষণা করিতে আসিয়াছিলেন।

"The subject of Oherer is very obscure and very interesting. I wish to work on it." তাহাতে Warburg তাঁহাকে বলিলেন, "It is undoubtedly very interesting ; but it is no longer obscure--there is a man called Bose who has left nothing more to be done."

আর একদিন Eiffel Tower-এর উপরে উঠিতেছিলাম। আমি delegate বলিয়া বিনামূল্যে যাইবার অধিকারী। আমার সহধর্ম্মিণী delegate নহেন, সুতরাং তাঁহার জন্য ৫ ফ্রাঙ্ক দিতে হইল। ফরাসী ভাষায় আমার অধিকার ত জানেন। আমার অবস্থা দেখিয়া একজন ইংরাজী ভাষায় দক্ষ ফরাসী আমার নিকট আসিয়া বলিলেন, Can I be of any service ? এবং নিজের কার্ড দিলেন। আমার কার্ড দেখিয়াই বলিয়া উঠিলেন, Bose ? Surely not

Jagadish Bose? এদেশে আমি জগদীশ বসু বলিয়া পরিচিত, কারণ আরও জার্ম্মান্ বসু আছে। পরে যখন জানিলেন আমিই তিনি, তখন যে-ব্যক্তি আমার নিকট হইতে বসুজায়ার জন্য টিকিটের মূল্য লইয়াছিল, তাহাকে যৎপরোনাস্তি তিরস্কার করিতে লাগিলেন— আমাদের অতিথি বিখ্যাত বিদেশী, তাঁহার নিকট টিকিটের মূল্য প্রার্থনা একান্ত দোকানদারী, ইত্যাদি। দেখিতে দেখিতে আরও লোকসমাগম। তাহাদের টিকিট-বিক্রেতাকে যৎপরোনাস্তি অপমান, ইত্যাদি।

Dr. Wallerএর ভেকের চক্ষুতে বিদ্যুতের স্রোত সম্বন্ধে Paper এবং আমার উক্ত বিষয়-সম্বন্ধে কার্য্য এক সময়েই হয়। আশ্চর্য্য, তিনিও জীবনের 'অনুভূতির' রেখা পরিসর করিতে প্রয়াসী। তিনি প্রমাণ করিতেছেন যে, বৃক্ষেও অনুভূতি আছে, বীজেও রোপণ করিবার কয় দিন পর হইতে অনুভূতি-শক্তি বিকাশ পায়। এই স্থানেই জীবন ও মরণের প্রভেদ-রেখা। এস্থলে বলা আবশ্যক, অন্যান্য physiologistরা এই সামান্য বিষয়টি গলাধঃকরণ করিতে পারিতেছেন না। Wallerকে বাতুলশ্রেণীর মধ্যে গণ্য করেন। এইসব কারণে উক্ত Waller-এর স্বভাব অতিশয় কোপন হইয়াছে। কাহারও সঙ্গে তর্ক হইলেই হাতাহাতির কাছাকাছি। উক্ত Waller-ভক্ত একজন সহকর্ম্মীর সহিত আমার একজন ভক্তের অল্পদিন হইল ঘোরতর সংগ্রাম হইয়াছে। Waller-ভক্ত একস্থানে বলিতেছিলেন, "দেখ 'অনুভূতির রেখা' কতদূর প্রসারিত—জীবন ও মরণের রেখা ৪র্থ দিন মৃত্তিকায় প্রোথিত বীজে আবদ্ধ।" তখন বসুভক্ত বলিলেন, তাহা নহে—বীজের রেখায়, এমন কি মৃত্তিকায় পর্য্যন্ত, উক্ত রেখা প্রসারিত। তাহার পর যাহা হইল, তাহা মনে করিতে পারেন। বন্ধুরা বলিলেন, যে অন্ততঃ কয়েকমাস পর্য্যন্ত Waller কিংবা তাহার ভক্তের সংস্পর্শে আসা আমার পক্ষে অস্বাস্থ্যকর হইবে। দৈবের লিখন কে খণ্ডাইতে পারে, উভয়ের সঙ্গে দেখা হইয়াছে। আমার নিবেদন জানাইলাম তাঁহাকে। তাঁহারা স্তম্ভিত হইয়াছেন।

এই গেল পারিসের পালা। তাহার পর লন্ডনে আসিয়াছি। এখানে একজন physiologist আমার কার্য্যের জনরব শুনিয়াই বলিলেন, যে, কখনও হইতে পারে না, there is nothing common between the living and non-living। আর একজন বৈজ্ঞানিকের সঙ্গে ৪ ঘণ্টা কথা হইয়াছিল। প্রথম ঘণ্টায় ভয়ানক বাদানুবাদ, তারপর কথা না বলিয়া কেবল শুনিতেছিলেন, এবং ক্রমাগত বলিতেছিলেন, this is magic ! this is magic ! তারপর বলিলেন, এখন তাঁহার নিকট সমস্তই নূতন, সমস্তই আলোক। আরও বলিলেন, এইসব সময়ে accepted হইবে ; এখন অনেক বাধা আছে। আমার theoryপূর্ব্ব সংস্কারের সম্পূর্ণ বিরোধী, সুতরাং কোন-কোন physicists, কোন-কোন chemists এবং অধিকাংশ physiologists আমার মতের বিরুদ্ধে দণ্ডায়মান হইবেন। কোন কোন মহামান্য বৈজ্ঞানিকের theory আমার মত গ্রাহ্য হইলে মিথ্যা হইবে। সুতরাং তাঁহারা বিশেষ প্রতিবাদ করিবেন। এবার সপ্তরথীর হস্তে অভিমন্যু বধ হইবে ; আপনারা আমোদ দেখিবেন ; "বাহবা জান্টিপি, বাহবা সক্রেটিস" ; কিন্তু আপনাদের গরীব প্রতিনিধির প্রাণ ওষ্ঠাগত।

কিন্তু আপনাদের প্রতিনিধি রণে পৃষ্ঠভঙ্গ দিবে না। সে মনশ্চক্ষুতে দেখিবে, যে, তাহার উপর অনেক স্নেহদৃষ্টি আপাততঃ রহিয়াছে।

আমি সময়াভাবে সকলকে লিখিতে পারিলাম না, আমার বন্ধুজনকে সংবাদ দিবেন। আমি আসিবার পূর্ব্বে শ্রীযুক্ত মহারাজ ত্রিপুরাধিপের নিকট পত্র লিখিয়াছিলাম— পত্র লিখিলে তাঁহাকে আমার সংবাদ দিবেন। বন্ধুজায়াকে আমার বিশেষ সম্ভাষণ জানাইবেন।

আপনার

**শ্রী জগদীশচন্দ্র বসু**



British Association
Reception Room
Bradford.
10.9.(19)00

সুহৃৎ

গত পত্রে আপনাদের প্রতিনিধিকে মুমূর্ষ অবস্থায় দেখিয়াছিলেন। শুনিয়া সুখী হইবেন, সমস্ত সঙ্কট অতিক্রম করিয়া আপনাদের আশা অক্ষুণ্ণ রাখিয়াছে।

ভয়ের বিশেষ কারণ ছিল। আমার পূর্ব্ব Research সম্বন্ধে কোন বৈজ্ঞানিক পত্রে অতিপ্রশংসাবাদ ছিল (Save me from my friends)! এবং সেই সঙ্গে prof. Lodge এর theory সম্বন্ধে অপ্রশংসা ছিল বুঝিতেই পারেন। ইহাতে Prof. Lodge অতিশয় মনঃক্ষুণ্ণ ছিলেন এবং আমার theory-র প্রতিবাদ করিবার জন্য বদ্ধপরিকর হইয়া আসিয়াছিলেন— তাঁহার বন্ধুরা উপস্থিত ছিলেন, অন্যদিকে আমার পরিচিত কেহ ছিল না। আমার theory বুঝাইতে হইলে অন্যুন তিন ঘণ্টা আবশ্যক। অতিকষ্টে এক ঘণ্টায় যতটুকু হয় তাহা ভাবিয়া গিয়াছিলাম। সেদিন ৮টি প্রবন্ধ ছিল, গড়ে ১৫ মিনিট করিয়া বলিতে দেওয়া হইবে, হঠাৎ এই সংবাদ শুনিলাম। ১৫ মিনিটে কি বলিব?

আমার প্রবন্ধের মুখবন্ধেই দুই theory লইয়া বাদানুবাদ, আর আমার সম্মুখেই Lodge! কি করিব?

From the results of previous experiments Prof. Lodge was *led* to suppose, etc.---But these new investigation *seem* to point to the theory of molecular strain.Strain theory-র ফল এই; দেখুন ইহাতে সব মিলিয়া যায় কি না। মিনিটের অধিক সময় নাই, কেবল কয়জন ex. উপলক্ষ্য করিয়া বলিতেছিলাম। সকলেই Lodge-এর মুখের দিকে তাকাইতেছিল, আমিও এক-এক বার দেখিতেছিলাম। জন বুলের মনের ভাব মুখে প্রকাশ পায় না। তবে যখন শেষ হইল, বহু প্রশংসাধ্বনি শুনিলাম। President বলিলেন, কলিকাতার চন্দ্র বসু আমাদের সকলেরই সুপরিচিত, ইত্যাদি। তার পর বলিলেন, যদি কাহারও কিছু প্রতিবাদ করিবার থাকে, তবে এই সময়।

না, প্রতিবাদ করিবার কিছুই নাই। তারপর Lodge উঠিয়াও প্রশংসা করিলেন এবং বসুজায়ার নিকট যাইয়া বলিলেন,

"Let me heartily congratulate you on your husband's splendid work."

আমি মনে করিলাম, এই শেষ। আমার পূর্ব্ব স্থানে বসিয়া আছি, Lodge আসিয়া আমাকে দু-এক কথা জিজ্ঞাসা করিলেন। বুঝিতে পারিলাম, আস্তে আস্তে মন ভিজিতেছে। John Bullএর Love of Fair Play অতি আশ্চর্য্য। তারপর হঠাৎ দেখিলাম, যে, Lodge Presidentকে কি বলিতেছেন। তখন President বলিলেন, যে, অধ্যাপক বসুর অত্যাশ্চর্য্য দৃষ্টিসম্বন্ধে নূতন আবিষ্কারের বিষয়ে অনেকে শুনিতে আগ্রহ প্রকাশ করিতেছেন, পুনর্ব্বার তিনি যদি কিছু বলেন, তবে সুখী হইব। তারপর যখন বলি, তাহাতে সকলেই অতি বিস্মিত হইয়াছেন। বক্তৃতার পর Lodge বন্ধুদিগকে লইয়া আমার Stereoscope-এ M E R O ইত্যাদি দেখিয়া অতিশয় আশ্চর্য্য হইয়াছেন। আমাকে বলিলেন, "Yon have a very fine research in hand, go on with it"। হঠাৎ জিজ্ঞাসা করিলেন, "Are you a man with plent of means ? All these are very expensive and you have many years before you, your work will give rise to many others--- all very important"। আমি কথা কাটাইয়া দিলাম।

তার পরের দিন Prof. Barret আমাকে বলিলেন, "We had a talk last night (Lodge was one of us). We thought your time is being wasted in India, and you are hampered there, Can't you come over to England ? Suitable chairs fall seldom vacant here, and there, are many candidates. But there is just now a very good appointment (কোন সুপ্রসিদ্ধ Universityর নূতন Professorship) and should you care to accept it, no one else will get it."

এখন বলুন কি করি? এক দিকে আমি যে কাজ আরম্ভ করিয়াছি—যাহার কেবল outskirts লইয়া এখন ব্যাপৃত আছি এবং যাহার পরিণাম অদ্ভুত মনে করি, সেই কাজ amateurish রকমে চলিবে না। তাহার জন্য অসীম পরিশ্রম ও বহু অনুকূল অবস্থার প্রয়োজন। অন্যদিকে আমার সমস্ত মনপ্রাণ দুঃখিনী মাতৃভূমির আকর্ষণ ছেদন করিতে পারে না। আমি কি করিব, কিছুই স্থির করিতে পারিতেছি না। আমার সমস্ত inspiration-এর মূলে আমার স্বদেশীয় লোকের স্নেহ। সেই স্নেহবন্ধন ছিন্ন হইলে আমার আর কি রহিল?

এবার এইখানে শেষ করি। সর্ব্বদা পত্র লিখিবেন। বন্ধুদিগকে আমার কথা জানাইবেন।

মীরা* আমাকে ভুলিয়া গিয়াছে, আমি ভুলি নাই, বন্ধুজায়াকে আমার সাদর সম্ভাষণ জানাইবেন।

আপনার
**শ্রী জগদীশচন্দ্র বসু**

---

* মীরা : রবীন্দ্রনাথের কন্যা মীরা দেবী।



লন্ডন ৫ই অক্টোবর, ১৯০০
C/0. Messrs. Henry S. King & Co.
65, Cornhill, E, C.

সুহৃৎ,

অনেককাল আপনার পত্র পাই নাই। চিঠি না পাইলে কি লিখিতে নাই?

আমি কি রকম ব্যস্ত আছি, বুঝিতে পারেন। আমার অনেক নূতন বিষয় সংগ্রহ হইয়াছে। কি করিয়া লিখিয়া উঠিব, স্থির করিতে পারি না। আমি যা বলিয়াছি, তাহাতেই সকলে অত্যন্ত আশ্চর্য্য হইয়াছেন। কিন্তু আরও যাহা বলিবার আছে, তাহা আরও বিস্ময়জনক। একটা সু-খবর এই যে, আমি প্রথম প্রথম ভয় করিয়াছিলাম যে, কেহ বিশ্বাস করিবে না, কিন্তু সৌভাগ্যক্রমে আমার কার্য্যের উপর লোকের বিশ্বাস জন্মিয়াছে, কিন্তু তা বলিয়া অতি সাবধানে একটু-একটু করিয়া অনেক নূতন Experiment দিয়া আমার পথ প্রস্তুত করিতে হইবে। আমি যখন Paris-এ প্রথম বলি, তখন কাহারও মনে একটু-একটু সন্দেহ হইয়াছিল। তারপর Secretary যখন ৪ দিন সমস্ত শুনিলেন, তখন বলিলেন যে, সব সত্য, কিন্তু লোকের বুঝিতে সময় লাগিবে ; একেবারে বলিতে গেলে অবিশ্বাস হইবে ; আপনি জানেন এদেশে Crankএর সংখ্যা অতি বেশী ; একটা বিষয় দিনরাত্রি ভাবিয়া ভাবিয়া লোকের মাথা গরম হইয়া যায়, শেষে একই ধ্যান, একই জ্ঞান। এরূপ লোকের সহিত সাক্ষাৎ হইয়াছে, সুতরাং লোকের যে সন্দেহ হইতে পারে, তাহার জন্য সাবধান হইতে হইবে। আর এখানকার বৈজ্ঞানিকেরা নানা বিভাগে বিভক্ত। Chemist and Physicistএর মধ্যে ঘোরতর সংগ্রাম, Physiologistsরাও সেইরূপ। সেদিন আমাদের Physical Section-এ Chemist-দিগকে অতি সমাদরে অভ্যর্থনা করা হইয়াছিল। আমাদের President তাহাদিগের মন আকর্ষণ করিবার জন্য তাহাদিগের বিশেষ স্তুতিগান করিলেন। তাহার উত্তরে Chemist প্রবর উঠিয়া বলিলেন, "আমাদের ঝগড়া করিবার ইচ্ছা নাই, কিন্তু আপনারদের J.J Thompson*

* J.J.Thompson : আধুনিক পরমাণু বৈদ্যুতিক মতবাদ ও পবমাণু বিজ্ঞানের জনক। তিনি মাত্র ২৮ বছর বয়সে রয়্যাল সোসাইটির সদস্য নির্বাচিত হয়েছিলেন, ১৯০৬ সালে তিনি পদার্থবিজ্ঞানে নোবেল প্রাইজ পেয়েছেন।

সেদিন বলিয়াছেন যে, Atom অভিভাজ্য নহে, তাহা অপেক্ষাও ক্ষুদ্র অণু আছে। যাহারা আমাদের atom–এর উপর হাত তোলে, তাহাদিগের সহিত আমাদের চির সংগ্রাম, There will be trouble if you lay your hands on our indivisible and inviolate atom."

তারপর একজন Physiologist–এর সহিত দেখা হয়। তিনি আমার কার্য্যের বিশেষ প্রশংসা করিলেন এবং বলিলেন, "আশা করি আপনি অন্যান্য Physicist–এর ন্যায় আমাদের সুবৃহৎ Physiology-কে Physicsএর শাখা বলিয়া উড়াইয়া দিতে চাহেন না। একটা formula দিয়া সব explain করা, একি চালাকি? দেখুন আমি আজ দশ বৎসর যাবৎ নানা Curveসংগ্রহ করিতেছি। কখন উর্দ্ধে উঠিতেছে, কখন নিম্নে গমন করিতেছে, কি আশ্চর্য্য! কেন উঠে কেন নামে, কেহ জানে না এবং কেহ জানিবেও না। আসল কথা, উর্দ্ধে উঠে এবং নিম্নে নামে!"

সুতরাং বুঝিতে পারিতেছেন, আমাকে কিরূপ সন্তর্পণে জীবনযাত্রা নির্ব্বাহ করিতে হইতেছে।

আমার দু–একজন Physicist বন্ধু বলেন, যে, Psychology Science নহে সুতরাং ও বিষয়টা বাদ দিবেন। অর্থাৎ মনে হয়ত সন্দেহ হইয়াছে যে, এ লোকটা Oriental, যদি ওদিকে একবার ঝোঁক যায়, তাহা হইলে Physics ছাড়িয়া ওদিকে চলিয়া যাইবে। Podgeলিখিয়াছেন, Many congratulations on your very important and suggestive experiments, But go slowly, establish point by point and restrain inspiration.' Lord Rayleigh লিখিয়াছেন, "বড় তাড়াতাড়ি হইতেছে, ধীরে ধীরে!" Lodge এবং Rayleighএর নিকট এখনও সব কথা খুলিয়া বলিতে সময় হয় নাই। একজনকে বলিয়াছি, তিনি বলিলেন, "How can you sleep over all this ? Are you so certain of life? Write night and day and publish them at once!"

জীবনের কথা কেহ বলিতে পারে না; নতুবা ইচ্ছা ছিল, ভারতবর্ষ হইতে এক নূতন School of Workers হইতে এক সম্পূর্ণ নূতন বিষয় প্রকাশিত হইবে। আপনারা কেন এই কার্য্যক্ষেত্র প্রস্তুত করিলেন না? তাহা হইলে এক বিষয়ের কলঙ্ক চিরকালের জন্য মুছিয়া যাইত। জীবন অনিত্য বলিয়াই আমাকে তাড়াতাড়ি প্রকাশ করিতে হইতেছে। আমি দেশ হইতে আসিবার সময়ও জানিতাম না, যে, কি বিশাল ও অনন্ত বিষয় আমার হাতে পড়িয়াছে। সম্পূর্ণ না ভাবিয়া যে থিওরি প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছি, তাহার অর্দ্ধপরিস্ফুটিত প্রতি কথায় কি আশ্চর্য্য ব্যাপার নিহিত আছে, প্রথমে বুঝি নাই। এখন সব কথার অর্থ করিতে যাইয়া দেখি, যে, ঘোর অন্ধকারে অকস্মাৎ জ্যোতির আবির্ভাব হইয়াছে। যে দিকে দেখি, সে দিকেই অনন্ত আলোক–রেখা। জন্ম–জন্মান্তরেও আমি ইহার শেষ করিতে পারিব না। আমি কোন্‌টা ছাড়িয়া কোন্‌টা ধরিব, তাহা স্থির করিতে পারিতেছি না। আবার এদিকে আমার এখানকার সময়ও ফুরাইয়া আসিতেছে। মনে করিয়াছিলাম যে, Royal Institution–এ কত দিন experiment করিব এবং সেজন্য কতকগুলি নূতন কল প্রস্তুত করিতেছিলাম। কিন্তু দুর্ভাগ্যক্রমে আমার শারীরিক অসুস্থতার জন্য তাহাতে বাধা পড়িয়াছে। এখানে আসিয়া Dr. Crombieর সহিত দেখা করিয়াছিলাম। তিনি বলিলেন, যে, আভ্যন্তরিক কি গোলমাল হইয়াছে, শীঘ্র চিকিৎসা না করিলে আশঙ্কার কারণ। কঠিন operation আবশ্যক, তাহাতে বিশেষ ভয় নাই, তবে প্রায় ৫ সপ্তাহ শয্যাগত থাকিতে হইবে। সুতরাং

আমার কার্য্যে বড় বাধা পড়িল। এখন experiment করার আশা ছাড়িয়া দিতে হইল। যদি আমার যে-সব কার্য্য হইয়া গিয়াছে। তাহা লিখিয়া যাইতে পারিতাম, তবে কিছুই ভাবিতাম না। আমি লিখিতে চেষ্টা করিতেছি, কিন্তু বেশী লিখিতে পারি না। আর ৪ টি নূতন বিষয়ে লেখা আবশ্যক, তাহার জন্য দেরী হইতেছে। দেরী করাও ভাল নয়।

উপরোক্ত বিষয়টি কেবল দু-এক বন্ধুকে জানাইবেন। বৃথা চিন্তা বৃদ্ধি করিবার আবশ্যক নাই।

সর্ব্বদা পত্র লিখিবেন।

আপনাব
**জগদীশ**



লন্ডন

সুহৃৎ ১২/১০/১৯০০

আপনার পত্র পাইয়া অতিশয় সুখী হইলাম।

আমার Theory আস্তে আস্তে প্রচলিত হইতেছে। অনেকে বিশেষ উৎসাহ প্রকাশ করিতেছেন। প্রথম প্রথম সকলে অবাক হইয়াছিলেন, এখন বুঝিতে পারিতেছেন। একখানা বৈজ্ঞানিক পত্রে লেখা হইয়াছে, যে,

...............by far the most striking contribution to Prof. J. C.Bose. This remarkable paper goes to the heart of physical things in a way that makes the reader gasp *and hold on to something lest he should fall into the infinte* When it is stated that Dr. Bose actually treats of his successful experiments with an artificial retina, which respons to invisible as well as visible lights, it is unnecessary to say more for the astounding character of his researches One of our electrical contemporaries goes so far as to remark of Dr. Bose's results, that they seem to bring us to the brink of a stupendous generlisation in the physical sciences ; and the observation is no exaggeration."

"Falling into the Infinite" is good !

তারপর কাগজে Coherence theory ভুল, আর আমার theory ঠিক, এ-বিষয় লইয়া লেখালেখি চলিতেছে। মহাশয় লজ সাহেব এরূপ ধৃষ্টতা আর যে বেশী দিন সহ্য করিবেন, তাহা মনে হয় না। আমি নির্দ্দোষী— আমি কেবল বলিয়াছিলাম, "হুজুর যাহা বলিয়াছেন, তাহা ঠিক্ ; আর আসামী-পক্ষ হইতেও কিছু বলিবার আছে।" একটা Cutting পাঠাই। কলিকাতায় যে বৈদ্যুতিক আলো-বিভ্রাট মধ্যে মধ্যে হইয়া থাকে, তাহা লইয়া বিশেষ আন্দোলন চলিতেছে। আমার theoryতে তাহার মর্ম্ম বোঝা যায়। তাহাই লইয়া Correspondence.

যেরূপ গোলমেলে বিষয় লইয়া আছি, তাহার সব সূত্র মূল সূত্রে মিলিয়াছে। তবে একটি-একটি করিয়া বাহির করা কি বিপদ বুঝিতে পারেন। সমস্তক্ষণ ভাবিয়া ভাবিয়া একটি বিষয়ের কূলকিনারা করি, সে বিষয় তখন তখন শেষ না করিলে পুনরায় গোলমাল লাগিয়া যায়। অনেক দিন সাধনা করিলে একদিন জ্যোতির্ম্ময় হয়, কিন্তু কোন distraction আসিলে আর কিছু দেখিতে পারি না। এখন কয়েকদিন কাজ করিলে অনেক বিষয় লেখা হইবে। আবার এদিকে ডাক্তার কি লিখিয়াছেন, দেখিবেন*। সেই রুগ্নশয্যা হইতে উঠিলে আমার এই সমস্ত vision ফিরিয়া আসিবে কিনা জানি না। কি করিব এখনও স্থির নাই।

আপনার

শ্রী জগদীশচন্দ্র বসু

* সর্ব্বদা চিঠি লিখিবেন



লন্ডন
২রা নভেম্বর ১৯০০

বন্ধু,

তোমার দুখানা পত্র পাইয়া অতিশয় সুখী হইয়াছি। আজ প্রায় দুমাস যাবত অহোরাত্র মনের ভিতর সংগ্রাম চলিতেছে। এখানে থাকিব, কি দেশে ফিরিয়া যাইব। তুমিও কি আমাকে প্রলুব্ধ করিবে?

ভাবিয়া দেখ। যদি সকলেই আমাদের বোঝা ফেলিয়া চলিয়া আসি, তবে কে ভার বহিবে?

আরও মনে করিয়া দেখ, তিন বৎসর পূর্ব্বে আমি তোমার নিকট একপ্রকার অপরিচিত ছিলাম। তুমি স্বতঃপ্রবৃত্ত হইয়া ডাকিলে। তারপর একটি একটি করিয়া তোমাদের অনেকের স্নেহবন্ধনে আবদ্ধ হইলাম। তোমাদের উৎসাহধ্বনিতে মাতৃস্বর শুনিলাম! আমার নিজের আশা ও দুরাশা অনেক কাল পূর্ণ হইয়াছে, কিন্তু তোমাদের স্নেহের প্রতিদান করিতে আমি অসমর্থ। আমি অনেক সময়ে একেবারে শ্রান্ত ও অবসন্ন হইয়া পড়ি; কিন্তু তোমাদের জন্য আমি বিশ্রাম করিতে পারি না। তোমরা আমাকে এরূপ বাঁধিয়াছ। তোমাদের পশ্চাতে আমি এক দীনা চীরবসনপরিহিতা মূর্ত্তি সর্ব্বদা দেখিতে পাই। তোমাদের সহিত আমি তাঁহার অঞ্চলে আশ্রয় পাই। আমি ভাষায় সে-সব কথা কি করিয়া প্রকাশ করিব? তুমি বুঝিবে।

সাধারণতঃ লোকের যে-সব বন্ধন থাকে, তাহা হইতে আমি মুক্ত। কিন্তু আমি সেই অঞ্চল-ডোর ছেদন করিতে পারি না।

আমি অনেক সময়ে না ভাবিয়া লিখি। অনেক সময় বিনা চেষ্টায় মনে অনেক ভাব আসে। শেষে আশ্চর্য্য হই। সে-সব আমার অতীত; কে আমাকে এ-সব কথা শুনাইতেছেন?

আমার হৃদয়ের মূল ভারতবর্ষে। যদি সেখানে থাকিয়া কিছু করিতে পারি, তাহা হইলেই জীবন ধন্য হইবে। দেশে ফিরিয়া আসিলে যে-সব বাধা পড়িবে, তাহা বুঝিতে পারিতেছি না। যদি আমার অভীষ্ট অপূর্ণ থাকিয়া যায়, তাহাও সহ্য করিব।

গতকল্য Sir William Crookes-এর নিকট হইতে একখানা চিঠি পাইয়াছি ; তিনি লিখিয়াছেন, "I have read the most interesting account of your researches with extremte interest. I wonder whether I could induce you to deliver a lecture on these or kindred subjects of research before the Royal Institution. If you could do so, I shall be very glad to put your name down for a friday Evening Discourse after Easter of 1901. I have a vivid recollection of the great Pleasure you gave us all on the occassion when you lectured a few years ago."

Royal Institution–এ Fray Evening Discourse দিতে পারিলে আমি অতিশয় গৌরবান্বিত হইতাম। বিশেষতঃ সে স্থানে experiment দেখাইতে পারিলে আমার সমস্ত theory বুঝাইতে পারিতাম। অনেকে এইরূপ নূতন theory দেখিয়া এখন সম্পূর্ণ বুঝিয়া উঠিতে পারেন নাই। কেহ বলিলেন, "Why, if this goes on, we shall have to write entirely new text-books of Physics"। সুতরাং এখন experiment দিয়া বুঝাইলে নূতন মত প্রচারের সুবিধা হইবে। নতুবা অনেকেই বুঝিতে পারিবেন না। দুঃখের বিষয় এই যে Easter–এর পূর্ব্বেই আমার ছুটী ফুরাইয়া আসিবে। ছুটী চাহিতে ইচ্ছা করে না, আর চাহিলেও পাইব কিনা সন্দেহ। এদিকে সেই Dr. Waller, the great physiologist–এর সহিত সাক্ষাৎ হইয়াছিল। আমি এখানকার প্রধান Physiological Society–তে বক্তৃতা করিতে আহুত হইয়াছি। Dr. Waller প্রথম প্রথম অতিশয় বিরোধী ছিলেন। পরিশেষে কতক কতক বুঝিতে পারিয়া অতিশয় excitedly বলেন, "It appears that your work will probably upset mine. Thruth is truth and I don't care a d---, if I am proved to be. in the wrong. So come and work ; I will place my laboratory at your disposal. Teach me of let us work together."

আমার সম্মুখে কত কাজ অসম্পূর্ণ অবস্থায় রহিয়াছে বলিতে পারি না। এ পর্য্যন্ত কিছু করিতে পারি নাই। কল প্রস্তুত করিতে অনেক সময় লাগিতেছে। এতদিনে অনেকের সহিত আলাপ–হওয়াতে কার্য্য আরম্ভ করিবার সুবিধা হইতেছে। এখন দুই বৎসর এখানে থাকিতে পারিলে অনেকটা শেষ করিতে পারিতাম। Physiological Laboratory ইত্যাদি দেশে পাইব না। আমি কি করিব স্থির করিতে পারিতেছি না। এই সময়ে বাধা পড়িলে পুনরায় কয়েক বৎসর পর আরম্ভ করিতে অনেক সময় নষ্ট হইবে। আর এক সময়ে লোকে interest হইয়াছে, এখন করিতে পারিলেই ভাল হইত। আমি মনে করিতেছি যে, দেশে ফিরিয়া আসিয়াই দুবৎসর ছুটী লইয়া এদেশে থাকিব। তারপর প্রতি তিন বৎসর পর এক বৎসর ছুটী লইয়া এদেশে থাকিব। যদি অপরের মুখাপেক্ষা না করিয়া থাকিতে পারি, তাহা হইলে এইরূপে অনেকটা কার্য্য উদ্ধার করিতে পারিব।

আমার যে অসুখ হইয়াছিল, তাহা এখন অনেকটা ভাল হইয়াছে। কিন্তু দেশে যাইবার পূর্ব্বে operation করা আবশ্যক হইবে। আমি আমার কতকগুলি paper শেষ করিয়া ডাক্তারের হস্তে জীবন অর্পণ করিব।

এখন তোমার বিষয়ে দু–একটি কথা লিখিব। তুমি যে cutting পাঠাইয়াছ, তাহাতে আমি একটুও সন্তুষ্ট হই নাই। তুমি পল্লীগ্রামে লুক্কায়িত থাকিবে, আমি তাহা হইতে দিব না। তুমি তোমার কবিতাগুলি কেন এরূপ ভাষায় লিখ যাহাতে অন্য কোন ভাষায় প্রকাশ করা

অসম্ভব? কিন্তু তোমার গল্পগুলি আমি এদেশে প্রকাশ করিব। লোকে তাহা হইলে কতক বুঝিতে পারিবে। আর ভাবিয়া দেখিও, তুমি সার্ব্বভৌমিক। এদেশের অনেকের সহিত তোমার লেখা লইয়া কথা হইয়াছিল। একজনের সহিত কথা আছে (শীঘ্রই তিনি চলিয়া যাইবেন) যদি তোমার গল্প ইতিমধ্যে আসে তবে তাহা প্রকাশ করিব। Mrs. Kinghtকে* অন্য একটি দিব। প্রথমোক্ত বন্ধুর দ্বারা লিখাইতে পারিলে অতি সুন্দর হইবে। তারপর লোকেনকে ধরিয়া translate করাইতে পার না? আমি তাহাকে অনেক অনুনয় করিয়া লিখিয়াছি।

তোমার নূতন লেখা অনেক দিন যাবৎ পাঠাও নাই, পাঠাইও। আমি মনে করি, তোমার কবিতা চিরকালের জন্য। তোমার লেখা আমাকে যেরূপ জ্বলন্ত করে, সেরূপ যেন অসংখ্য লোককে করিতে পারে।

তোমার
**জগদীশ**

বন্ধুজায়া এবং তোমার পুত্রকন্যাকে আমার সম্ভাষণ জানাইও।

---

* **Mrs. Knight : তিনি বঙ্কিমচন্দ্রের বিষবৃক্ষ ও প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প সংকলন ইংরেজীতে অনুবাদ করেছেন।**



২৩ এ নবেম্বর ১৯০০

সুহৃৎ,

আমার সঙ্গে বিশেষ সংবাদদাতা পাঠাইলে পারিতে ; অনেক কথা, লিখিবার সময় নাই। এখানকার আর–এক Wireless Telegraphyর লোকেরা আমার প্রথামত কল প্রস্তুত করিয়া আশাতীত ফল পাইয়া আমাকে এ সম্বন্ধে অনুসন্ধান করিতে বিশেষ অনুরোধ করিতেছেন। তাছাড়া Royal Institution হইতে Friday Evening Discourse দিবার জন্য বিশেষ অনুরোধ আসিয়াছে। Sir William Crookes বিশেষ প্রশংসাবাদ করিয়া লিখিয়াছেন। তাঁহারা আমাকে London–এর full Season সময়ে অর্থাৎ এপ্রিলের শেষে বক্তৃতা দিতে অনুরোধ করিয়াছেন— তখন আমার ছুটী ফুরাইয়া যাইবে। সকলে বলিতেছেন, যে, আমার কার্য্য শেষ না করিয়া যেন না যাই। ছুটীর জন্য আবেদন করিয়াছি ; জানি না পাইব কিনা। আমার চিকিৎসার জন্য ১৫ দিন পর যাইব।

তোমার পুস্তকের জন্য আমি অনেক মতলব করিয়াছি। তোমাকে যশোমণ্ডিত দেখিতে চাই। তুমি পল্লীগ্রামে আর থাকিতে পারিবে না। তোমার লেখা তরজমা করিয়া এদেশীয় বন্ধুদিগকে শুনাইয়া থাকি, তাঁহারা অশ্রু সম্বরণ করিতে পারেন না। তবে কি করিয়া publish করিতে হইবে, এখনও জানি না। publisher রা ফাঁকি দিতে চায়। সে যাহা হউক, তোমার ভাগে কেবল Glory, লাভালাভের ভাগ্য আমার। যদি কিছু লাভ হয়, তাহার অৰ্দ্ধেক তরজমাকারীর, আর অৰ্দ্ধেক কোন সদনুষ্ঠানের। ইহাতে তোমার আপত্তি আছে কি ? আমি অনেক Castles in the air প্রস্তুত করিতেছি।

এবার যদি তোমার নাম প্রতিষ্ঠিত করিতে পারি, তাহা হইলেই যথেষ্ট মনে করিব। ৬টি গল্প বাহির করিতে চাই। শীঘ্র তোমার অন্যান্য গল্প পাঠাইবে। Mrs. Knightকে দেই নাই। অন্যরূপে চেষ্টা করিব।

তোমার

**জগদীশ**



C/o Messrs Henry S.king & Co.
লন্ডন, ৩রা জানুয়ারী ১৯০১

বন্ধু,

সীজারের জাহাজ ডুবিয়া যায় নাই বলিয়া যে আমার ক্ষুদ্র ডিঙ্গি রক্ষা পাইবে, একথা বিশ্বাস হয় নাই। এখন দেখিতেছি যে, ভাগ্যলক্ষ্মী আমার উপর সীজার অপেক্ষাও সুপ্রসন্ন। কারণ যখন ব্রুটাস্ সীজারের পেটে ছুরী বসাইয়া দিয়াছিলেন, তখন উক্ত সীজার অবিলম্বে পপাত চ, মমারচে! অথচ যখন তিনজন ডাক্তার আমার উদর বিদারণ করিয়া ১৷৷০ ঘণ্টাকাল অতি সহর্ষে অস্ত্রচালনা করিয়াছিলেন, তারপর যে আমি ভবধামে ফিরিয়া অসিব, ইহা কল্পনাতীত। ক্লোরোফর্ম্মের নেশা যখন চলিয়া যায়, তারপর জীবনের উপর একান্ত ধিক্কার জন্মিয়াছিল। এবং আহার ত্যাগ করিয়াছিলাম। তখন তোমার বন্ধুজায়া আমার নিকট মাছের ঝোল ডাল ভাত রাখিতে আরম্ভ করিলেন,— এমনকি বিদেশী মৎস্য দেশীরূপে কর্ত্তিত হওয়াতে আমাকে ভ্রান্ত করিয়াছিল, — তখন স্বদেশ (আহার) প্রেম জীবন অপেক্ষাও প্রিয়তর হইয়াছিল। এইরূপে প্রায় চার সপ্তাহ পর এখন একটু একটু করিয়া বল পাইতেছি। আরও চার সপ্তাহ পর্য্যন্ত বিশ্রাম করিতে হইবে, পরে কাজ আরম্ভ করিতে পারিব।

আমি আর এক বৎসরের ছুটী চাহিয়াছিলাম, তাহার পরিবর্ত্তে ছয় মাস পাইয়াছি। সুতরাং সমস্ত কার্য্য সমাধা করিতে পারিব না। জার্ম্মেনী ইত্যাদি স্থানে বক্তৃতা করিবার নিমন্ত্রণ রক্ষা করিতে পারিব না।

তুমি আমার কার্য্যের সফলতার সমস্ত খবর চাহিয়াছ। That is adding insult to injury, as the parrot said when they not only brought him from his native county, but also made him speak English ! আমাকে যদি কাজ করিয়া পরিশেষে তাহার কাহিনী বর্ণনা করিতে হয় তাহা হইলে injiury-র সহিত insult করা হইবে। তোমার স্বয়ং আসা উচিত্ ছিল, অথবা বিশেষ সংবাদদাতা প্রেরণ করিলে পারিতে !

শুনিয়া সুখী হইবে, Sir William Crookes পুনঃ-পুনঃ আমাকে Royal InstiutionএFriday Evening Discourse দিবার জন্য অনুরোধ করিয়াছেন। ছুটী মঞ্জুর হইয়াছে শুনিয়া লিখিয়াছেন, I am looking forward to the great treat of hearing you at the R. Institution.

তোমাকে হয়ত পূর্ব্বে লিখিয়াছি যে, বিখ্যাত ইলেকট্রিকাল কোম্পানী Messrs. Muirhead & Co. আমার Suggestions অবলম্বন করিয়া Wireless Telegraphy সম্বন্ধে অতি আশ্চর্য্য ফল লাভ করিয়াছেন। তিনি আঁরও বলিয়াছেন, যে, এতদিন পর্য্যন্ত তাঁহারা না বুঝিয়া অন্ধকারে ঘুরিতেছিলেন ; অনেক বিষয়ে বৃথা চেষ্টা করিয়া হতাশ্বাস হইয়াছিলেন, কিন্তু আমার থিওরি অনুসারে এখন ঠিক পথে যাইয়া অনেক উন্নতিলাভ করিতে পারিয়াছেন। আমি আর একটি নূতন paper লিখিয়াছি, তাহাতে practical wireless telegraphyর অনেক প্রকার সুবিধা হইবে মনে হয়। Dr. Muirhead আমাকে নূতন আবিষ্কারগুলি গোপনে রাখিতে অনুরোধ করিতেছেন ; কিন্তু আমার এখানে সময় অল্প, আমার আরও অনেক কাজ করিতে হইবে। একবার যদি অর্থকরী বিদ্যার দিকে আকৃষ্ট হই, তাহা হইলে আর কিছু করিতে পারিব না। তোমাকে আমি বুঝাইতে পারিব না, আমি কি এক নূতন রাজ্যে উপস্থিত হইয়াছি, কি আশ্চর্য্য নূতন তত্ত্ব একটু একটু করিয়া দেখিতে পাইতেছি। সে-সব আমি এখন ভাষায় প্রকাশ করিতে পারিতেছি না ; সেগুলি দিন দিন পরিষ্কাররূপে দেখিতে পাইব, তাহার কোন সন্দেহ নাই ; কিন্তু একভাবে দিনের পর দিন সেই সত্যলাভের জন্য ধ্যান করিতে হইবে। সেই একাগ্রতার ভাব যদি কোনরূপে disturbed হয়, তাহা হইলে আমার দৃষ্টিশক্তি একেবারে লুপ্ত হইয়া যায়। আর আমি এ পর্য্যন্ত যাহা করিয়াছি, তাহা অতি সামান্য, আরও অনেক আছে, কিন্তু সে-সব করা অনেক সময় ও অর্থসাপেক্ষ। যেরূপ করিয়া, যেরূপ সম্পূর্ণরূপে কার্য্য করিতে হয় তাহা করিতে আমি সুবিধা পাই নাই। আমার কার্য্যগুলি এরূপ অসম্পূর্ণরূপে প্রকাশ করিতে আমার বড় কষ্ট হয়। Dr. Waller, যিনি ভেকের চক্ষু লইয়া investigate করিতেছেন, তাঁহার নিজের Laboratory দেখিতে গিয়াছিলাম। সে-সব দেখিয়া আমি ঈর্ষাজর্জ্জরিত হইয়াছি। তিনি স্বয়ং, দুইজন assistant(ইহার মধ্যে একজন Doctor of Science) এবং তাঁহার সহধর্ম্মিণী, এই ৪জন প্রত্যুষ হইতে গভীর রাত্রি পর্য্যন্ত প্রত্যহ কার্য্য করিতেছেন। সেই Laboratoryর এক কোণে আহার্য্য দ্রব্য রহিয়াছে, যেন আহারের সময় কার্য্য-বিরাম না হয়। আর সেই Laboratoryর বর্ণনা তোমাকে কি করিয়া দিব ! সমস্ত সপ্তাহে ৫ ঘণ্টা তাঁহাকে Lecture দিতে হয় তাহাই তাঁহার পক্ষে অসহ্য হইয়াছে,এজন্য কাজ ছাড়িয়া দিবেন ভাবিতেছেন। Experiment-এর ফল photography দ্বারা স্বতঃ recorded হইতেছে। এইরূপ সম্পূর্ণতার সহিত কাজ চলিতেছে—আর আমার কাজ ভাবিয়া দেখ।

তোমার পূর্ব্বপত্রে, আমি যাহাতে স্বাধীনরূপে একটু কার্য্য করিতে পারি, এ সম্বন্ধে একটি প্রস্তাব লিখিয়া, আমার মত জানিতে চাহিয়াছ। এ সম্বন্ধে আমি কি বলিব ? তুমি আমার হইয়া যাহা ভাল মনে কর আমি তাহাই করিব। তবে এ সম্বন্ধে দু-একটি বিষয় তোমাকে জানাইতেছি।

(১) তুমি কি মনে কর যে, স্বতঃপ্রবৃত্ত হইয়া দু-একজন ব্যতীত কেহ আমার কার্য্যে সাহায্য করিতে ব্যগ্র ? দেখ, আমি দু-একজনকে সন্তুষ্ট করিতে পারি। কিন্তু তাহার অধিক করিতে সমর্থ হইব না।

(২) আর এক কথা এই যে, যদিও নিম্নকর্ম্মচারী হইতে আমি বাধা পাইয়াছি, কিন্তু Lt. Governor আমাকে বিশেষ অনুগ্রহ করিয়াছেন। কিন্তু বাইরে এই দুই রাজশক্তির বিভিন্নতা

লোকে বুঝিবে না। আমি কোনরূপে অকৃতজ্ঞতা-দোষে দোষী হইতে চাহি না। যদি আমার কার্য্যে কেহ সাহায্য করেন, তবে তাহা যেন আমার কার্য্যে সন্তুষ্টি হইতে হয়, রাজপুরুষদের উপর সন্তোষ কিম্বা অসন্তোষ হইতে না হইলেই ভাল হয়।

(৩) যদি বক্তৃতা কিম্বা পুস্তক প্রকাশ করিয়া আমি তোমাদিগকে সন্তুষ্ট করিতে পারি, তাহা হইলে সুখী হইব।

আমাকে প্রতি তৃতীয় বৎসরে এদেশে আসিয়া আমার কার্য্য সম্বন্ধে প্রচার করিতে হইবে।

প্রেসিডেন্সী কলেজের সহিত সংশ্রব সহজে একেবারে কাটিতে চাহি না, কারণ তাহা হইলে আমার কার্য্যে কোন বাঙ্গালী নিযুক্ত হইবে না। দ্বিতীয়তঃ অন্যান্য ছাত্রদিগের অনুসন্ধান-কার্য্যে তাহা হইলে সুবিধা হইবে না। তবে কতদিন প্রেসিডেন্সী কলেজে থাকিতে পারিব, সে-সম্বন্ধে সন্দেহ আছে।

আমি Society of Artsএ Science in Ancient and Modern India সম্বন্ধে বক্তৃতা করিব। তুমি এ সম্বন্ধে Medicine, Astronomy, Chemistry যাহা যাহা সংগ্রহ করিতে পার, পাঠাইও। আগামীবারে লিখিব। বন্ধুজায়াকে আমার সম্ভাষণ জানাইও।

তোমার

**জগদীশ**



C/o Messrs. Henry S. King & Co.
65 Cornhill, London.
3rd May, 1901.

বন্ধু,

তোমার "নৈবেদ্য" সময়মত আসিয়াছে। আমার পরীক্ষার আর ৭ দিন বাকী আছে, তখন তোমাদের ধ্বজা এই পশ্চিম জগতে উত্থিত করিতে পারিব কি না, তাহার পরীক্ষা হইবে।

আমি একঘণ্টা সময়ের মধ্যে অতি দুরূহ বিষয় পরিষ্কার করিয়া বুঝাইতে পারিব কি না জানি না। সমস্ত বিজ্ঞান আচ্ছন্ন করিয়া নূতন এক মহান সত্য যাহা দেখিতে পাইতেছি, তাহা দু'একদিনের প্রচার করিবার আশা করি না।

আমি যে-বিষয় British Association-এ বলিয়াছিলাম, তাহা দুরূহ বৈদ্যুতিক নূতন বিষয়, সুতরাং Physiologis -রা হঠাৎ বুঝিয়া উঠিতে পারেন নাই ; আর physiology যে physics-এর অন্তগর্ত, ইহা বিশ্বাস করিতে চাহেন না। আমি সেই বিশ্বাস যে একদিনে দৃঢ় করিতে পারিব তাহা মনে করি না। জীবন যে একটা মহান সত্তা—জড়জগতের হইতে বহু উচ্চে স্থাপিত, একথা এদেশের বৈজ্ঞানিক ও খৃষ্টধর্ম্ম বিশ্বাসী লোকের সহজ জ্ঞান স্বরূপ।

তবে সম্পূর্ণ নূতন উপায়ে, এক অতি আশ্চর্য্য আবিষ্ক্রিয়ার ফলে আমি সেই সত্য প্রমাণ করিতে পারিব, তাহার কোন সন্দেহ নাই। কোন কোন Physiologist বলিয়াছিলেন যে, আপনি metallic particles লইয়া experiment করিয়াছেন। আমরা solid ; কোন Solid meta- এ চিম্‌টি কাটিয়া তাহার অনুভূতিচিহ্ন যদি দেখাইতে পারেন তাহা হইলে দ্বিধা থাকে না।

আমি এক নূতন কল প্রস্তুত করিয়াছি,- তাহাতে এই চিম্‌টি কাটিবার ফলে যে অনুভূতিরূপ স্পন্দন হয় তাহা Automatically recorded হয়। সেই record আর আমাদের শরীরে চিম্‌টি কাটিলে যে record হয় (যাহার record physiologist রা পাইয়াছেন), তাহার মধ্যে কোন প্রভেদ নাই। আর জীবনের স্পন্দন যেরূপ নাড়ী দ্বারা বোঝা যায়, সেইরূপ জড়েরও জীবনীশক্তির স্পন্দন আমার কলে লিখিত হয়।

তোমার নিকট এক অতি আশ্চর্য্য record পাঠাইতেছি। স্বাভাবিক নাড়ীর ক্রিয়া দেখিবে, তারপর বিষপ্রয়োগে নাড়ীর স্পন্দন বিলোপ হইতেছে দেখিবে। জড়ের উপর বিষপ্রয়োগ হইয়াছিল।

কি অত্যাশ্চর্য্য নূতন জগৎ আমার সম্মুখে প্রতিভাসিত হইয়াছে বলিতে পারি না। কি অসীম নূতন সত্য সম্মুখে রহিয়াছে।

একদিন মনে করিয়াছিলাম যে, এমন দিন কবে আসিবে যে দেশ-দেশান্তর হইতে জ্ঞান-আহরণের জন্য ভারততীর্থে লোকসমাগম হইবে। সেই আশা পূর্ণ হইয়াও হইল না। আমার সমস্ত পুঁজি এদেশে রাখিয়া রিক্তহস্তে ফিরিতে হইবে। কারণ, আমাদের দেশবাসীরা কেবল অতীতের গৌরবে অন্ধ হইয়া আছেন। বর্ত্তমান কালে আমাদের যত অধোগমন হউক না কেন, আমরা অতীতকালের কথা স্মরণ করিয়া উৎফুল্ল থাকিব। সেই কথা স্মরণ করিতে আমাদের কি অধিকার? এই নৈরাশ্যের মধ্যে তোমার কথা শুনিয়া আশ্বস্ত হইলাম।

মোর কল্পনাতীত— কি তাহার কাজ— কোন্ পথ তার পথ? বন্ধু, তুমি এই বিশ্বাস চিরকাল প্রচার করিও। আমরা জানি না, আমরা কোন ফলের আশা করি না, তবু যেন আমাদের কার্য্য করিবার শক্তি নির্ম্মল না হয়। কোনদিনে কোনকালে আর কেহ দেখিবে। বিশ বৎসর পরে আমরা কেহ রহিব না, কিন্তু আমাদের আশার উচ্ছ্বাস যেন চিরজীবন্ত থাকে।

তোমার নিকট পরামর্শ চাই। অন্ততঃ আরও ৫ বৎসর এখানে থাকিতে পারিলে এই কার্য্য কোনরূপে সমাধা হইতে পারে, দেশে ফিরিলে (যতদূর বুঝিতে পারিতেছি) সব কার্য্যের বিরাম। এদেশে আর কিছুকাল থাকিব কি? আরও ইচ্ছা হয় যে জার্ম্মেনী ফ্রান্স আমেরিকা ইত্যাদি দেশে এ বিষয় প্রচার করি। কি মনে কর?

ছবি পাঠাইয়াছ, বড় সুখী হইয়াছি। আমার অনেক কালের রুদ্ধ স্নেহ তোমার কন্যার মুখ দেখিয়া জাগিয়া উঠিয়াছে। তুমি যে দান করিবে বলিয়াছিলে, সে-কথা ভুলিও না।

তোমার সহধর্ম্মিণীকে আমার সম্ভাষণ জানাইও।

তোমার
**জগদীশ**

লন্ডন। ১৭ই মে, ১৯০১

বন্ধু,

তুমি আমার সংবাদ জানিবার জন্য ব্যস্ত আছ। বক্তৃতার আগের দিন বৃহস্পতিবার পর্য্যন্ত কি বলিব স্থির করিতে পারি নাই। এক ঘণ্টার মধ্যে Physiology, Physics, এবং Chemistryর দুরূহ শেষ মীমাংসা হইতে আরম্ভ করিয়া এই নূতন বিষয় কি করিয়া বুঝাইব? আর Experiment গুলিও অতি কঠিন। কতকগুলি কল শেষ দিন মাত্র প্রস্তুত হইল। তারপর একটি ঘটনা হইল, সে-কথা স্মরণ করিলে আমার এখনও রোমাঞ্চ হয়। আমি বৃহস্পতিবার দিন দুপ্রহরের সময় একেবারে নিরুদ্যম হইয়া শয়ন করিয়াছিলাম; আমার কি এক গভীর কষ্টে বুক ফাটিতেছিল, তোমাদের এত দিনের আশা কেবল আমার শারীরিক দুর্ব্বলতার জন্য নির্ম্মূল হইবে একথা মনে করিয়া যে কি গভীর যাতনা পাইয়াছিলাম, তাহা বলিতে পারি না। এমন সময় এক আশ্চর্য্য unscientific ঘটনা ঘটিল। হঠাৎ ছায়াময়ী মূর্ত্তি দেখিলাম, বিধবার বেশ-ধারিণী, কেবল এক পার্শ্বের মুখ দেখিতে পাইলাম। সেই অতি শীর্ণ, অতি দুঃখিনীর ছায়া বলিল, 'বরণ করিতে আসিয়াছি'। তারপর মুহূর্ত্তের মধ্যে সব মিলাইয়া গেল।

জানি না, কেন এরূপ হইল। কিন্তু সেই মুহূর্ত্ত হইতে আমার সব যন্ত্রণা দূর হইল। কি হইবে আর কিছুমাত্র ভাবি নাই। কি বলিব তাহাও আর ভাবিলাম না। তারপর দিন যখন শ্রোতৃমণ্ডলীর মধ্যে উপস্থিত হইলাম তখন কিয়ৎক্ষণ মাত্র অনির্ব্বচনীয়ভাবে অভিভূত হইয়াছিলাম, তারপর যেন সমস্ত অন্ধকার কাটিয়া গেল, কে আমার মুখ দিয়া কথা বলাইল, জানি না; যাহা পূর্ব্বে ভাবি নাই তাই মুহূর্ত্তে পরিস্ফুট হইল।

Electrician পাঠাই, কতক সংবাদ তাহাতে পাইবে। হিন্দুর সূক্ষ্মবুদ্ধি একবার Patronisingরূপে পূর্ব্বে শুনিয়াছি, আমি আমার সেই জাতীয় গুণের জন্য আজ অহঙ্কার করিব। কারণ, সেই পূর্ব্বপুরুষদের গুণে বঞ্চিত হইলে আমি এত তমসাচ্ছন্ন প্রহেলিকা ভেদ করিতে পারিতাম না। আমি অনেক সময়ে একেবারে আশ্চর্য্যে অভিভূত হইয়াছি, কে আমাকে যেন এক রহস্য হইতে অন্য রহস্যের দ্বার উদঘাটন করিয়া সত্য দেখাইতেছে! তবে হিন্দুর practical বুদ্ধি নাই, তাহার উত্তরও *Elecitrician* এ দেখিবে। আমার বক্তৃতার

কিয়ৎক্ষণ পূর্ব্বে একজন অতি বিখ্যাত টেলিগ্রাফ কোম্পানির ক্রোড়পতি Proprietor টেলিগ্রাফ করিয়া পাঠাইলেন, দেখা করিবার বিশেষ দরকার। আমি লিখিলাম, সময় নাই। তার উত্তর পাইলাম, "আমি নিজেই আসিতেছি"। অল্পক্ষণ মধ্যেই স্বয়ং উপস্থিত। হাতে Patent form। আমাকে বিশেষ অনুরোধ করিলেন, আপনি যেন বক্তৃতায় সব কথা খুলিয়া বলিবেন না, "There is money in it. Let me take out a patent for you. You do not know what money you are throwing away", ইত্যাদি। অবশ্য, "I will only take half share in the profit---I will finance it",ইত্যাদি। এই ক্রোড়পতি আরো কিছু লাভ করিবার জন্য আমার নিকট ভিক্ষুকের ন্যায় আসিয়াছে। বন্ধু, তুমি যদি এ দেশের টাকার উপর মায়া দেখিতে—টাকা—টাকা কি ভয়ানক সর্ব্বগ্রাসী লোভ ! আমি যদি এই যাঁতা-কলে একবার পড়ি, তাহা হইলে উদ্ধার নাই। দেখ আমি যে কাজ লইয়া আছি, তাহা বাণিজ্যের লাভালাভের উপরে মনে করি। আমার জীবনের দিন কমিয়া আসিতেছে, আমার যাহা বলিবার তাহারও সময় পাই না, আমি অসম্মত হইলাম। কিন্তু সেদিন আমার বক্তৃতা শুনিতে অনেক টেলিগ্রাফ কোম্পানীর লোক আসিয়াছিল ; তাহারা পারিলে আমার সম্মুখ হইতেই আমার কল লইয়া প্রস্থান করিত। আমার টেবিলে Assistant এর জন্য হাতে লেখা নোট ছিল, তাহা অদৃশ্য হইল।

আমার বক্তৃতা এখনও প্রকাশ হইবে না, কারণ Royal Society আমাকে তথায় বক্তৃতা করিতে অনুরোধ করিয়াছেন। They made a special case, for they never accept anything read before any other Society। সে দিন যত physiological expert রা থাকিবেন। Sir Michaelনিজে আমার Paper communicate করিবেন। আমি experiment করিয়া দেখাইব।

তবে আমার সম্মুখে বহু বাধা আছে। প্রথম—Commercial interest। অনেক patent আমার কার্য্য দ্বারাও আমার নূতন আবিষ্ক্রিয়াতে অকর্ম্মণ্য হইবে। দ্বিতীয়,—যাঁহারা Coherer theory বিশ্বাস করেন, তাঁহারা বিশেষ আপত্তি করিবেন। তৃতীয়—Physiologist রা জীবন বলিয়া একটা নূতন অতি মহৎ একটা কিছু বুঝেন। তাঁহাদের বিজ্ঞান mere Physics, একথা কোন মতেই স্বীকার করিতে চাহেন না। ৪র্থ—কোন কোন মূঢ় লোকে মনে করেন যে, বিজ্ঞান দ্বারা জীবনতত্ত্ব বাহির হইলে ঈশ্বরের অস্তিত্ব বিশ্বাস করিবার আবশ্যক নাই। তাঁহারা অতিশয় পুলকিত হইয়াছেন। কিন্তু তাঁহাদের ভাবগতিক দেখিয়া খ্রিষ্টবিশ্বাসী বৈজ্ঞানিকেরা কিছু তটস্থ হইয়াছেন। এজন্য আমি কোন কোন বিখ্যাত বৈজ্ঞানিকের সহানুভূতি হইতে বঞ্চিত হইব।

Dr. waller, যিনি জীবনের শেষ লক্ষণ বাহির করিয়াছিলেন, তিনি অতিশয় মর্ম্মপীড়িত হইয়াছেন।

সুতরাং আমাকে একাকী এত বিপক্ষের সহিত বুঝিতে হইবে। কি হইবে জানিনা।

তবে যাঁহাদের কোন Self interest নাই তাঁহারা অতিশয় উল্লসিত হইয়াছেন। তবে তাঁহারা বলেন, "you must remember that the greatest discovery of the last century---the mechanical equivalent of Heat by Joule---was rejected by the Royal Society as unscientific ; but twenty yearls after the Royal Society published the same paper in their transactions. you have brought foward a

great discovery haveing far-reaching consequences. Have you the Courage and persistency to fight for it and force it to be universally accepted ? ypu who see it so clearly alone can do it ; there is none else who can take up your work. If you leave it in its present state, it will be lost.

কি করিব বল ? আমার দেশে ফিরিবার সময় আসিয়াছে (আগামী September মাসে)। সেখানে সমস্ত কাজ ত বন্ধ হইবে। আমি সমস্ত মন দিয়া সমস্ত গোলমাল হইতে দূরে থাকিয়া যদি কার্য্য করিতে পারি, তবে আর দুই বৎসরে যদি কোন প্রকারে কার্য্য সমাধা করিতে পারি। আমাকে যে আর ছুটী দিবে এরূপ বিশ্বাস হয় না। দেশে ফিরিলে কিরূপ কার্য্যের সুবিধা হইবে তাহার নমুনাস্বরূপ একখানা চিঠি পাঠাই। উক্ত হতভাগ্য আমার recommendation এ Research Scholarship পাইয়াছিল, তাহার উপর বিশেষ জুলুম ! যদি কোন বিষয় একবার Race question এ দাঁড়ায়, তাহা হইলে শেষে কি হয় তাহা জান।

আমার বক্তৃতার শেষ অংশ তোমাকে পাঠাইতেছি। Sir William Crookes বলিলেন যে, Royal Institution হইতে যখন আমার বক্তৃতা প্রকাশিত হইবে, তখন যেন শেষের দুই পংক্তি quotation দিতে ভুলিয়া না যাই। "I have scarcely heard anything so grand/ "Sir Robert Austen, the greatest authority on metals, আহলাদে অধীর হইয়া আমাকে বলিলেন, "I have all my life studied the properties of metals. I am happy to think that they have life" ! তারপর বলিলেন, সেকথা আমাকে আবার শুনিতে দিন। তারপর বলিলেন, "Can you tell me whether there is a future life-- what will become of me after my body dies ?"

বন্ধু, আমাদের যাহা অমূল্য রত্ন আছে তাহা ভুলিয়া মিছামিছি না বুঝিয়া হিন্দুয়ানী লইয়া গর্ব্ব করি ! আমাদের প্রকৃত Inheritence বুঝাইয়া দাও, প্রকৃত মহত্ত্ব বুঝাইয়া দাও।

আজ এখানেই শেষ করি।

তোমার
**শ্রীজগদীশচন্দ্র বসু**



S.S,Hera.North Sea.
22.5.1901.

বন্ধু,

আমার সেই অসুখের পর এই পাঁচ মাসে রবিবার পর্য্যন্ত ছুটি পাই নাই। তাহার প্রতিফল পাইতেছি। আমার লেক্‌চারের পর দু'বার মাথায় রক্ত উঠিয়া গুরুতর অসুখ হইয়াছিল। সমস্ত কাজকর্ম্ম কতক দিনের জন্য না ত্যাগ করিলে ডাক্তারেরা অমঙ্গল আশঙ্কা করেন। সেই জন্য জাহাজে কতকদিন ভ্রমণ করিতে বাধ্য হইয়াছি।

অনেক অনুসন্ধানের পর Liverpool Mathematical Society র সম্পাদকের সহিত ঘনিষ্ঠ আলাপ করিতে সমর্থ হইয়াছি। তাঁহার নিকট তোমার দাদার লেখা দিয়াছি। তিনি বিশেষ যত্ন করিয়া পড়িবেন এবং অন্যান্য Specialistদের সহিত এ সম্বন্ধে পরামর্শ করিয়া আমাকে পরে পত্র লিখিবেন। তোমার দাদাকে আমার প্রণাম দিও।

রয়্যাল সোসাইটীতে আমার বক্তৃতা ৬ই জুন হইবে। তখন লন্ডনে থাকিব মনে করিতেছি। এ পর্য্যন্ত অনেকের নিকট হইতে উৎসাহজনক কথা শুনিতেছি। তবে তাঁহারা বলিতেছেন, "It is too sudden-we do not now Know whether we are starting mom heads!" Daily কাগজেও লইয়া একটু আমোদ চলিতেছে। Globeলিখিয়াছে, যে, ধাতুর উপর বিবিধ অত্যাচার করিবার সময় "The Professor's eyes were full of tears. This des him credit ; but it will be long before he induces the British Householder to pet the fire-iron when it falls on the fender because the fall hurts the fire iron."

তুমি ত আমাকে বিশেষ করিয়া জান, কবে আমি জন্ বুলের বিরুদ্ধে এরূপ libel করিয়াছি? যে জন্ বুল S.A. এবং China–তে ইত্যাদি, সেই জন্ বুল যে লোহা আছাড় খাইয়া পাড়িয়াছে বলিয়া দুঃখ করিবে, একথা আমি স্বপ্নেও ভাবি নাই। তাহাদের সম্বন্ধে এরূপ দোষারোপ করিতে আমি সম্পূর্ণ অসমর্থ।

সে যাহা হউক, আরও অনেক আশ্চর্য্য বিষয় discover করিবার আছে। তারপর জার্মেনীতে যাওয়া বিশেষ আবশ্যক বলিয়া মনে করি। সেখান হইতে শুনিয়াছি, যে, "We are more ready to accept your ideas than conservative England"। তা ছাড়া ফ্রান্স্ ও আমেরিকায় তোমাদের যজ্ঞের অশ্ব প্রেরিত হইবে কি?

বৈশাখের ভারতীতে তোমার গল্পটি অতি সুন্দর হইয়াছে। তুমি কি এক ভয়ানক পরিণাম প্রস্তুত করিতেছ জানি না।

ভাল কথা ; তোমার লেখা অনুবাদ করিয়া কোন ম্যাগাজিনে পাঠাইয়াছিলাম। তাঁহারা দুঃখ করিয়া লিখিয়াছেন, গল্প অতি সুন্দর ; কিন্তু original ব্যতীত অনুবাদ আমরা বাহির করি না। তোমার নাম জাল করিতে যদি অধিকার দাও, তাহা হইলে অনুবাদের কথা না বলিয়া একবার তোমার নাম দিয়া পাঠাইতে পারি। কি বল ?

তোমার বই পুস্তকাকারে বাহির করিব মনে করিয়াছিলাম। কিন্তু এদেশের অনেক পাব্লিশার চোর। বাণিজ্য-বিষয়ে এদেশের তৎপরতা দেখিয়া চক্ষুস্থির হইয়াছে। সেদিন যে আমার জন্য patent লইবার জন্য একজন বন্ধু আসিয়াছেন, তিনি সেদিন রাগ করিয়া গিয়াছিলেন। "এত সময় নষ্ট করিয়া আপনাকে Serveকরিবার জন্য আসিয়াছিলাম, আপনি কিছু করিলেন না, "I do not want to have anything more to do with it." লেক্‌চারের পর আবার লিখিয়াছেন, "I want to serve again." বন্ধু, আমি যেন এই Commercial Spirit হইতে উদ্ধার পাইতে পারি। একবার ইহার মধ্যে পড়িলে আর উদ্ধার নাই। একটা কথা লিখিতে ভুলিয়া গিয়াছি। আমার Experiment এত অদ্ভুত, যে, স্বচক্ষে না দেখিলে কেহ বিশ্বাস করিত না। Experiment দেখিয়া যদিও অবিশ্বাস দূর হইয়াছে, তথাপি আমার বক্তৃতার পর একজন বিখ্যাত Electrician, Mr. Swinton, তাঁহার বন্ধুবর্গকে বলিতেছিলেন, "This is something beyond science, this is *Esoteric Buddhism.*" আমি যে quotation বলিয়াছিলাম, তাহাতেও কাহার কাহার এই সংস্কার বদ্ধমূল হইয়াছে। এখন বলত কি করি ?

আমি British Association এ যখন বলিয়াছিলাম, তখন লোকে বিশ্বাস কি অবিশ্বাস করিবে, স্থির করিতে পারে নাই। এখন যখন সম্পূর্ণ নূতন method দ্বারা সেই বিষয় প্রকারে প্রতিপালন করিলাম, তখন লোকে মনে করিতেছে "ভৌতিক ব্যাপার।" এ বিষয় প্রচার করিতে অনেক সময় লাগিবে ; তবে Sir M. Foster যখন Royal Societyতে Communicate করিয়াছেন, তখন সেইদিন আরও সমালোচনা হইবে। তারপর Physiolohical Society, পরে Medical Association, ইত্যাদি অনেক স্থানে বলিতে হইবে। ভূতের শ্রাদ্ধ করিতে যাইয়া আমার পঞ্চভূত যে বিভিন্ন ভূতে আশ্রয় গ্রহণ করিবে তাহার সন্দেহ নাই।

যদি আমার এদেশে অধিক দিন থাকা আবশ্যক মনে কর তবে তোমাকে আসিতে হইবে। লোকেন যে কবি হইয়াছে। বেশ লিখিয়াছে। উহাকে এখন শৃঙ্খলাবদ্ধ না করিলে কখন কি করিয়া ফেলে বলা যায় না।

বন্ধুজায়াকে আমাদের দুজনের সাদর অভিবাদন জানাইবে। মীরাকে সকল প্রকার গৃহকার্য্যে সুশিক্ষিতা করাইতে বলিবে। তোমার বন্ধুজায়ার বিশেষ পছন্দ হইয়াছে।

তোমার
**শ্রী জগদীশচন্দ্র বসু**



লন্ডন
৬ই জুলাই ১৯০১

বন্ধু,

তোমার পত্র ও কবিতা পাইয়া আমি কিরূপ উৎসাহিত হইয়াছি, তাহা জানাইতে পারি না। তুমি কি জান যে, এই বিদেশে থাকিয়া, দিনরাত্রি পরিশ্রম করিয়া আমার মন কিরূপ অবসন্ন ও শুষ্ক হইয়া গিয়াছে? সম্মুখে অজ্ঞাতরাজ্য, আমি একাকী পথ খুঁজিয়া একান্ত ক্লান্ত, কখনও একটু আলোক পাই তাহারই সন্ধানে চলিতেছি। তোমার স্বরে আমি ক্ষীণ মাতৃস্বর শুনিতে পাই— সেই মাতৃদেবী ব্যতীত আমার আর কি উপাস্য আছে? তাঁহার বরেই আমি বল পাই আমার আর কে আছে? তোমাদের স্নেহে আমার অবসন্নতা চলিয়া যায়, তোমরা আমার উৎসাহে উৎসাহিত, তোমাদের বলে আমি বলীয়ান্। তোমাদের আশাতে আমি আশান্বিত। আমি আর নিজের সুখ-দুঃখের কথা ভাবিব না ; কি করিতে হইবে বলিও। তোমরা যে আমাকে ঘিরিয়া আছ, আমি যে একাকী নই, তাহা এখন বুঝিতে পারিয়াছি। তবে আমি যে কার্য্যভারে ও নিরাশায় অনেক সময় অবসন্ন হইয়া পড়ি, একথা মনে রাখিও, মাঝে মাঝে তোমাদের উৎসাহবাক্যে আমাকে পুনর্জ্জীবিত করিও।

আর-একটা কাজ তোমাকে করিতে হইবে। তুমি যদি আমাকে তোমার হৃদয়ে স্থান দিয়া থাক, তাহা হইলে তুমি আমার সুখে সুখী, আমার কষ্টে দুঃখী। আমি আমার সম্মানের কার্য্য ভিন্ন অন্য কথা ভাবিতে পারি না, ভাবিলেও কি উচিত বুঝিতে পারি না। আমার কি শ্রেয়ঃ তুমিই তাহা আমার হইয়া স্থির করিও। তুমি আমার সমস্ত বিষয় জানিয়া যাহা ভাল তাহা স্থির করিও।

তবে এখন সব কথা বলিতেছি। আমি এদেশে একজনকে জানিয়া অতিশয় সুখী ; তাঁহার অত্যাশ্চার্য জীবন-কাহিনী তোমাকে দেখা হইলে বলিব। তাঁহার ন্যায় বহু বিজ্ঞানে জ্ঞানী বোধ হয় আর কেহ নাই। তিনি গত ৫০ বৎসর ইয়োরোপীয় বিজ্ঞানে যে-সব যুগান্তর উপস্থিত হইয়াছে, তাহার ইতিহাস এবং তাহার নেতাদের জীবন-চরিত বিশেষরূপে জানেন। তিনি আমার এই নূতন বিষয় জানিয়া বড়ই উৎসাহিত হইয়াছেন। তবে বলিলেন,

"You will very probably not live to see ot universally accepted, it is too daring for this theological country. If you could persist the younger

generations would have accepted you. You ought to go to Grermany. But can you stand by yourself for yoars? Those who succeeded had brilliant disciples, they evoted themselves to the master. Have you any ? You think scientific men are lıberal---they are the most conservative of peoples. They are contented with what they have now : --- Doubt is the Devil. your theory upsets the old established physiological dogmas. Do you think they will easily give up, unless you make them? Have ypu made up your mind to fight single-handed for years? Then and then only they will come round. But if you leave it now, thew will try not to think of it, and the thing will be forgotten, till some one elso takes it up and makes a name by it,"

আমার disciple ত নাই, তবে persistence আছে। এইজন্য মনে করিয়াছিলাম, ৫ বৎসর এখানে থাকিয়া সমস্ত objection meet করিয়া একরূপ মত স্থাপন করিতে পারিব।

আমি এ ছাড়াও অন্য তিনটি সম্পূর্ণ নূতন বিষয়ে Paper লিখিয়াছি। শুনিয়া সুখী হইবে, Royal Society তাহা Publish করিবেন।

কিন্তু এই সম্পূর্ণ অভাবনীয়, সম্পূর্ণ নূতন বিষয় যদি আমাদের দেশ হইতে প্রতিষ্ঠিত হইতে পারিত, তাহা হইলে আমি জীবন সার্থক মনে করিতাম।

আমি দুই বৎসরের Extentionএর জন্য India Office এ আবেদন করিয়াছিলাম। Under Secretary of State বলিলেন, পাইতে কোন কষ্ট হইবে না। তারপর জানি না হঠাৎ কি হইয়াছে— দেশে কিম্বা India Officeএ—হয়ত তোমাদের আনন্দের কোলাহল অপ্রিয় হইয়া থাকিবে— হঠাৎ খবর পাইলাম, যে, যদিও আমার Scientific work is very important, yet the Secretary of State regrets, ইত্যাদি। আমাকে সেপ্টেম্বরের শেষ ভাগে ফিরিয়া যাইতে হইবে।

ইতিমধ্যে British Association ইত্যাদি স্থান হইতে নিমন্ত্রণ পাইয়াছিলাম। আস্তে আস্তে আমার মত যে গৃহীত হইল তাহার লক্ষণ দেখা যাইতেছিল, কিন্তু এই সংবাদে সমস্ত ভাঙ্গিয়া গেল, বন্ধু, তুমি কি আমার মনের কষ্ট বুঝিতে পার?

আমি কি করিব জানি না। ফার্লোর জন্য আবেদন করিব, কিন্তু যদি আমার এদেশে থাকা তাহাদের অনভিপ্রেত হয়, তাহা হইলে যে ছুটী পাইব মনে হয় না।

তুমি তপস্যার কথা লিখিয়াছ; বলত আমি কি করিয়া মনস্থির করিতে পারি।

তুমি আমাকে নিশ্চিত করিবার ভার লইতে চাও। দেখ, আমার কার্য্য করিবার ইচ্ছা জান, তবে কতকাল স্বাস্থ্য থাকিবে জানি না, কতকাল কার্য্য করিতে পারিব, তাহাও জানি না। তোমরা যদি কোনদিন নিরাশ হও।

যদি তুমি বল তাহা হইলে একবার দেশে থাকিয়া সমস্ত ছাড়িয়া এদেশে থাকিব।

আমাকে শীঘ্র পত্র লিখিও।

তোমার
জগদীশ

লন্ডন
১১ জুলাই ১৯০১

বন্ধু,


তুমি কি করিয়া জানিলে আমার হৃদয়ে দিবারাত্রি কি সংগ্রাম চলিতেছে? আমি নিশ্চয় জানি যে, আমার ভিতরে এখন যাহা আসিয়াছে তাহা যদি অল্প সময়ের জন্যও ছাড়িয়া দি, তাহা হইলে তাহা আর ফিরিয়া পাইব না। দীর্ঘ রোগশয্যার সময় আমি বহুযত্নে মন স্থির করিয়াছিলাম, তাহার পর এই ছয় মাস মাত্র একাগ্রভাবে সাধনা করিয়াছি। এতদিনের চেষ্টার ফলে এখন আমার মন প্রাণ আচ্ছন্ন করিয়া কি এক আলোক আসিয়াছে। দেখ, যদি সমস্ত বৎসরের চেষ্টার ফলে কেহ একটি paper Royal Society তে প্রকাশ করিতে পারে, তাহা হইলে কৃতার্থ মনে করে। আমি ছয় বৎসরের কার্য্য এই ছয় মাসে করিয়াছি—

1. On the conitnuity (?) of effect of light and Electric Radiation of Matter.
দৃশ্য এবং অদৃশ্য আলোকের একই প্রভাব প্রমাণিত হইয়াছে।
2. On the similarity of effect of Mechanical and Radiation Strains.
3. On a new theory of photographic action.
4. On the Electiric Response of Inorganic Substance.
5. On the three types of electric conduction.

এই কয়টি বিষয় এই কয় মাসে শেষ করিয়াছি, এবং Royal Societyতে শীঘ্রই প্রকাশিত হইবে। ইহার এক একটি বিষয়ে জীবনব্যাপী নূতন নূতন আবিষ্ক্রিয়ার কার্য্য রহিয়াছে। যদি কেবল যশঃ সঞ্চয় তোমাদের অভিপ্রেত হয় তবে এই সব নূতন বিষয় দ্বারা সহজেই করিতে পারি। কারণ এইসব বিষয় পদার্থতত্বসম্বন্ধীয়, ইহার সমস্ত মূলমন্ত্র সহজেই সাধনা করিতে পারিব এবং সকলকে বুঝাইতেও পারিব।

কিন্তু জীব ও নির্জ্জীব জগতের সম্বন্ধ স্থাপন করিতে হইলে আমার সমস্ত জীবন দিতে হইবে। কারণ ইহা দুই মহাশাস্ত্রের সন্ধিস্থলে। এদেশে বিভিন্ন শাস্ত্র-ব্যবসায়ীর মধ্যে কি গুরুতর বিরোধ, তাহা তোমাকে বুঝাইতে পারিব না। Physicist এবং Chemist এবং উভয়ের সহিত Physiologist-দের কি অহর্নিশি দ্বন্দ্ব! সাবধান, কেহ যেন নিজ সীমা লঙ্ঘন করে না! আমরা Physiologist, আমরা জীবিত বস্তুর প্রকৃতি নির্ণয় করি— We do not deal with dead matter. We do not depend on mere physical laws.

আমরা বহুবাদী, এরূপ কিম্বদন্তী আছে। প্রকৃত বহুবাদিকে এখন বুঝিতে পারিতেছি। তুমি হিং টিং ছট লিখিয়া আমাদের দেশবাসীকে গালাগালি দিয়াছ। যদি এদেশের হিং টিং ছট দেখিতে। আমরা কোথায় লাগি! সম্পূর্ণ অর্থহীন ঘোর বাগাড়ম্বর, যে বিষয়ে সর্ব্বাপেক্ষা কম জানা সে বিষয়েই সর্ব্বপেক্ষা শব্দাড়ম্বর। চিমটি কাটিলে দেখা যায়, A + হইয়াছে এবং B– হইয়াছে— বিদ্যুততরঙ্গ




চালিত হয়। Explanation---this is because stimulus produces Anodic and Kathodic difference!

(Anode=greek for +

Kathode=greek for-- )

এসব ত কিছুই নয়। কথার ঘটা এতদূর বাড়িয়াছে, যে, একজন physiologist অন্যের অর্থ বুঝিতে পারেন না।

"Wonderful is the power of word. I and Hering have been fighting all the time, by the same word he meant one thing and I another!"

সুতরাং এই সমস্ত জাল ভেদ করিতে হইবে। তারপর হয় এক theory কিম্বা অন্য theory টিকিয়া যাইবে। Both cannot be true, one must give way to the other.

সুতরাং বুঝিতে পার ইহাতে জীবনসর্ব্বস্ব পণ করিতে হইবে। আমি একদিকে একা কিন্তু তোমরা যদি বল তবে আমি প্রস্তুত আছি। আমি সহজ পথ ত্যাগ করিয়া কঠিন বর্ত্ম অলবম্বন করিব। হিন্দুরা কোন দিন ফলের আশায় কার্য করে নাই। ইহাতেই তাহাদের নিষ্ফলতা, ইহাতেই তাহাদের গৌরব।

তবে সম্পূর্ণ নিরাশ হইবারও বিশেষ কারণ দেখি না। তোমাকে যে–সব কথা আগে লিখিয়াছি তাহা কেবল তোমার মন বহুকাল অপেক্ষা করিতে প্রস্তুত হইবার জন্য। সেদিন Sir william Crooks* আমাকে বলিলেন, "Prof. Bose, you will learn that many are engaged in this county in research work---they are engaged in work which will lead to *nothing,* but you have got *something* of which there will be no end."

বর্ত্তমান কালের ধাতু (metallurgv) সম্বন্ধে সর্ব্বপেক্ষা পণ্ডিত Sir Robert Austen, F. R. S. এদেশের mint এর প্রধান কর্ম্মকর্ত্তা! তিনি আজ আমাকে নিমন্ত্রণ করিয়াছিলেন।

---

* Sir willam Croks : রয়্যাল সোসাইটির তৎকালীন সভাপতি।

তিনি বলিলেন, আমি ৩০ বৎসর ধাতুর প্রকৃতি নির্ণয় করিতে প্রয়াসী হইয়াছি। আপনি যে-সমাচার সেদিন অকুতোভয়ে প্রচার করিলেন, ওরূপ একটা ধারণা অজ্ঞাত ও ঝাপসাভাবে আমার মন আক্রমণ করিয়াছিল। আমি ভয়ে ভয়ে একবার Royal Institution এ এরূপ ইঙ্গিত করিয়াছিলাম এবং সেজন্য বহুরূপে তিরস্কৃত হইয়াছি। আপনি যেরূপ সাহসের সহিত এবং অকাট্য প্রমাণ দ্বারা এ বিষয় প্রচার করিয়াছেন, তাহাতে আমার অনেক দ্বিধা সম্পূর্ণ দূর হইয়াছে।

তবে আমাকে নিজের কলের উপর নির্ভর করিয়া নিজ চেষ্টায় প্রমাণিত করিতে হইবে।

আমি নির্জ্জীবের যে-সব স্পন্দন-রেখা ফটোগ্রাফী দ্বারা অঙ্কিত করিতে পারিয়াছি তাহার দু'চারটি নমুনা পাঠাইতেছি, অন্যদিকে জীবিতের স্পন্দন-রেখার সহিত মিলাইয়া দেখিবে।

প্রকৃতিদেবী কি আমাদিগকে কখনও প্রতারণা করিয়া থাকেন? যদি তাহা না হয়, তবে এই দুই এক।

আরও অনেক বলিবার ও করিবার আছে, তাহা লিখিয়া জানাইতে পারি না। তোমার এই পুস্তকখানা দেখা হইলে ত্রিপুরার মহারাজকে আমার হইয়া পাঠাইয়া দিবে। তাঁহার উৎসাহ-বাক্যে আমি বিশেষ উৎসাহিত।

আমি এতদিন কল ও অন্যান্য জিনিষ স্থির করিবার পর হইতে কার্য আরম্ভ করিয়াছি। আমার একজন assistantকে এই ছয় মাসে সবে মাত্র কাজ সম্পূর্ণ করিয়া শিখাইয়াছি। এই সময়ে ত্যাগ করিয়া গেলে সমস্তই শেষ হইবে। আর আমার এই পূর্ণ হৃদয়ে এখন বাধা পাইলে আর কোন দিনও ফিরিয়া পাইব না।

তুমি যে-জন্য অনুরোধ করিয়াছ, দিন-রাত্রি কি আমার মনে সেই এককথা সর্ব্বদা প্রতিধ্বনিত হইতেছে না? তোমরা আমার সমস্ত বোঝা লইয়া আমাকে একাগ্রভাবে কার্য্য করিতে অনুরোধ করিয়াছ; তবে দ্বিধা করি কেন?

একথা যদিও সত্য বটে, যে, politicsএর জন্য Bhownagreeর জন্য ভারতবর্ষ হইতে ৩০০০ পাউণ্ড প্রেরিত হয়, আর আমাদের পূজনীয় নারোজীকেও ভারতবর্ষীয়েরা স্মরণ করিয়াছেন এবং তাহার জীবন নিরুদ্বেগ করিয়াছেন। আর তাতার University* র জন্যও এদেশ হইতে ২৫০০হইতে ১২০০মাসিক বেতনে ইংরাজ অধ্যাপক মনোনীত হইবে।

কিন্তু Politicsএর জন্য যেরূপ উৎসাহ, বিজ্ঞানের জন্য কি সেইরূপ উৎসাহ আছে? আর আমার জন্মভূমি বাঙ্গলাদেশও অতি দীন।

এজন্য দ্বিধা করিতেছিলাম। আরও মনে করিয়াছিলাম, যে তোমাদের নিকট হইতেই আমি ক্ষীণ মাতৃস্বর শুনিতে পাই, তোমাদের সাধুবাদও আমার জীবনের প্রধান গৌরব। যদি কোনদিন তাহা হইতে বঞ্চিত হই, তাহা হইলে আমার মৃত্যু অপেক্ষাও অধিক যাতনা হইবে। কিন্তু তোমার লেখা হইতে আমি বুঝিলাম, যে, তোমাদের স্নেহ হইতে আমি কখনও বঞ্চিত হইব না। একথা আমাকে পুনঃ পুনঃ শুনাইও। আমার জীবনপ্রাণ দেশে ধাবিত হইতেছে, আমি অতিকষ্টে নির্ব্বাসন-কষ্ট ভুলিয়া থাকি।

---

তাতার University : বাঙ্গালোর ইনস্টিটিউট অব সায়েন্স।

আমি এখানে গবর্ণমেন্ট্ হইতে মাসিক ৪৫ পাউণ্ড অর্থাৎ বাৎসরিক ৮১০০ টাকা+বৃত্তি ২০০০×Research এর জন্য ২৫০০ = ১২৬০০ টাকা পাই। আমার assistant এবং কল ইত্যাদির বাবত প্রায় ৪০০০টাকা খরচ হয়, আর বাকীতে আমাদের এখানকার খরচ অতি সাবধানে চালাইতে হয়। কারণ এখানে অনিবার্য্য বৈজ্ঞানিকদের সহিত মেলামেশার জন্য কিছু অধিক খরচ হয়।

আমি যে assistant কে তৈয়ারী করিয়াছি, তাহাকে যদি না রাখিতে পারি, তাহা হইলে সমস্ত কার্য্যই বিফল হইবে। কারণ আর নূতন কাহাকে শিখাইয়া লইতে আমার আর সহ্য হইবে না। যদি শীঘ্রই এদেশে ফিরিয়া আসা উচতি মনে কর, তবে ইহাকে বরাবরের জন্য নিযুক্ত করিতে হয়।

তোমার মিনির* বিবাহ হইল। কাবুলীওয়ালা তাহাতে উপস্থিত থাকিতে না পারিয়া অত্যন্ত দুঃখিত আছে।

তোমার
**জগদীশ**

---

তোমার মিনি : মাধুরীলতা দেবী (বেলা)। 'কাবুলিওয়ালা' গল্প সম্পর্কে রবীন্দ্রনাথ বলেছেন, 'কাবুলিওয়ালা, বাস্তব ঘটনা নয়। মিনি কিছু পরিমাণে আমার বড় মেয়ের আদর্শে রচিত' [প্রবাসী, শ্রাবণ ১৩৩৯, পৃ : ৪৫১]

লন্ডন
৩০শে আগস্ট ১৯০১

বন্ধু,

তোমার পত্র হইয়া কিরূপ উৎসাহিত হইয়াছি বলিতে পারি না। আমি নানা চিন্তায় অবসন্ন, এক এক সময় মনে হয় কেবল কার্য্য লইয়া যদি থাকি তাহা হইলে আমার অন্যান্য কর্ত্তব্য কে করিবে? আমাকে নির্ম্মম হইতে হইবে; সমস্ত ভুলিয়া এক অভীষ্ট সাধন করিতে হইবে। তোমার চিঠি পাইলে আমার মনের অবসাদ অনেক দূর হয়।

তোমার 'জয়পরাজয়' গল্পটি আমাকে কিরূপ আবিষ্ট করিয়াছে, বলিতে পারি না। রয়্যাল ইন্‌ষ্টিট্যুসনের বক্তৃতার দিন যেন তাহারই অভিনয় হইতেছিল। যদি ভক্তের পূজা ভারতী গ্রহণ করিয়া থাকেন, তবে জয় পরাজয় আমার নিকট একই। তবে তোমরা যে আমার জন্য এত করিতেছ, তাহার জন্য আমার মন কখন অতি প্রফুল্ল, কখন একান্ত অবশ হয়। আমি কতটুকু করিতে পারিব? হয়ত অধিক করিতে পারিব না, এই মনে করিয়া কষ্ট পাই। তবে তুমি আমার শঙ্কা দূর কর। আর এক কথা— আমার ইষ্টাকাঙ্ক্ষী এদেশীয় বন্ধুগণ আমার নূতন কয়েকটি আবিষ্ক্রিয়া আমার স্বার্থের জন্য কিয়ৎ দিন অপ্রকাশিত রাখিতে পরামর্শ দিতেছেন, কেবল আমাকে যেন কোন দুর্দ্দিনে একেবারে গবর্ণমেন্টের মুখাপেক্ষী হইতে না হয়। কিন্তু আমি এইরূপ রুদ্ধজীবন লইয়া কাজ করিতে পারি না, আমার যাহা দিবার তাহা যেন আমি তোমাদের নামে দিতে পারি। Romeএ International Congress on Wireless Telegraphy হইতে অনুরোধ-পত্র আসিয়াছে, তাহাতে লিখিয়াছেন,— "আপনার কার্য্য হইতে অনেক উন্নতি আশা করি, আপনার উপদেশ এবং নতুন আবিষ্ক্রিয়াতত্ত্ব জানাইয়া উন্নতিবর্দ্ধন করিবেন।" আমাকে বন্ধন হইতে মুক্ত কর। আমি জীবনের বাকী কয়দিন যেন উন্মুক্ত প্রাণে কার্য্য করিতে পারি। তুমি আমাকে কয়মাসের জন্য আসিতে লিখিয়াছ, "সকল কথা পরিষ্কার রূপে আলোচনা করিয়া লইতে"। তুমি আমাকে ছাড়িয়া দাও, যাহা ভাল মনে কর, আমার হইয়া কর। আমি কেবল এক কাজ বুঝি, আর বাকী সব তোমরা আমার হইয়া কর। আমি এখন ভাবে আবিষ্ট হইয়া আছি। তাহা যদি কিছুদিনের জন্য ছাড়িয়া দেই, তবে সূত্র পুনরায় ধরিতে পারিব কি না এই ভয় হয়। এই

দেখ, এইমাত্র একটি আশ্চর্য্য Experiment করিয়া আসিলাম, জন্তু এবং অ-জীবের মধ্যে ভয়ানক মস্ত একটা ব্যবধান, তাই সেতু বাঁধিবার জন্য উদ্ভিদের জীবন-স্পন্দন-রেখা আছে কি না তার চেষ্টা করিতেছিলাম। এইমাত্র অত্যাশ্চর্য্য পরীক্ষার ফল পাইলাম— এক ! এক ! সব এক ! উদ্ভিদকে মধ্যস্থলে দাঁড় করাইয়া আমি দুই দিকে আক্রমণ করিব— একই কল, একই লিখিবার যন্ত্র— কেবল এইমাত্র উদ্ভিদ, পর মুহূর্ত্তে জীবী, পর মুহূর্ত্তে অজীবীকে রাখিয়া দেখাইব— একই হস্তলিপি ! তুমি কি ভাবিয়া দেখিয়াছ, ইহার অন্ত কোথায় ? কত বিজ্ঞান একভূত হইবে। বিষপ্রয়োগে কেন জীবনান্ত হয় ? 'বিষ খাইয়াছে— মরিয়াছে' সব গোলমাল চুকিয়া গেল। কিন্তু কেন মরিল ? কি মানবিক কলে চাবি পড়িল ? কেন পড়িল, চাবি কি ঘুরাইয়া দেয়া যায় না— কেন যাইবে না ? এসব কথা ভাবিতে গেলে স্তম্ভিত হইতে হয়। তোমার ডাক্তারী, তোমার ঔষধ ব্যবহারের কিছু অর্থ আছে ? কেন থাকিবে না ? অর্থ যদি বোঝা যায় তবে এইসব পরীক্ষা দ্বারা যাইবে। বন্ধু, আমি শত জীবনে ইহার চিন্তা করিতে পারিব না— আমি সব দেখিতেছি— কেবল সময়াভাব। আমি কি করিয়া এসব ফেলিয়া একদিনের জন্যও চলিয়া আসি ? এজন্য আমাকে একেবারে ছাড়িয়া দাও। কেবল তুমি কয়মাসের জন্য এখানে আইস। আমি ফর্লোর জন্য আবেদন করিয়াছি ; জানি না কি হয়। তবে Anglo-Indian member of Council এর মধ্যেও দুএকজন মানবিক ভাব একেবারে বর্জ্জন করিতে পারেন নাই। তাহার মধ্যে একজন আমাকে বলিয়াছেন, "আমি তোমার ছুটীর জন্য প্রাণপণ চেষ্টা করিব, For I think it will be a sin against Science to make you leave your work now"। তবে বিরুদ্ধবাদী অনেক আছেন। আর দেশে ফিরিয়া গেলে যে কিরূপ হইবে তাহা বেশ জানি।

আমি যদি কাজ ছাড়িয়া দেই তাহাও যেন সদ্ভাবে করিতে পারি। যে-পথ উত্তম, তাহাতে বিদ্বেষ নাই। তুমি আমাদের ভবিষ্যতের যে সংকীর্ণ পথের কথা বলিয়াছ, তাহাই মহৎ। বিদ্বেষ দ্বারা কোন কাজ হয় না। আমি তোমাদের পূর্ণ আশীর্ব্বাদ লইয়া সব করিতে সক্ষম হইব।

আর তুমি জান, সার্ জন উড়বার্ণ আমাকে সর্ব্বদা সহায়তা করিয়াছেন। তাঁহার অধস্তন কর্ম্মচারীদের হস্তেই আমাদের জীবনসংশয়। তুমি শুনিয়াছ কি, যে, প্রফুল্ল রায়কে* নাকি দূরে পাঠাইবার চেষ্টা হইয়াছিল ?

আজ এখানেই শেষ করি। আরও কত লিখিবার আছে। তুমি সর্ব্বদা লিখিও।* লোকেনের সহিত সাক্ষাৎ পাওয়া দুরূহ।

তোমার
জগদীশ

---

* প্রফুল্ল রায় : আচার্য প্রফুল্লচন্দ্র রায় (১৮৬১-১৯৪৪)। স্বদেশী বিজ্ঞানী, বেঙ্গল কেমিক্যালের প্রতিষ্ঠাতা।

* লোকেন : স্যার তারাকানাথ পালিতের পুত্র রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র বসুর ঘনিষ্ঠ বন্ধু। রবীন্দ্রনাথ 'ক্ষণিকা' কাব্য লোকেন্দ্রনাথ পালিতকে উৎসর্গ করে।



1, Birch Grove Acton
London W.
21st, March, 1902 (?)

বন্ধু,

তোমার পত্র পাইয়া আমি মুহূর্ত্তের জন্য এখানকার সংগ্রামক্ষেত্র হইতে তোমার শান্তিময় আশ্রমে উপস্থিত হইলাম। ক্ষণেক কালের জন্য গভীর শান্তিতে হৃদয় পুর্ণ হইল। আমার সমস্ত হৃদয় মন তোমাদের সহিত মিলিত হইবার জন্য আকুল। তুমি যাহা করিতেছ তাহাই শ্রেষ্ঠ। এ বিষয়ে আগামীবারে অনেক লিখিব ! আজ আমার কর্ণে এখনও রণক্ষেত্রের দুন্দুভি বাজিতেছে, কারণ এইমাত্র আমি সংগ্রাম হইতে ফিরিয়া আসিয়াছি। তুমি আমার জয়-সংবাদে সুখী হইবে।

তোমরা চিন্তিত হইবে বলিয়া আমি এখানকার সব কথা খুলিয়া লিখি নাই। ইয়োরোপের একজন প্রধান Physiology তে অগ্রণী, Burden Sanderson এর* নাম শুনিয়াছ। - Sanderson এবং Waller এই দুইজন Phyiology র উচ্চ সিংহাসন অনেককাল যাবৎ নির্ব্বিবাদে অধিকার করিয়াছিলেন।

আমি Royal Society তে যখন বক্তৃতা করি, তাঁহাকে দেখাই যে যদি নির্জ্জীব ও জন্তুর Responisive-ness এর একই আধার হয় তাহা হইলে মধ্যবর্ত্তী উদ্ভিদের responseও একই রকম হইবে। তাহাতে Burden Sanderson উঠিয়া বলিলেন, আমি উদ্ভিদ্ সম্বন্ধে সমস্ত জীবন অনুসন্ধান করিয়াছি, কেবল লজ্জাবতী লতা সাড়া দেয় কিন্তু **that ordinary plants should give electrical response is simply impossible. *It Cannot be.*** আরও বলিলেন, **Prof, Bose has applied physiological terms in describing his physical effects on metals. Though his paper is printed yet we hope he will revise it and use physical terms and not use *our* physiological expressions in describing phenomena of dead matter.**

---

* **Burden sanderson** : স্যার জে. এস. বার্ডেন সেন্ডারসন (১৮২৮–১৯০৫)। অক্সফোর্ড ও লন্ডন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক।

তাহার উত্তরে আমি বলিয়াছিলাম Scientific terms কাহারও একচেটিয়া সম্পত্তি নহে, আর এই সব Phenomena এক সুতরাং আমি একের মধ্যে বহুত্ব প্রচারের বিরোধী।

ফল হইল যে আমার সেই Paper প্রকাশ বন্ধ হইল। কয়জন Physiologist এর প্রাণপণ চেষ্টায় Conspiracy of silence হইল। কারণ আমার এই থিয়োরী স্থির হইলে উক্ত বৈজ্ঞানিকদের theory একেবারে চূর্ণ হইয়া যায়। তাঁহারা মনে করিলেন, আমার দেশে ফিরিয়া যাইবার সময় নিকটবর্ত্তী; একবার আমি সমুদ্র পার হইলে বিপদ কাটিয়া যাইবে।

তখন তোমাদের উৎসাহে এখানে থাকা স্থির করিলাম। কিন্তু কি করিয়া আমার experiment প্রকাশ করিব তাহা স্থির করিতে পারিতেছিলাম না। এবিষয়ে একেবারে নিরাশ্বাস হইয়াছিলাম। কারণ "whom are we to believe -- -Physiologists who have grown grey in working out their special subjects --- or a young *Physicist* who comes all of a sudden to upset all our convictions ?" সাধারণের মত এইরূপ ছিল।

ইতিমধ্যে Linnean Societyর President, Prof. Vines এর সহিত আমার দৈবক্রমে দেখা হয়। ইনি আধুনিক Vegetable Physiologist এর মধ্যে সর্ব্বপ্রধান। আর Linnean Society, Biology সম্বন্ধে সর্ব্বপ্রধান Society। Prof. Vines একদিন Prof. Hornes (successor of Huxley at the Royal college of Science) কে সঙ্গে করিয়া আমার experiment দেখিতে আসেন। তাঁহারা এই সব দেখিয়া কিরূপ চমৎকৃত হইয়াছিলেন তাহার বলিতে পারি না। Prof. Hornes পুনঃপুনঃ বলিতেছিলেন, "I wish Hixley had been living now, he would have found the dream of his life fulfilled."

তাহার পর Vines, as President of Linnean Society, আমাকে উক্ত সভায় বক্তৃতা করিবার জন্য নিমন্ত্রণ করেন।

সমবেত Physiologist-Biologist প্রমুখ বৈজ্ঞানিকমণ্ডলী, তাহার মধ্যে তোমার বন্ধু একাকী এই প্রতিপক্ষকুলের সহিত সংগ্রামে নিযুক্ত। ১৫ মিনিটের মধ্যেই বুঝিতে পারিলাম যে রণে জয় হইয়াছে। Bravo ! Bravo ! ইত্যাদি অনেক উৎসাহবাক্য শুনিলাম। বক্তৃতার পর President তিনবার উঠিয়া জিজ্ঞাসা করিলেন, বিরুদ্ধে কাহারও কিছু বলিবার আছে কি? একেবারে নিরুত্তর। তাহার পর Prof. Hartog উঠিয়া বলিলেন, যে, we have nothing but admiration for this wonderful piece of work. President ও অনেক সাধুবাদ করিলেন।

সুতরাং এতদিন পর আমার এই প্রথম সংগ্রামে কৃতকার্য্য হইয়াছি। আরও এখন অনেক করিবার আছে। আমি কি করিব বুঝিতে পারি না। আমি একান্ত শ্রান্ত, এবং আমার সমস্ত মন এখন নির্জ্জনে যাইবার জন্য ব্যাকুল।

কিন্তু আমি যে অগ্নি জ্বালাইয়াছি তাহার ইন্ধন আরও অনেক দিন জোগাইতে হইবে।

তুমি মহারাজাকে আমার এই সংবাদ জানাইও। তোমরা যদি আমার এখানে থাকিবার উপায় না করিতে— তাহা হইলে আমাকে নিস্ফলপ্রয়াস হইয়া ফিরিয়া আসিতে হইত।

বন্ধু, আমার পরিপূর্ণ হৃদয়ের ভালবাসা প্রেরণ করিতেছি।

তোমাদের<br>
**জগদীশ**

তোমার জন্য John Chinaman পাঠাইতেছি। পড়িয়া দেখিও। আমরা স্বর্ণ ফেলিয়া ইয়োরোপীয় ভস্ম লেপন করিতেছি।



পারিস
৮ই এপ্রিল ১৯০২

বন্ধু,

সারাদিন ঝঞ্ঝাট, দুদণ্ড তোমার সহিত আলাপ করিবার সময় পাই না। সন্ধ্যার পর বাহিরের আঁধারের সহিত অন্তরের আলো জ্বলিয়া উঠে। তখন আমি জন্মভূমির কোলে স্থান পাই।

ছেলে-বেলা ইংরেজি শিক্ষার সহিত যে পাক পড়িয়াছিল, এতদিনে তাহা আস্তে আস্তে খুলিয়াছে, এখন স্বপ্রকৃতিস্থ হইয়া সব দেখিতে পারিতেছি। পশ্চিমের অভ্যন্তরে প্রবেশ করিয়া সব দেখিতে পাইয়া অনেক মোহ দূর হইয়াছে। তবে পরের দোষ দেখিয়া আমাদের কি লাভ? কি করিয়া আমরা বিলাসের পথ হইতে উদ্ধার পাইব?

সচরাচর শুনিতে পাই হিন্দু স্বভাবতই সংসারবিমুখ, জীবনের সংগ্রাম হইতে পলাতক। একথা কি ঠিক? হিন্দুরা কি সমস্ত জীবন শক্তি দিয়া অভীষ্টের অনুসন্ধান করেন নাই? এত জ্ঞান আহরণ কি বিনা চেষ্টায় হইয়াছে? শঙ্করাচার্য্যের বিজয়-যাত্রা কোন অংশে যুদ্ধযাত্রা অপেক্ষা কম? এরূপ শারীরিক ও মানসিক শক্তির চরম প্রয়োগ একালে কি দেখা যায়?

তবে হিন্দু চিরকাল আসক্তিহীন। "আমি" কেহই নই, "যিনি আমাকে চালাইতেছেন তিনিই সব।"

তিনি বিশ্বকর্ম্মারূপে আমাদের হৃদয় মন পরাস্ত করিয়াছেন। আবার সখারূপে অতি সন্নিকটে। যিনি আমাদিগকে প্রেমপাশে বাঁধিয়াছেন তাঁহার চরণে প্রতিমুহূর্ত্তে আত্মবলি দিতে হৃদয় উৎসুক। সুখের দিনে কিছু জানাইতে পারি না। কিন্তু দুঃখের দিনে একটু জানাইতে পারি। তিনি আমাদিগকে যেখানে রাখিয়াছেন, দাস সে স্থানেই থাকিবে, সমস্ত কলঙ্ক বহন করিবে, সমস্ত নিষ্ফলতার মধ্যে সমস্ত চেষ্টা নিবেদন করিবে। আমাদের শক্তিই বা কি, কিন্তু কোটি কোটি ক্ষুদ্র প্রবাল-পঞ্জরে মহাদেশ গঠিত হইয়াছে। এই ত আমাদের একমাত্র আশা। যে মৃত্তিকাতে আমাদের শরীর গঠিত হইয়াছে সেই জন্মভূমির জন্য আমাদের দেহ মন পর্য্যবসিত হয় ইহা ব্যতীত ত আর আমাদের করিবার নাই।

তোমার আশ্রমের কুমারগণ যেন আমাদের চিরন্তন এই নিরাসক্তি লইয়া জীবনে প্রবেশ করিতে পারে। সংসারে যাইয়া যেন এই ভাব লইয়া সমস্ত প্রাণ মন দিয়া নিয়োজিত কার্য্য করিতে পারে। তারপর জীবনের সন্ধ্যায় পুনরায় আশ্রমে ফিরিয়া আসিবে।

আমি লন্ডনে ফিরিয়া আসিয়াছি। আমার তিন জায়গায় বক্তৃতা ছিল, সকল স্থানেই বক্তৃতা সুসম্পন্ন হইয়াছে। সকলে অতিশয় আশ্চর্য্য হইয়াছেন, এবং আরও জানিবার আগ্রহ প্রকাশ করিয়াছেন। এতবড় বিষয়টা ২/৪ দিনের সম্পূর্ণরূপ প্রকাশ ও প্রচার করিবার আশা করি না। তবে Germany হইতে যাইবার জন্য অনুরোধ আসিয়াছে।

তুমি মনে কর যে আমি সর্ব্বদাই কর্ম্ম-সাধনে উন্মুখ। তুমি যদি জানিতে যে প্রতিমুহূর্ত্তে আমাকে নিজের সহিত কত সংগ্রাম করিতে হয়। আমার মন সর্ব্বদা ছুটিয়া যাইতে চাহে, এই অবিরাম যুঝিয়া আমি ক্লান্ত হইয়াছি। স্বভাবের ক্রোড়ে, যেখানে সমস্ত নিস্তব্ধ, সমস্ত শান্তিময়, সেখানে মন ছুটিয়া যায়। তোমরা যদি নিরাশ্বাস হও তবে আমি একা যুঝিয়া কি করিব? আমি সম্মুখে বড় বিভীষিকা দেখিতেছি। আমেরিকান্‌রা এদেশে আসিয়া সমস্ত বাণিজ্য, Manufacture ইত্যাদি কাড়িয়া লইতেছে। এদেশের তাড়িত লোকের ধাক্কা আমাদের উপরে পড়িবে। যদি একে একে উপায় পরহস্তগত হয়, তাহা হইলে নির্লোপ হইবার বেশী দেরী নাই। কি করিয়া পরমুখাপেক্ষী না হইয়া লোকে স্বাধীন উপায় অবলম্বন করিতে পারে তাহা ভাবিয়া দেখিও। জাপানের সমৃদ্ধি কেন বাড়িতেছে? আমি ত উক্তদেশের অনেককে দেখিয়াছি। আমি তোমাকে নিশ্চয় করিয়া বলিতেছি যে আমাদের দেশে অন্য দেশের সহিত তুলনা করিলে তপস্বীর অভাব দেখা যাইবে না। আমাদের কি ভবিষ্যতে কিছুই আশা নাই? চিরকালই কি মাথা নোয়াইয়া থাকিতে হইবে? এতকাল কথা ছিল যে ভারতে বিজ্ঞান অসম্ভব, এখন কথা হইবে দৈবাৎ এক আধটা instance ধর্ত্তব্য নয়। এমন কি Prof. Ramsay আমাকে বলিলেন, your case is an exception, one swallow does not make a summer!

অবশ্য ইচ্ছা করিলে এ সমস্ত ভুলিয়া থাকা যায়। একটা জীবন বইত নয়, আর কত দিনই বা। এ সংসারের শেষ হইলে কি মায়া যায়? এই একটা স্থানবিশেষের জন্য মমতা হয়ত মায়া মাত্র।

তোমাকে আর কি লিখিব?

তোমার জামাতাকে দেখিয়া সুখী হইয়াছি, তাহাতে মনুষ্যত্ব আছে। তাহার দ্বারা তুমি সুখী হইবে। এখানকার ইঙ্গবঙ্গের হাওয়া বাছাকে স্পর্শ করে নাই।

তোমার
**জগদীশ**



লন্ডন
১লা মে ১৯০২

বন্ধু,

তোমার পত্রের প্রতীক্ষা করিয়াছিলাম, আজ পাইয়া বড় সুখী হইলাম। তোমার নিকট কত বিষয় বলিবার আছে, কিন্তু পত্রে কথা পরিস্ফুট হয় না। উৎসাহ কিম্বা অবসাদের সময়ে তোমাকে দেখিতে ইচ্ছা করে। অধিকাংশ সময়েই অবসাদ, সুতরাং তোমার সান্নিধ্য অনুভব করিতে ইচ্ছা হয়। সেদিন তোমার কতগুলি কবিতা পড়িতেছিলাম, সেই শিলাইদহের প্রান্তর ও নদী, সেই আকাশ ও বালুর চর আমার চক্ষের সম্মুখে ভাসিতেছে। বলিতে পার কি এই হৃদয়ের আকর্ষণের অর্থ কি? তোমার কি মনে হয় যে এই পৃথিবীর ছায়ার অন্তরালে আত্মা আত্মার সহিত অভিন্ন হইয়া যায়?

তুমি ত এতদিন নির্জ্জনে সাধনা করিয়াছ, বলিতে পার কি, কি করিলে সুখ দুঃখের অতীত হইতে পারা যায়? একদিন ভারতে সুদিন আসিবেই, কিন্তু একথা সর্বদা মনে থাকে না। ইহা যে সত্য, একথা আমার মনে মুদ্রিত করিয়া দাও। একটা আশা না থাকিলে আমার শক্তি চলিয়া যায়।

তোমার
জগদীশ



৮ই মে

বন্ধু,

তুমি আমার নিকট উপস্থিত হও। আমি কি কষ্টের ভিতর দিয়া যাইতেছি তুমি জানিবে না। তোমরা নিরাশ হইবে একথা মনে করিয়া আমি এখানে কিরূপ বাধা পাইতেছি তাহা জানাই নাই। তুমি মনেও করিতে পার না। এই যে Royal Society তে গত বৎসর মে মাসে Plant Responseসম্বন্ধে লিখিয়াছিলাম, তাহা waller ও Sanderson চক্রান্ত করিয়া Publication বন্ধ করিয়া দিলেন। আমার সেই আবিষ্কার চুরী করিয়া Waller গত নবেম্বর মাসে এক কাগজে বাহির করিয়াছেন। আমি এতদিন জানিতাম না। আমার Linnean Societyর paper ছাপা হইবার কথা যখন Council এ উঠে তখন Waller এর বন্ধুরা তথায় আমার Paper বন্ধ করিতে চেষ্টা করেন— এই বলিয়া, যে Waller গত নভেম্বরে একথা Publish করিয়াছেন! Council এর কথা Confidential, সুতরাং এসব চক্রান্ত আমি জানিতাম না। আর Royal Society র Paper বাহিরে প্রচার হয় নাই সুতরাং প্রমাণাভাবও বটে। ভাগ্যক্রমে আমার Royal Institution এর Lectureএ একথা ছিল, এবং দৈবক্রমে Linnean Society র সেক্রেটারীর কাছে আমার উক্ত কাগজ ছিল। অনেক ঝগড়ার পর শুনিতে পাইতেছি যে, আমার কাগজ ছাপা হইবে।

President আমাকে লিখিয়াছেন "there are many queer things you have yet to learn. But I am glad that you now have had fairplay." তাঁহার নিকট আরও অনেক কথা শুনিলাম। সে সব কথা বলিয়া আর কি হইবে? Ideal ভাঙ্গিয়া গেলে আর কি থাকে! এতদিন এদেশের বিজ্ঞান-সভায় অনেক বিশ্বাস করিয়াছি —তাহা দূর করিয়া লাভ কি? অধিক দিন থাকিতে পারিলে আমি একাই ব্যূহ ভেদ করিতাম— কিন্তু আমার মন ভাঙ্গিয়া গিয়াছে। আমি একবার কদিন আসিয়া ভারতের মৃত্তিকা স্পর্শ করিয়া জীবন পাইতে চাই। তাহার পর যদি পুনরায় আসিতে পারি তবে— ভবিষ্যতের কথা আর ভাবিব না।

তোমার
জগদীশ



লন্ডন
৩০শে মে, ১৯০২

বন্ধু,

এতকাল কেবল কর্ম্মসংবাদ লিখিয়াছি। একদিনও মন খুলিয়া চিঠি লিখিতে সময় পাই নাই। আজ আর-সব কথা ভুলিয়া তোমার গৃহে অতিথি হইলাম। এক এক সময় মনে হয় দূর হউক দুঃখের কথা— মানুষের হৃদয় বলিয়া ত একটা জিনিস আছে। সন্ধ্যার পর তোমার ঘরে যেন বসিয়াছি। আমার ক্রোড়ে আমার ছোট বন্ধুটি বসিয়া আছে, অদূরে বন্ধুজায়া, আর তুমি তোমার লেখা পড়িয়া শুনাইতেছ। আমি তোমার লেখাগুলি পড়িতেছিলাম, তোমার স্বর যেন শুনিতে পাইতেছি। তুমি যে কালিদাসের সময়ের কথা লিখিয়াছ, মনে হয় যেন পূর্ব্বজন্মের কথা শুনিতেছি। সে সব দিনের কথা স্মরণ করিয়া মন কেমন পুলকে বিহ্বল হয়। এরূপ মধুর স্মৃতি, এরূপ উজ্জ্বল সরল প্রেম, এরূপ সুখ, এরূপ কল্যাণ, অন্য কোন জাতিতে কি কখনও ছিল? তোমার আর একটি কথা আমার নিকট বড়ই ভাল লাগিয়াছে— সেকথা কল্যাণী— তুমি ঠিকই বলিয়াছ একথার অর্থ অন্য ভাষায় প্রকাশ পায় না।

তুমি নগর হইতে দূরে যে আশ্রম স্থাপন করিয়াছ, সেখানে কবে আসিতে পারিব মনে মনে কল্পনা করিতেছি। তারপর তোমার কল্পনার সাহায্যে সেই অতীত সুখের দিন ফিরিয়া আসিবে। আমার নিকট এই বর্ত্তমান ত একেবারে অলীক দুঃস্বপ্ন বলিয়া মনে হয়। কল্পনারাজ্যেই আমাদের প্রকৃত জীবন।

তোমার এই নুতন স্থান কিরূপ মনে করিতে পারি না। আমার স্মৃতি শিলাইদহে আবদ্ধ। সেখানে কি ফিরিয়া যাইবে না? অন্ততঃ আমার সঙ্গে একবার যাইবে। আর একবার একত্র তীর্থযাত্রা করিব।

তোমার 'চোখের বালি' বৈশাখ মাস পর্যন্ত দেখিয়াছি। বেশ লাগিয়াছে। ভয় ছিল তুমি যেরূপ অবস্থায় ফেলিয়াছ তাহাতে কি করিবে। কিন্তু সবই সুন্দর হইয়াছে।

আমার এখানকার কাজের সংবাদ ভালই। স্রোত বোধ হয় অনুকূলেই পরিবর্ত্তন হইয়াছে। সেদিন Linnean Societyর বাৎসরিক অধিবেশনে আমার কার্য্য সম্বন্ধে বিশেষ প্রশংসা হইয়াছে। যদি অধিক দিন থাকিতে পারি তাহা হইলে সবই অনুকূল হইতে পারে

বলিয়া মনে হয়। তবে জয়পরাজয় জোয়ার-ভাটা। Germanyর Bonn University তে বক্তৃতা করিতে অনুরোধ আসিয়াছে। তোমাদের প্রতিনিধির উপর একটু সদয় হইও। তোমাদের নিকট একটু উৎসাহ পাইবার জন্য মাঝে মাঝে যে অবসাদ আসে তাহার কথা লিখিয়াছিলাম, আর অমনি তুমি বলিয়া বসিলে সীজারের নৌকাডুবি কখনও হয় না। একবার সমুদ্রে পড়িলে বুঝা যাইত নৌকাডুবি হয় কিনা। তুমি কি মনে কর যে আমি এক কেষ্ট বিষ্টু হইয়াছি। গলায় পাথর বান্ধিয়া জলে ফেলিলে ভাসিয়া উঠিব? দোহাই এরূপ কবি-কল্পনা হইতে আমাকে রক্ষা কর।

আগামী সপ্তাহে Photograhic Societyতে বক্তৃতার জন্য অনুরুদ্ধ হইয়াছি— দৃষ্টি ও ফটোগ্রাফী সম্বন্ধে বলিতে হইবে। চক্ষে যে-ছায়া পড়ে তাহা মিলাইয়া যায়, কেবল তাহার প্রতিধ্বনি সুপ্ত ও জাগরিত স্মৃতিরূপে থাকিয়া যায়। কিন্তু photoর ছবি একবারে অপরিবর্ত্তিত রূপে মুদ্রিত হইয়া যায়। কি করিয়া সেই আণবিক আড়ষ্টতা (molecular arrest) সাধিত হয় তাহার সম্বন্ধে অতি আশ্চর্য্য experiment সফলতা লাভ করিয়াছি। হঠাৎ মনে হইল, তুমি আমার আবিষ্কার চুরী করিয়া ইতিপূর্ব্বে কবিতারূপে প্রচাব করিয়াছ। সুরদাস যখন তাহার চক্ষু শলাকাবিদ্ধ করিতে যাইতেছিল তখন তাহার মনে হইল যে, চির-অন্ধকারে পলকহীন স্মৃতি চিরমুদ্রিত থাকিবে।

তোমার



লন্ডন
২৭ এ জুন, ১৯০২

বন্ধু,

তোমার আহ্বান আমাকে দেশের দিকে টানিতেছে— শীঘ্রই তোমাদের সহিত দেখা করিব, এই মনে করিয়া মন উৎসাহে পূর্ণ হইতেছে।

তুমি যাহার সূত্রপাত করিতেছ তাহাই আমাদের প্রধান কল্যাণ। আমাদের সাম্রাজ্য বাহিরে নয়, অন্তরে। পুণ্যভূমি ভারতবর্ষ—ইহার অর্থ বুঝিতে অনেক সময় লাগে। নিরাশার কথা শুনিয়া যশ ভাঙ্গিয়া যায়, কিন্তু তোমার নিকট উৎসাহের কথা শুনিয়া বড়ই আশান্বিত হইয়াছি। ভারতের কল্যাণ আমাদের হাতে, আমাদের জীবন দিয়া আমাদের আশা, আমাদের সুখ-দুঃখ আমরাই বহন করিব। মিথ্যা চাক্‌চিক্যে যেন আমরা ভুলিয়া না যাই ; যাহা প্রকৃত, যাহা কল্যাণকর তাহাই যেন আমাদের চিরসহচর হয়। বিদেশে যাহা উন্নতি বলে, তাহার ভিতর দেখিয়াছি। আমরা যেন কখনও মিথ্যা কথায় না ভুলি— 'পুণ্যই' আমাদের প্রধান লক্ষ্য। অন্তরে কিম্বা বাহিরে প্রতারণা দ্বারা আমরা কখনও প্রকৃত ইষ্ট লাভ করিব না।

আমি একবার মনে করিতেছি, শীঘ্রই দেশে আসিব। আবার মনে হইতেছে, আর কয়মাস থাকিয়া আমার মত প্রচার করিয়া ফিরিব। এতদিন সংগ্রামে বিক্ষুব্ধ ছিলাম ;— তুমি শুনিয়া সুখী হইবে সর্ব্বত্রই জয়-সংবাদ। তোমার নিকট তিনখানা পুস্তিকা পাঠাই। তারিখ দেখিলে বুঝিবে ইহা এক বৎসর পূর্ব্বে পঠিত হয়, এক বৎসর পরে গৃহীত হইল। জড়ের স্পন্দন সম্বন্ধে গত বৎসরের ঘটনা জান। পুনরায় এ বৎসর Royal Societyতে আসিয়াছিলাম। এবার অনেক তর্কের পর আমার মতেরই জয় হইয়াছে— R. Society সত্বরই তাহা প্রচার করিবেন। Linn. Society উদ্ভিদ্ সম্বন্ধে আমার আবিষ্কার প্রকাশ করিবেন। ইতিমধ্যে Royal Photographic Society হইতে আহুত হইয়া photography সম্বন্ধে আমার নূতন মত্ বিষয়ে বক্তৃতা করি, তাহাতে অনেকে নূতন তত্ত্বে বিস্মিত ও পুলকিত হইয়াছেন। President বলিয়াছেন, It will Produce a revolution about our ideas of photography। আমি সম্প্রতি বিনা আলোকে ছবি তুলিতে সমর্থ হইয়াছি। বন্ধু, আমি একবার নূতন নূতন তত্ত্বের সন্ধান পাইয়া বিহ্বল হইয়াছি। ইহার অন্ত কোথায়? মানুষের মন যে আর ধারণা করিতে পারে না।

তোমার
**জগদীশ**



১৮ই জুলাই, ১৯০২

বন্ধু,

সোমবার দিন তোমার পত্রের জন্য প্রতীক্ষা করিতেছিলাম, পাইয়া সুখী হইয়াছি।

তুমি লিখিয়াছ যে, আমরা ক্রমাগত এই সংসারের পাকে ঘুরিতেছি, একথা ঠিক্। মাঝে মাঝে এই আবর্ত্ত হইতে উদ্ধার পাইয়া প্রকৃতের সন্ধান পাই। রৌদ্র ও মেঘের ছায়া ক্রমাগত আমাদের হৃদয়পটে একে অন্যের অনুধাবন করিতেছে।

ইহার মধ্যে থাকিয়াই যাহা করিবার করিতে হইবে।

অনেক অকাজ লইয়া কখন কখন প্রকৃত কার্য্যের অনুসন্ধান পাইব।

সৌভাগ্যক্রমে আমাদের জাতীয় জীবনে পুরাতন কাল হইতে যে এক ছাপ পড়িয়াছে তাহা কখনও মুছিয়া যাইবে না। তাহা হইতে আমরা প্রকৃত ও অপ্রকৃতের ভেদ বুঝিতে পারিব। সহস্র অজানার মধ্যেও আমাদের মন চিরন্তনের দিকে উন্মুখ থাকিবে।

সেই চিরন্তন সত্য ভারতের প্রতি গহন ও গিরিগহ্বর হইতে আমাদিগকে আহ্বান করিতেছে। কথার জাল ও অকর্ম্মের জাল আমাদিগকে চিরকাল বাঁধিয়া রাখিতে পারিবে না। দুইদিন পরে অকৃতার্থতার জন্য আমরা বিমুর্ষ হইব না।

তবে একটা সামঞ্জস্যের আবশ্যক। তোমাকে যিনি গান গাহিবার জন্য পাঠাইয়াছেন, তুমি তাঁহারই জন্য গান গাহিবে। ইহাই তোমার মন্ত্র। এই অস্ফুট ভাষাতেই তুমি জীবন স্ফুটিত করিবে।

আমাদের যাহার যা-কিছু শক্তি আছে তাহাই যেন নিয়োজিত করিতে পারি। আমাদের সমস্ত শক্তি অতি ক্ষুদ্র। কিন্তু যাহা কিছু আছে তাহাই যেন পূজার জন্য দিতে পারি।

কিন্তু বলা ও কার্য্যের আড়ম্বরে যেন আমরা প্রকৃত ভুলিয়া না যাই। এজন্যই তুমি যে-আশ্রম করিয়াছ তাহার দিকে আমার মন আকৃষ্ট হইয়াছে। মাঝে মাঝে সেখানে যাইয়া প্রকৃতিস্থ হইয়া আসিব। কেবল বাহির লইয়া থাকিবার বিড়ম্বনা এদেশে দেখিতেছি। বাহির ও অন্তরের সামঞ্জস্য কি করিলে হয় তাহা আমাকে জানাইও।

আমার পুস্তকের শেষ প্রুফ লইয়া ব্যস্ত আছি। আর ৩/৪ সপ্তাহে পুস্তক মুদ্রিত হইবে। প্রুফ দেখিবার সময় গত দুই বৎসরের দারুণ সংগ্রামের কথা মনে হইয়া একান্ত ক্লিষ্ট হই।

আমার এই দীর্ঘ যন্ত্রণার ফল যেন তোমাদের গ্রহণীয় হয়। মনে করিয়াছিলাম উৎসর্গপত্রে লিখি—

To my countrymen
Who will yet claim
The intellectual heritage
Of their ancestors.

কিন্তু বন্ধু, এমন কথা বলিতেও লজ্জিত হইতে হয়। তোমরা আমার হৃদয়ের কামনা বুঝিয়া লইও।

এই সঙ্গে ক্ষুদ্র দুইখানা পুস্তিকা পাঠাই।

আরও দুএকটি নূতন বিষয়ের সন্ধান পাইয়াছি, কিন্তু অনিশ্চিততার মধ্যে মনের দৃষ্টি যেন চলিয়া গিয়াছে।

তোমার
**জগদীশ**



লন্ডন
৫ ই সেপ্টেম্বর, ১৯০২

বন্ধু,

অনেক দিন পরে তোমার পত্র পাইয়া সুখী হইলাম। এতকাল চিঠি না পাইয়া চিন্তিত ছিলাম। তোমার অসুখ সারিয়াছে শুনিয়া আশ্বস্ত হইলাম।

কবি চির-যৌবন লইয়া জন্মগ্রহণ করেন, সুতরাং জরা তোমাকে স্পর্শ করিবে না।

তোমার সহিত কত বিষয় বলিবার আছে তাহা অনেক দিনেও ফুরাইবে না। তোমার গৃহে আমার জন্য একটুকু স্থান রাখিও। বাহিরের কোলাহল, মিথ্যা বাদ-বিসংবাদ হইতে পলায়ন করিয়া তোমার সহিত প্রকৃতের অন্বেষণ করিব।

এ কয়মাস জার্ম্মেনী ও আমেরিকার বিশ্ববিদ্যালয় বন্ধ। তথায় যাইতে হইলে আর-এক বৎসর ছুটি লইতে হয়। ইণ্ডিয়া অফিসে সে-বিষয়ে বড় উৎসাহ পাইলাম না, অনুগ্রহ ভিক্ষা করিতেও রুচি হইল না। একবার ফিরিয়া আসিয়া পুনরায় দীর্ঘ প্রবাসের জন্য বাহির হইব, এই আশা করিতেছি। অন্য কারণেও ইহা শ্রেয়ঃ। কারণ, এখানে যে-বাধা পাইয়াছিলাম, এখানে থাকিয়াই তাহা ভগ্ন করিব। আমার প্রতিযোগীদের সম্মুখীন হইয়া তাহাদিগকে পরাস্ত করিতে না পারিলে আমি শান্তি পাইতাম না। তুমি শুনিয়া সুখী হইবে যে, এতদিনের বিরুদ্ধগতি অনুকূল হইয়াছে। সে-দিন Nature-এর leading articleএ লিখিত ছিল, The Eastern mind coming fresh and untrammelled to the work has taught us, etc. Royal Society এখন আমার দীর্ঘ প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। British Association হইতে সসম্মানে আহুত হইয়াছি। Botanical Section-এর President লিখিয়াছেন—

"আমি Plant Physiology সম্বন্ধে যে-পুস্তক লিখিয়াছি, তাহা অপূর্ণতা দ্বিতীয় সংস্করণে আপনার আবিষ্ক্রিয়ার দীর্ঘ বিবরণ দিয়া পূরণ করিব।"

নূতন বিষয় অভ্যস্ত হইতে কতকটা সময় লাগে, সুতরাং সম্মুখের বৎসরে তাহা অভ্যস্ত হইলে আরও নূতন তথ্য প্রচারের সহায়তা হইবে। নতুবা অনেকগুলি নূতন বিষয় একবার গ্রহণ করিতে মানসিক জড়তা বাধা দেয়।

এই চিঠি পাইবার পশ্চাতে তোমাদের মধ্যে আমাকে দেখিতে পাইবে। ১৯ এ সেপ্টেম্বর রওনা হইব, কলিকাতা ৫ই কি ৬ই অক্টোবর পৌঁছিব। বোম্বাই হইতে তোমাকে Telegraph করিব। তোমার সহিত যেন অগৌণে দেখা হয়।

দুই বৎসরের পর তোমাদের সহিত দেখা হইবে। তোমাদের শুভ ইচ্ছা আমাকে সর্ব্বদা সঞ্জীবিত রাখিয়াছে। তোমাদের শুভ ইচ্ছা যদি কিয়ৎপরিমাণে পূরণ করিয়া থাকি, তাহা হইলে সুখী হইব।

তোমার
**জগদীশ**

অনেকগুলি নূতন কবিতা ও গল্প ফরমাইস রহিল।
আমার ক্ষুদ্র বন্ধুটিকে ক্রোড়ে লইয়া সুখী হইব।



২৯-৬-১৯০৪

বন্ধু,

তোমার শারীরিক অবস্থা কিরূপ জিজ্ঞাসা করিয়াছিলাম, সে-সম্বন্ধে যে নিরুত্তর ! ইহার অর্থ কি ? তুমি যদি সম্পূর্ণরূপ সারিয়া না আইস তবে তোমার সঙ্গে বোঝাপড়া আছে।

তোমার সহিত দেখা কবে হইবে ? আমার মনটা একটু বিষণ্ন আছে, একটা বড় কিছু লইয়া এখন থাকিতে চাহি, আমার নিজের কাজ ত একরূপ বন্ধ। কারণ ১৯টি Papers লিখিয়াছি, তাহার একটাও প্রকাশিত হইতে পারিতেছে না, কি হইল তাহাও বুঝিতে পারিতেছি না। বই লিখিব মনে করি, কিন্তু সেই পুরাতন লেখা এখন দেখিতে ইচ্ছা করে না।

ভাল কথা, আমার যে প্রতিদ্বন্দ্বী, আমার আবিষ্ক্রিয়া চুরী করিয়াছিল, সে একখানা পুস্তক লিখিয়াছে, তাহাতে লেখা আছে যে, পূর্ব্বে লোকে মনে করিত যে, কেবল sensitive plant এ সাড়া দেয় ; "But these notions are to be extended and we are to recognise that *any* vegetable protoplasm gives electric respones."

"I have used all kinds of vegetable protoplasms."

"We are to recognise" ; কাহার discoveryর দ্বারা ইহা হইয়াছে তাহার কোন উল্লেখ নাই।

তারপর আমার পুস্তকে Physiologistদের একটা প্রকাণ্ড ভুল ধরিয়া দিয়াছিলাম— আমার আবিষ্কার হইতে প্রমাণ হইয়াছে যে, তাহাদের গোড়ায় গলদ— যাহা তাহারা negative বলে তাহা Positive। ইহা অপেক্ষা সাংঘাতিক আর কি ভুল হইতে পারে? তাহার উত্তরে প্রতিদ্বন্দ্বী লিখিয়াছে (আমার নাম করিতে নাই—আমার নাম physicist)!

"But in the Present state of our physiological literature, is it wise to attempt to use the proper expression? No doubt the confusion is very great, no doubt the main bulk of our electro-physiological literature is totally unintelligible to physicists. Shall we not, however, lay the foundation of a further mass of worse-confounded confusion by any sudden and unauthorised endeavour to call white white and black black, when for the last twenty of thirty years our leaders have been content to call white black white?"

আমরা এতদিন Whiteকে Black বলিয়াছি। Unauthorised Physicist আসিয়া আমাদিগকে শিখাইতে চায় white is white ! কি ভয়ানক !

তুমি কি মনে করিতে পার, বিলাতের বিজ্ঞান এখন কিরূপ অবস্থায় পড়িয়াছে?

ইহা হইতে বুঝিতে পারিবে যে, কিরূপ বাধার সহিত আমায় সংগ্রাম করিতে হয়। এসব কথা তোমাকে লিখিয়া, বোঝা অনেকটা দূর হইল, কয়দিন পর পুস্তক লিখিতে আরম্ভ করিব।

স্কুলের কথা শুনিয়া আশ্বস্ত হইলাম। ভাল কথা, সেদিন আমার কোন বিশেষ বন্ধু তাঁহার সন্তানের শিক্ষার জন্য আমার পরামর্শ চাহিয়াছিলেন। দেশী লোকদের জন্য ৫টাকার পরিবর্ত্তে ১০টাকা বেতন St. Xaviers এ ধার্য্য হইয়াছিল। ইহাতে দেশীয় কর্ত্তৃপক্ষগণ পরম সৌভাগ্য মনে করিতেছিলেন। এখন সরকার হইতে হুকুম আসিয়াছে যে, দেশীয় দিগকে যেন আর না ভর্ত্তি করা হয়। Loretto হইতে— এর চিঠি আসিয়াছে মেয়েগুলিকে দূর করিবার জন্য। এখন কথা, কোন নেটিভ্ স্কুলে ছেলে-মেয়ে দেওয়া যায়। হায়, এত অপর্য্যাপ্ত রাজভক্তির এই পুরস্কার !

মায়াবতীতে একজন আমেরিকান্ আসিয়াছে, সে কল-কারখানায় বিশেষ মজবুত। আমার ইচ্ছা তুমি শীতকালে কয়মাসের জন্য তাহাকে নিমন্ত্রণ করিয়া স্কুলে আনাও।

সদানন্দ * মৃতপ্রায় হইয়া আসিয়াছেন। দিন* ও রথীর কি পরিবর্ত্তন দেখিলে? সদানন্দ তোমার উৎসাহপূর্ণ চিঠির জন্য উন্মুখ হইয়া আছেন। বুঝিতে পারিলাম যে, শেষ মুহূর্ত্তে অনেকে পৃষ্ঠভঙ্গ দেওয়ার জন্য খরচ অনেক বেশী লাগিয়াছে।

Sister নিবেদিতা ও Christine তোমার বাড়ীতে স্কুল খুলিবার জন্য বিশেষরূপে লাগিয়াছেন। তবে ছাত্রী জোগাড় কি করিয়া করিবেন জানি না—আর টাকাও দরকার মনে হয়। নিবেদিতা আশা করিতেছেন যে তাঁহার নূতন পুস্তক বিক্রয় দ্বারা এই অভাব কতটা দূর হইবে। তুমি শুনিয়া সুখী হইবে যে, বিলাতে Web of Indian Life পুস্তকের বহু প্রশংসা হইতেছে— ভারত-বিদ্বেষী কাগজেও লিখিতেছে যে Kipling ইত্যাদির ভারতবর্ষের চিত্র হয় ত ঠিক নয়, ভিতরের যথার্থ চিত্র এইরূপই হইবে। সম্ভবতঃ এই পুস্তক বহুল প্রচার হইবে, আমেরিকান্ এডিশন্ ইহার মধ্যেই বাহির হইয়াছে। তবে Publisherএর নিকট হইতে পয়সা আদায় করা কঠিন।

বঙ্গদর্শনের ইউনিভারসিটির বিল পড়িয়া সুখী হইয়াছি। ভাষার ইঙ্গিতে অতি সুন্দর হইয়াছে।

তোমার

---

* সদানন্দ : স্বামী সদানন্দ। ১৯০৪ সালের অক্টোবর মাসে তিনি রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র বসুর ভ্রমণ সঙ্গী হয়েছিলেন।
* *দিনু : দীনেন্দ্রনাথ ঠাকুর। দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের পুত্র।*



২৩ এ অক্টোবর ১৯০৫

বন্ধু,

তোমাকে একটা বিষয় পরিষ্কার করিয়া বুঝাইয়া দিতে হইবে। সর্ব্বপ্রথম আমাদের বঙ্গভবন* প্রতিষ্ঠা করা আবশ্যক। একটি মূর্ত্তিমান এবং বর্দ্ধমান জিনিষ আমাদের উৎসাহের প্রধান সহায় হইবে। তারপর এই স্থানে কেন্দ্র করিয়া যত বড় কাজ আরম্ভ হইবে। এই স্থানে ৫০০০ লোকের বসিবার হল যেন নির্ম্মিত হয়। সেখানে প্রতি পক্ষে নিয়মিতরূপ ছাত্রদের জন্য বক্তৃতা, কথকতা প্রভৃতি হইবে। তারপর আমাদের সেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের বক্তৃতা এখানে নিয়মিতরূপ দেওয়া হইবে। এ বিষয়টি অতি গুরুতর, কারণ বিশ্ববিদ্যালয় হইতে ছাত্রদিগকে বহিষ্কার জন্য বিবিধ সাংঘাতিক চেষ্টা হইতেছে ইহার প্রতিবিধান একান্ত আবশ্যক।

তারপর জাতীয় ভবনে তোমার সমাজের অধিবেশন হইবে, নানা বিভাগে শিল্প বাণিজ্য ইত্যাদির জায়গা থাকিবে।

চাঁদা তুলিয়া কাপড়ের কল ইত্যাদি করিবার চেষ্টা ভুল। এই কেন্দ্র হইতে নানা বিষয়ের অনুসন্ধান, সংবাদ ইত্যাদির দরকার।

এখানে রামমোহন রায়, বঙ্কিম, ঈশ্বর বিদ্যাসাগর, ইত্যাদির স্মৃতিচিহ্ন থাকিবে, ইত্যাদি।

তুমি এ বিষয়ে অতি সুন্দর প্রবন্ধ প্রস্তুত করিবে। ভ্রাতৃদ্বিতীয়ার দিন নানা স্থানে পঠিত হইবে।

এ সময় আমাদের বিজ্ঞজনেরা বিবিধ জ্ঞানগর্ভ উপদেশ দিবেন এবং ঘুমাইবার পরামর্শ দিবেন। এখনই জাগ্রত থাকিবার সময়। তোমাকে চোকিদারী করিতে হইবে।

তোমার

বন্ধু

---

* বঙ্গভবন : ফেডারেশন হল বা অখণ্ড বঙ্গভবন। ১৯০৫ সনের ১৬ অক্টোবর এই অখণ্ড বঙ্গভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন আনন্দমোহন বসু।



London
19th Dec. 1907.

আমার বন্ধু,

তোমার এই শোকের সম* য় কেবলমাত্র আমার হৃদয়ের বেদনা জানাইতেছি। তোমার সুখদুঃখের সাথী আমি। কি করিয়া তোমাকে সান্ত্বনা দিব জানি না।

আমাদের দুজনেরই অনেক প্রিয়জন পরপারে। সুতরাং সেদেশ আর দূরদেশ মনে হয় না।

কেবল এ কয়দিনে যথাসাধ্য কার্য্য সমাপন করিয়া লইতে হইবে। তোমার বিদ্যালয়ের কথা যতই মনে করি ততই মন উৎফুল্ল হয়। অন্ততঃ কয়েকটি জীবন যে তোমার শিক্ষায় অমর হইবে তাহার সন্দেহ নাই।

এখানে নূতন রকমের কল দেখিয়া ইচ্ছা হয় যে, তোমার স্কুলে ছোট কারখানা খোলা হয়। ছোট কেরসিনের এঞ্জিন ১৫০টাকা মাত্র, অতি সহজেই চলে। বিদ্যুতের আলোর কল তাহা দ্বারা চালান যাইতে পারে, উহার জন্য আর ৫০টাকা। আমার শিষ্য সুরেশের সহিত তোমার স্কুল সম্বন্ধে সর্ব্বদা আলোচনা করি। ছোট American lathe সম্ভবতঃ ২০০টাকার মধ্যে পাওয়া যাইবে। ৫/৬ শত টাকা হইলে তোমার ছোট কারখানা আরম্ভ করা যাইতে পারে।

তোমার জামাতাকে সেদিন নিমন্ত্রণ করিয়াছিলাম। তাহাকে দেখিয়া বিশেষ সুখী হইয়াছি। একমুহূর্ত্তেও তাহার সময় অপব্যয় হয় না, যত অল্প সময়ে সম্ভব তাহাতেই তাহার এখানকার কার্য্য সমাপ্ত হইবে। তুমি হয়ত তাহাকে দেখিবার জন্য ব্যাকুল আছ, এ কয়মাস দেখিতে দেখিতে শেষ হইবে।

রথীর* খবর আমাকে জানাইবে। আমি আগামী বর্ষে হয়ত আমেরিকা যাইতে পারি।

তোমার
**জগদীশ**

---

* শোকের সময়ে : রবীন্দ্রনাথের কনিষ্ঠ পুত্রের মৃত্যুর প্রসঙ্গে বলা হয়েছে।

* রথী : রথীন্দ্রনাথ ঠাকুর (১৮৮৮–১৯৬১), রবীন্দ্রনাথের জ্যেষ্ঠপুত্র।



দার্জ্জিলিং
২/৬/১৯১৯

বন্ধু
তুমি ধন্য। *

তোমাব
জগদীশ

---

* জালিওয়ালানাবাগ হত্যাকান্ডেব প্রতিবাদে ববীন্দ্রনাথ ১৯১৯ সালেব ২ জুন নাইট উপাধি ত্যাগ কবাব সংবাদে অভিভূত জগদীশচন্দ্র বসু তিন শব্দেব এই পত্রটি লিখেন।

# পরিশিষ্ট-এক

[ জগদীশচন্দ্র বসুকে লেখা রবীন্দ্রনাথের পত্রাবলী ]



২৪ জুন ১৮৯৯

ওঁ

শিলাইদহ
কুমারখালি
১০ই আষাঢ় ১৩০৬

প্রিয়বরেষু

আপনার পত্রখানি পড়িয়া আমি বিশেষ সান্ত্বনা ও আনন্দ লাভ করিয়াছি। স্তুতিনিন্দার প্রতি উদাসীন থাকিতে বিশেষ চেষ্টা করি, কৃতকার্য্য হইতে পারি না বলিয়া যথাসম্ভব দূরে থাকি ; কিন্তু সংসারকে ফাঁকি দেওয়া চলে না ; প্রেমদাসের একটা গান আছে :—

বৃথা শোচ কুছ্ কাম ন আওয়ে—
ভোগ বিনা নাহি মিট্‌না।

বৃথা শোক করিয়া কোন ফল হয় না—যাহা ভোগ করিবার তাহা না করিয়া এড়াইবার যো নাই। কিন্তু দুঃখের মধ্যে পরম সুখ এই যে বন্ধুদের সস্নেহ হৃদয় নিজের বেদনার নিকট অগ্রসর হইতে দেখি।

শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয়* কুক্ষণে ২০টি রেশমের গুটি আমার ঘরে ফেলিয়া গিয়াছিলেন। আজ দুই লক্ষ ক্ষুধিত কীটকে দিবারাত্রি আহার এবং আশ্রয় দিতে আমি ব্যতিব্যস্ত হইয়া উঠিয়াছি—দশ বারোজন লোক অহর্নিশি তাহাদের ডালা সাফ করা ও গ্রাম-গ্রামান্তর হইতে পাতা আনার কার্য্যে নিযুক্ত রহিয়াছে—লরেন্স্** স্নান-আহার-নিদ্রা পরিত্যাগ করিয়া কীট-সেবায় নিযুক্ত। আমাকে সে দিনের মধ্যে দশবার করিয়া টানাটানি করে—প্রায়

---

* অক্ষয়কুমার মৈত্রেয় : ঐতিহাসিক, তাঁর ইতিহাস চর্চায় রবীন্দ্রনাথ প্রেরণা পেয়েছিলেন—'ইতিহাস' গ্রন্থে তার প্রভূত নিদর্শন সংকলিত রয়েছে। অক্ষয়কুমার রেশম শিল্পে বিশেষজ্ঞ এবং দেশে এই শিল্পের প্রতিষ্ঠাকল্পে উদ্যোগী ছিলেন। তিনি রাজশাহী রেশম শিল্প বিদ্যালয়ের একজন প্রধান উদ্যোক্তা। এই বিদ্যালয় থেকে রেশমের কাপড় কিনে রবীন্দ্রনাথ শুধু নিজেই ব্যবহার করতেন না, বন্ধুদেরও উপহার দিতেন।

** লরেন্স : শিলাইদহে রবীন্দ্রনাথের পুত্রকন্যাদের গৃহশিক্ষক। পরে শান্তিনিকেতনে অধ্যাপক ছিলেন।

পাগল করিয়া তুলিল। ইংরেজ জাতি কেন যে সকল বিষয়ে কৃতকার্য্য হয় তাহার প্রত্যক্ষ কারণ দেখিতেছি। উহাদের শক্তি চালনা করিবার জন্য বিধাতা উনপঞ্চাশ বায়ু নিযুক্ত করিয়াছেন, অথচ উহাদের মধ্যে বোঝাই এত আছে যে কাৎ করিতে পারে না। এখন যদি আমাদের কীটশালায় একবার আসিতে পারিতেন তবে একটা দৃশ্য দেখিতে পাইতেন। বৃহৎ ব্যাপার হইয়া উঠিয়াছে। কোন এক সময় ছুটী পাইলে এদিককার কথা স্মরণ করিবেন।

আমার চাষ-বাসের কাজও মন্দ চলিতেছে না। আমেরিকান ভুট্টার বীজ আনাইয়াছিলাম—তাহার গাছগুলো দ্রুতবেগে বাড়িয়া উঠিতেছে। মাদ্রাজি সরু ধান রোপন করাইয়াছি, তাহাতেও কোন অংশে নিরাশ হইবার কারণ দেখিতেছি না। দ্বিজেন্দ্রলালবাবু* সোমবার সস্ত্রীক আমার শস্যক্ষেত্র পর্য্যবেক্ষণ করিতে আসিবেন।

আপনারা উভয়ে আমাদের আন্তরিক প্রীতি-অভিবাদন গ্রহণ করিবেন।

আপনার
**শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর**

---

* **দ্বিজেন্দ্রলালবাবু ঃ দ্বিজেন্দ্রলাল রায় (১৮৬৩-১৯১৩)। কবি ও নাট্যকার।**



১৭ সেপ্টেম্বর

ওঁ

শিলাইদহ
কুমারখালি
নদীয়া

প্রিয় বন্ধু,

চুপচাপ বসে একখানা ফরাসী ব্যাকরণ নিয়ে ওল্টাচ্ছিলুম এমন সময় চিঠিখানি পেয়ে মৃত ভেকের মধ্যে তড়িৎ-প্রবাহের সঞ্চার হ'য়ে খুব ধড়ফড় ক'রে উঠেছি। লোকেনকে, সুরেনকে আপনার চিঠিখানা দেখাবার জন্যে ছট্‌ফট্ কর্‌চি, কিন্তু তারা দূরে, আজই তাদের লিখে পাঠাতে হবে। যুদ্ধ ঘোষণা ক'রে দিন্। কাউকে রেয়াৎ কর্‌বেন না—যে হতভাগ্য surrender না কর্‌বে, লর্ড রবার্টসের মত নির্ম্মম চিত্তে তাদের পুরাতন ঘর-দুয়ার তর্কানলে জ্বালিয়ে দেবেন—আপনি এক সৈন্যসম্প্রদায়ের সঙ্গে আর-এক সৈন্যসম্প্রদায় গেঁথে যে-রকম ব্যূহ রচনা করেচেন তাতে প্রিটোরিয়ায় ক্রিষ্ট্‌মাস্ করতে পার্‌বেন ব'লে আমার দৃঢ় বিশ্বাস। তারপরে আপনি জয় করে এলে আপনার সেই বিজয় গৌরব আমরা বাঙ্গালীরা মিলে ভাগ ক'রে নেব—আপনি কি কর্‌লেন তা বোঝাবার কিছু দরকার হবে না, না বুদ্ধি, না অর্থ, না সময় কিছুই খরচ কর্‌তে হবে না, কেবল টাইম্‌স্ পত্রে ইংরেজের মুখ থেকে বাহবা শোন্‌বামাত্র সেই বাহবা আমরা লুফে নেব। তখন আমাদের দেশীয় কোন বিখ্যাত কাগজে বল্‌বে, আমরা বড় কম লোক নই ; অন্য কাগজে বল্‌বে, আমরা বিজ্ঞানে নব নব তথ্য আবিষ্কার করচি ;— এদিকে আপনার জন্যে কারো সিকি পয়সার মাথাব্যথা নেই, কিন্তু জগৎ থেকে যশের ফসল ঘরে আন্‌বেন তখন আপনি আমাদের ;—চাষের বেলা আপনার একা, লাভের বেলা আমরা সবাই ; অতএব আপনি জয়ী হ'লে আপনার চেয়ে আমাদেরই জিৎ।

আপনি 'ক' বিন্দুতে কম্পমান, আমি 'খ' বিন্দুতে দিব্য নিশ্চেষ্ট নিরুদ্বিগ্ন হ'য়ে বসে আছি—আমার চারিদিকে আমন ধান এবং আখের ক্ষেত আসন্ন শরতের শিশিরাক্ত বাতাসে দোদুল্যমান। শুনে আশ্চর্য্য হবেন, একখানা Sketch book নিয়ে ব'সে ব'সে ছবি আঁক্‌চি। বলা বাহুল্য, সে-ছবি আমি প্যারিস সেলোন-এর জন্যে তৈরী কর্‌চিনে, এবং কোন দেশের

ন্যাশনাল গ্যালারী যে এগুলি স্বদেশের ট্যাক্স বাড়িয়ে সহসা কিনে নেবেন এরকম আশঙ্কা আমার মনে লেশমাত্র নেই। কিন্তু কুৎসিত ছেলের প্রতি মার যেমন অপূর্ব্ব স্নেহ জন্মে তেমনি যে বিদ্যাটা ভাল আসে না সেইটের উপর অন্তরের একটা টান থাকে। সেই কারণে যখন প্রতিজ্ঞা কর্‌লুম, এবারে ষোল আনা কুঁড়েমিতে মন দেবো তখন ভেবে ভেবে এই ছবি আঁকাটা আবিষ্কার করা গেছে। এই সম্বন্ধে উন্নতি লাভ কর্‌বার একটা মস্ত বাধা রয়েছে এই যে, যত পেন্সিল চালাচ্ছি তার চেয়ে ঢের বেশী রবার চালাতে হচ্ছে, সুতরাং ঐ রবার চালানোটাই অধিক অভ্যাস হ'য়ে যাচ্চে—অতএব মৃত র‍্যাফেল্‌ তাঁর কবরের মধ্যে নিশ্চিন্ত হ'য়ে ম'রে থাক্‌তে পারেন—আমার দ্বারা তাঁর যশের কোন লাঘব হবে না।

লোকেন আসন্ন পূজার ছুটিতে আমাকে তার ভ্রমণের সহচর ক'রে সিমলা-শিখরে টান্‌বার জন্যে চেষ্টা কর্‌চে—কিন্তু আমি নড়্‌চিনে। ঋষিরা যখন পর্ব্বত-শিখরে তপস্যা কর্‌তে যেতেন তখন সে এক সময় ছিল—কিন্তু এখন যে গিরিশৃঙ্গে শান্তি নেই সেকথা আপনার অগোচর নেই। আশা করি, দার্জ্জিলিঙের সেই পথে-পাওয়া বন্ধুটিকে ভোলেননি। আমি আমার পদ্মা-তীরের কলহংস-মুখর বালুতটে শারদশ্রীর শুভ শুভ্র সমাগম প্রতীক্ষা কর্‌চি। বোধ করি, মনে আছে, আপনি আমাকে একটি ভ্রমণ-সঙ্গ-দানে প্রতিশ্রুত আছেন, কাশ্মীরে হোক্‌, উড়িষ্যায় হোক্‌, ত্রিবাঙ্কুরে হোক্‌, আপনার সঙ্গে ভ্রমণ ক'রে আপনার জীবনচরিতের একটা অধ্যায়ের মধ্যে ফাঁকি দিয়ে স্থান পেতে ইচ্ছে করি। আশা করি, বঞ্চিত কর্‌বেন না—সেই ভবিষ্যৎ কোন একটা ছুটির জন্যে পাথেয় সঞ্চয় ক'রে রাখ্‌চি। গৃহিণী আমার অনতিদূরে একটা কেদারায় ব'সে আমাকে স্নানাহারের জন্যে অত্যন্ত তাগিদ কর্‌চেন—বেলাও হয়েচে। অতএব ক্ষণকালের জন্যে মার্জ্জনা কর্‌বেন—আমার অধিক দেরী হবে না।

লোকেন আমার যে কাব্য-চয়ন প্রকাশে প্রবৃত্ত ছিল মাঝখানে বিলাতে গিয়ে তার উদ্যম যেন ক'মে এসেছে। সে যদি কিছু না মনে করে তা'হলে আমি নিজেই এ কাজে হাত দিতে পারি। আমি ছবি আঁক্‌চি শুনে যদি আশ্চর্য্য হন ত লোকেন কবিতা লিখ্‌তে ব'সে গেছে শুনে বোধ হয় কম আশ্চর্য্য হবেন না। তার এতই দুরবস্থা হয়েচে ! বেচারাকে শেষকালে কবিতা লেখালে। ওমার খায়েমের বাঙ্গলা পদ্যানুবাদ কর্‌চে। দুই-একটা নমুনা দেখ্‌লে তার মনের অবস্থা কতকটা বুঝ্‌তে পারবেন :—

মূঢ় তোরা, ত্যজি' সুখ স্বর্গসুখ-আশে
থাকিস্‌ মুক্তির তরে অন্ধ কারাবাসে।
সুদ পাবি ব'লে ফেলে রাখিস্‌ পাওনা,
ছাড়ি না নগদ আমি যাহা হাতে আসে !

এই সমস্ত কবিতায় লোকেন মূলধন ফুঁকে দিয়ে ব্যবসা চালাবার প্রস্পেক্টস্‌ জারি করচে—সুদ চায় না, লাভ চায় না, যা কিছু জমা আছে সব উড়িয়ে দিতে চায়—আমি এ ব্যবসায়ে শেয়ার কিনতে প্রস্তুত নই।

আপনার শ্যালকজায়া আর্য্যা সরলা, বিদ্যার্ণবের কাছে সম্প্রতি সংস্কৃত পড়্‌তে আরম্ভ কর্‌চেন। শিক্ষা-প্রণালীটি আমার রচিত। খুব দ্রুত উন্নতি লাভ কর্‌চেন—পণ্ডিতমশায় এমন বুদ্ধিমতী ছাত্রী পেয়ে ভারী খুসীতে আছেন। আমি তাঁকে পূর্ব্বেই আশ্বাস দিয়েছি আমার

পদ্ধতি মতে যদি তিনি সংস্কৃত শেখেন তাহ'লে এক বৎসরের মধ্যেই তাঁর সংস্কৃত ভাষায় অধিকার জন্মাবে। তাঁর সংস্কৃত-চর্চ্চায় আমি ভারি আনন্দিত হয়েচি। আমাদের বর্ত্তমান শিক্ষিত মেয়েদের অতিমাত্রায় ইংরেজী চর্চ্চার সামঞ্জস্য রক্ষার জন্যে সংস্কৃত শেখাটা একান্ত দরকার হয়েচে।

মশায়, আপনার জন্যে পুরীর জমীটি ঠেকিয়ে রাখ্‌তে পারব ব'লে আশা হচ্চে না, তার প্রতি ম্যাজিস্ট্রেটের দৃষ্টি পড়েচে। কর্ত্তা আমাকে লিখেচেন, পুরী ডিষ্ট্রীক্ট বোর্ডের আমার ঐ ভূখণ্ডটুকুতে ভারি প্রয়োজন হয়েচে। জোর যার মুল্লুক তার যদি সত্যি হয় তা'হলে ও জমিটুকু রক্ষা হবে না। আপনি যদি এখানে থাক্‌তে থাকতেই বাড়ী আরম্ভ ক'রে দিতে পার্‌তেন তাহ'লে ও লোকটা দাবী কব্‌তে পার্‌ত না।

আজকের দিনটা ঝোড়ো। আকাশ মেঘাচ্ছন্ন—মাঝে মাঝে হঠাৎ মুষলধারে বৃষ্টি হ'য়ে যাচ্চে—মাঝে মাঝে বাতাসের দমকা এসে জানলা দরজাগুলো দুদ্দাড় ক'রে দিয়ে যাচ্চে। এই ঝড়-বৃষ্টি-বাদলে বেশ একটি ছুটীর ভাব এনেচে—সেই কর্ম্মপরায়ণ পশ্চিম দেশে এই ভাবটা ঠিক অনুভব কর্‌তে পার্‌বেন না। একে ত সপ্তাহের মধ্যে সাত দিন কাজ করিনে — তার পবে আবার যেদিন একটু বাদ্‌লা হয়, বা শরতের রৌদ্র ওঠে, বা দক্ষিণের হাওয়া বয়, সেদিন আরও বেশী ছুটী নিতে ইচ্চে হয়। আমি ঘরের দরজা খুলে শার্সিগুলো বন্ধ ক'রে ব'সে আচি—ঝর্‌ঝর শব্দে প্রবল বেগে বৃষ্টি পড়্‌চে।

পত্রোত্তর দানের বিশ্বাস হ'তে যদি নিষ্কৃতি পেতে ইচ্চা করেন তাহ'লে আর্য্যার শরণাপন্ন হবেন—তিনি যদি আপনার হ'য়ে উত্তর দেন তা'হলে আমার কোন নালিশ থাক্‌বে না। তাঁকে আমার সাদর অভিবাদন জানাবেন। আপনি যে কাজে গেছেন তার প্রত্যেক টুকরো খবরটুকু পর্য্যন্ত আমার কাছে পরম উপাদেয়, এটুকু মনে রাখ্‌বেন। কে কি বল্‌চে, কি লিখ্‌চে, কি হচ্চে সমস্ত আদ্যোপান্ত জান্‌বার জন্যে সতৃষ্ণ হ'য়ে আছি। ইতি ১লা আশ্বিন* ।

আপনার

**শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর**

---

* পত্রটিতে তারিখ থাকলেও সাল উল্লেখ নেই।



১২ ডিসেম্বর

ওঁ

বন্ধু,

পীড়িত ছিলাম বলিয়া কিছুদিন পত্র বন্ধ ছিল। সম্প্রতি কলিকাতায় আসিয়া ঘুরপাক খাইয়া বেড়াইতেছি। বিসর্জ্জন নাটকের অভিনয় হইবে ; আমি রঘুপতি সাজিব, সেইজন্য সঙ্গীত সমাজের অনুরোধে পড়িয়া শিলাইদহের বিরহ স্বীকার করিয়া এই পাষাণপুরীর বন্ধনে ধরা দিয়াছি। যত পার তোমার খবর আমাকে পাঠাইবে—তন্ন তন্ন বিবরণের জন্য আমি ক্ষুধাতুর—কোন কথা সামান্য জ্ঞান করিয়া বাদ দিয়ো না। তোমার কীর্ত্তিকাহিনীর মহাভোজের কণাটুকু হইতেও আমি বঞ্চিত হইতে চাই না। ত্রিবেদী তোমার নব প্রকাশিত পুস্তিকা হইতে একটা প্রবন্ধ লিখিতে ইচ্ছুক হইয়াছেন—এ সম্বন্ধে আলোচনার জন্য তাঁহার সহিত একবার দেখা করিব।

আমার গল্পের দ্বিতীয় খণ্ড আর দিন দশেকের মধ্যেই বাহির হইয়া যাইবে। দুইখণ্ড তোমার হস্তগত হইলে নির্ব্বাচন করিবার সুবিধা হইবে। আমার রচনা-লক্ষ্মীকে তুমি জগৎ-সমক্ষে বাহির করিতে উদ্যত হইয়াছ—কিন্তু তাহার বাঙ্গলা-ভাষা-বস্ত্রখানি টানিয়া লইলে দ্রৌপদীর মত সভাসমক্ষে তাহার অপমান হইবে না? সাহিত্যের ঐ বড় মুস্কিল — ভাষার অন্তঃপুরে আত্মীয়-পরিজনের কাছে সে যে ভাবে প্রকাশমান, বাহিরে টানিয়া আনিতে গেলেই তাহার ভাবান্তর উপস্থিত হয়। ঐখানে তোমাদের জিৎ—জ্ঞান ভাষার অপেক্ষা তেমন করিয়া রাখে না, ভাব ভাষার কাছে আপাদমস্তক বিকাইয়া আছে।

গবর্ম্মেন্ট যদি তোমাকে ছুটি দিতে সম্মত না হয়, তুমি কি বিনা বেতনে ছুটি লইতে অধিকারী নও? যদি সে-সম্ভাবনা থাকে তবে তোমার সেই ক্ষতিপূরণের জন্য আমরা বিশেষ চেষ্টা করিতে পারি। যেমন করিয়া হোক তোমার কার্য্য অসম্পন্ন রাখিয়া ফিরিয়া আসিও না। তুমি তোমার কর্ম্মের ক্ষতি করিও না, যাহাতে তোমার অর্থের ক্ষতি না হয় সে ভার আমি লইব।

আমার গল্পের অনুবাদ ছাপাইয়া কিছু যে লাভ হইবে, ইহা আমি আশা করি না—যদি লাভ হয় আমি তাহাতে কোন দাবী রাখিতে চাহি না—তুমি যাহাকে খুসি দিয়ো।

বিসর্জ্জন নাটকের রিহার্সাল আমাকে তাগিদ করিতেছে—অতএব বিদায়। ইতি ১২ই ডিঃ

তোমার
শ্রীরবীন্দ্রনাথ

---

* পত্রে তারিখ থাকলেও সন উল্লেখ নেই। চিঠির বক্তব্য অনুযায়ী ১৯০০ সনের ডিসেম্বরে পত্রটি লেখা।

• গল্পের দ্বিতীয় খণ্ড : গল্পগুচ্ছ দ্বিতীয় খণ্ড।



২১ মে ১৯০১

ওঁ

শিলাইদহ
২১শে মে
১৯০১

বন্ধু

অনেকদিন থেকে তোমার চিঠির জন্যে প্রত্যাশিত হয়েছিলুম। আজ পেয়ে খুব খুসি হলুম। পাছে তোমার কাজের লেশমাত্র ক্ষতি হয় সেই জন্যে আমি তোমাকে কখন তাগিদ করি নে।

পৃথিবীকে সর্ব্বত্র চিম্‌টি কাটবার যে উপায় তুমি বের করেছ সেইটে পড়ে গর্ব্ব অনুভব করা গেল। এতদিন জড় পদার্থ আমাদের বিধিমতে পীড়ন করে আস্‌ছিলেন এবারে তোমার কল্যাণে তাদের উপর প্রতিশোধ নিতে পারব। তাদের দেদার চিম্‌টি কাট আর বিষ খাওয়াও—
—ওগুলোকে কোনমতে ছেড়োনা। এখন থেকে আদালতে যদি অপরাধী জড় পদার্থের বিচার হয় তাহলে বিচারক তাদের চিমটি দণ্ড বিধান কর্ত্তে পারবে।

যদি পাঁচ ছ বৎসর তোমাকে বিলাতে থাক্‌তে হয় তুমি তারই জন্যে প্রস্তুত হোয়ো, অনর্থক ভারতবর্ষের ঝঞ্চাটের মধ্যে এসে কাজ নষ্ট কোরো না। তুমি আমাকে একটু বিস্তারিত করে লিখো এই ৫/৬ বৎসর সেখানে থাকতে গেলে ঠিক কি পরিমাণ সাহায্য তোমার দরকার হবে। আমার কাছে লেশমাত্র সঙ্কোচ কোরো না। বৎসরে তোমাকে কত পরিমাণে দিলে তুমি বিনা বেতনে দীর্ঘ ছুটি নিতে পার আমাকে লিখো। যাতে তুমি স্বচ্ছন্দে ও নিশ্চিন্ত চিত্তে সেখানে থেকে তোমার কাজ করতে পার আমি বোধ হয় তার ব্যবস্থা করে দিতে পারব। তুমি আমাকে খোলসা করে লিখো।

লোকেন যাত্রা করে বেরিয়ে পড়েছে। এতদিনে সে তোমার সঙ্গে নিশ্চয়ই দেখা করেছে। তার প্রতি আমার ঈর্ষ্যা হচ্চে। আমার ভারি ইচ্ছা করচে আমরা জন দুই তিনে মিলে তোমার ওখানে মাছের ঝোল খেয়ে আগুনের কাছে ঘরের কোণে ঘন্টা দুই তিনের জন্যে জমিয়ে বসি। আর একবার আমি লোকেনের সঙ্গে লণ্ডনে গিয়েছিলুম—তখন তোমরা কেউ সেখানে

ছিলেনা—আমি দুদিন থেকেই নিতান্ত ধিক্কার সহকারে সেখান থেকে দৌড় দিয়েছিলুম। কিন্তু তোমার যদি বিলাতে পাঁচ ছয় বৎসর থাকা হয় তাহলে কি একবার সেখানেই তোমার সঙ্গে দেখা হবে না? আশা করচি দেখা হবে। হয় ত কোন দিন তোমার দরজায় ঠক্‌ঠক্‌ শব্দে ঘা পড়বে।

বঙ্গদর্শন প্রথম সংখ্যা বেরিয়েছে। নানা হাঙ্গামে আমি মন দিতে পারিনি—অনেক ভুলচুক থেকে গেছে। আমার একটা কবিতা এমন বিকৃত হয়ে গেছে তার মানেই বোঝা যায় না। তোমাকে পাঠিয়ে দিতে বলে দেব।

**তোমার রবি**

৪ জুন*

ওঁ

বন্ধু,

ধন্যোহং কৃতকৃত্যোহং! তোমাদের চিঠি পাইয়া আমি প্রাতঃকাল হইতে নূতন লোকে বিচরণ করিতেছি। যে ঈশ্বর তোমার দ্বারা ভারতের লজ্জা নিবারণ করিয়াছেন আমি তাঁহার চরণে আমার হৃদয়কে অবনত করিয়া রাখিয়াছি। কোন্ দিক্ দিয়া তিনি আমাদের দেশকে গৌরবান্বিত করিবেন অদ্য আমি তাহার অরুণাভামণ্ডিত পথ দেখিতেছি। তোমার নিকট পূজা প্রেরণ করিবার জন্য আমার অন্তঃকরণ উন্মুখ হইয়া আছে—বন্ধু, আমার পূজা গ্রহণ কর! তোমার জয় হউক্। তোমাতে আমাদের দেশ জয়ী হউক্! নব্য ভারতের প্রথম ঋষিরূপে জ্ঞানের আলোকশিখায় নূতন হোমাগ্নি প্রজ্জ্বলিত কর।

তোমাকে বারম্বার মিনতি করিতেছি—অসময়ে ভারতবর্ষে আসিবার চেষ্টা করিও না। তুমি তোমার তপস্যা শেষ কর—দৈত্যের সহিত লড়াই করিয়া অশোকবন হইতে সীতা-উদ্ধার তুমিই করিবে, আমি যদি কিঞ্চিৎ টাকা আহরণ করিয়া সেতু বাঁধিয়া দিতে পারি তবে আমিও ফাঁকি দিয়া স্বদেশের কৃতজ্ঞতা অর্জ্জন করিব।

আমার "মুক্তির উপায়" নামক ছোট গল্পটি তর্জ্জমা করিয়াছে। হিন্দিতে পড়িতে বেশ লাগিল—রস কিছুই নষ্ট হয় নাই।

একটা খবর তোমাদের দেওয়া হয় নাই। হঠাৎ আমার মধ্যম কন্যা রেণুকার বিবাহ হইয়া গেছে। একটি ডাক্তার বলিল, বিবাহ করিব—আমি বলিলাম, কর। যেদিন কথা তার তিন দিন পরেই বিবাহ সমাধা হইয়া গেল। এখন ছেলেটি তাহার অ্যালোপ্যাথি ডিগ্রির উপর হোমিওপ্যাথিক চূড়া চড়াইবার জন্য অ্যামেরিকা রওনা হইতেছে। বেশী দিন সেখানে থাকিতে হইবে না। ছেলেটি ভাল, বিনয়ী, কৃতী।

ভয় নাই—তোমার বন্ধুটিকে তোমার প্রতীক্ষায় রাখিব।

ফস্ করিয়া তাহাকে হস্তান্তর করিব না।

তোমার রবি

---

* জগদীশচন্দ্রের চিঠির জবাবে রবীন্দ্রনাথ বন্ধুকে মিনতি জানাচ্ছেন গবেষণা বন্ধ করে দেশে ফিরে না আসার জন্যে। জগদীশচন্দ্রের উক্ত পত্র ১৯০১ সনে লেখা। রবীন্দ্রনাথের এই চিঠিতে ৪ জুন উল্লেখ থাকলেও সন উল্লেখ নেই। এই পত্রের সনও ১৯০১ হওয়াই সঙ্গত।



৩ জুলাই ১৯০১

ওঁ

৩রা জুলাই
১৯০১

বন্ধু

আমার কন্যার প্রতি তোমার আশীর্ব্বাদসহ সুন্দর উপহারখানি পাইয়া আনন্দলাভ করিলাম। তোমার হস্তাক্ষরসহ এই গ্রন্থখানি বেলা উপযুক্ত আদর করিয়া পড়িবে ও রাখিবে সন্দেহ নাই। আমার জামাতাটি মনের মত হইয়াছে। সাধারণ বাঙালির ছেলের মত নয়। ঋজুস্বভাব, বিনয়ী অথচ দৃঢ়চরিত্র, পড়াশুনা ও বুদ্ধিচর্চ্চায় অসামান্যতা আছে—আর একটি মহদ্‌গুণ এই দেখিলাম, বেলাকে তাহার ভাল লাগিয়াছে। এইবার শিলাইদহ হইতে ফিরিয়া গিয়া বেলাকে মজঃফরপুরে তাহার স্বামীগৃহে পৌছাইয়া দিয়া আসিতে হইবে।

লোকেন বিলাতে গিয়া এমনি মাতিয়া আছে যে, আমাকে কিম্বা বেলাকে একটা ছত্র চিঠিও লিখিল না। তোমার সঙ্গে কি তাহার দেখা সাক্ষাৎ হইয়া থাকে?

আমি সাহসে ভর করিয়া ইলেক্‌ট্রিশ্যান্‌ প্রভৃতি হইতে সংগ্রহ করিয়া শ্রাবণের বঙ্গদর্শনের জন্য তোমার নব আবিষ্ককার সম্বন্ধে একটা প্রবন্ধ লিখিয়াছি। প্রথমে জগদানন্দকে লিখিতে যদি পাই, তবু, তুমি তোমার কার্য্যে অগ্রসর হইতে পারিতেছ এই খবর পাইলে আর কিছুই চাই না। তোমার উপরে আমার একান্ত নির্ভর আছে—বর্ত্তমান যুরোপ তোমাকে গ্রহণ করিল কি না তাহা লইয়া আমি অতিমাত্র উৎকণ্ঠিত হইতেছি না—তুমি যাহা দেখিতে পাইয়াছ তাহা বৈজ্ঞানিক মায়া-মরীচিকা নহে তাহাতে আমার সন্দেহমাত্র, দ্বিধামাত্র নাই। তোমার উদ্ভাবিত সত্য একদিন বৈজ্ঞানিক সিংহাসনে অভিষিক্ত হইবে—সেদিনের জন্য ধৈর্য্য ধরিয়া অপেক্ষা করিতে পারিব।

ইতিমধ্যে তুমি একবার জার্ম্মানি বা আমেরিকায় যাইতে পারিলে বেশ হইত। এবারে না হয় একবার চেষ্টা দেখিতে হইবে।

কন্যাকে ইতিমধ্যে স্বামীগৃহে রাখিয়া আসিলাম। পথের মধ্যে কিছুদিন শান্তিনিকেতনে বাস করিয়া আরাম লাভ করিয়াছি। সেখানে একটা নির্জ্জন অধ্যাপনের ব্যবস্থা করিবার চেষ্টায় আছি। দুই একজন ত্যাগ-স্বীকারী ব্রহ্মচারী অধ্যাপকের সন্ধানে ফিরিতেছি।

**তোমার রবি**



ওঁ

বন্ধু,*

আজ রমেশবাবুর চিঠি পাইয়া বিশেষ উৎসাহিত হইয়াছি। তোমার প্রতি, সুতরাং স্বদেশের প্রতি, তাঁহার সহৃদয় অনুরাগে আমার হৃদয় স্পর্শ করিল। আমার সেই এক কথা। বিলাতে থাকিয়া তোমাকে স্বাধীন ভাবে কর্ম্ম সমাধা করিতে হইবে। একবার কেবল দুই তিন মাসের জন্য দেশে ফিরিয়া এসো—তোমার সঙ্গে একবার সকল কথা পরিষ্কার রূপে আলোচনা করিয়া লইতে চাই।

তোমার স্পন্দন-রেখার খাতাখানি পাইয়া অনেকটা পরিষ্কার ধারণা হইল। বঙ্গদর্শনে এইগুলি খোদাইয়া ছাপাইবার ইচ্ছা আছে।

তোমার সঙ্গে শীঘ্র দেখা হইবার সম্ভাবনার কল্পনা করিয়া আগ্রহান্বিত হইয়া আছি।

**তোমার রবি**

---

* পত্রের তারিখ আগস্ট ১৯০১ হতে পারে। ঘটনাক্রম সে রকমই প্রতীয়মান হয়।

২৫ জুলাই

ওঁ

২৫শে জুলাই [১৯০১]

বন্ধু,

তোমার কর্ম্ম কেন সম্পূর্ণ সফল না হইবে? বাধা যতই গুরুতর হউক তুমি যে-ভার গ্রহণ করিয়াছ তাহা সমাধা না করিয়া তোমার নিষ্কৃতি নাই; সেজন্য যে কোন প্রকার ত্যাগ-স্বীকার প্রয়োজন তাহা তোমাকে করিতে হইবে। একথা তোমাকে ছাড়া আর কাহাকেও অসঙ্কোচে বলিতে পারিতাম না। বলিতে পারিতাম না যে, দারিদ্র্য, অর্থসঙ্কট, সাংসারিক অবনতি গ্রহণ কর। আমি নিজে হইলে হয়ত পারিতাম না—কিন্তু তোমাকে আমি নিজের চেয়ে বড় দেখি বলিয়াই তোমার কাছে দাবীর সীমা নাই। তুমি যাহা আবিষ্কার করিতেছ ও করিবে তাহাতে জগতের যে-শিক্ষা লাভ হইবে, কর্ত্তব্যের অনুরোধে যে-দুঃখভার গ্রহণ করিবে তাহাতে তাহার চেয়ে কম শিক্ষা দিবে না। আমাদের মত বিষয়পরায়ণ সাবধানী, নিষ্ঠাবিহীন, ক্ষুদ্র লোকদের পক্ষে এই দৃষ্টান্ত, এই শিক্ষা একান্তই আবশ্যক হইয়াছে। ... ... ... তুমি যদি ফার্লো না পাও তবে একবার এখানে আসিয়ো। যথাসাধ্য ভাল বন্দোবস্ত করিয়া একেবারে যাত্রা করিয়া রণক্ষেত্রে বাহির হইবে। ইহা ছাড়া আর কি পরামর্শ দিতে পারি? একবার দেখা পাইলে বড় আনন্দিত হইব—না করিব। তোমার প্রতি আন্তরিক শ্রদ্ধাগুণে মহারাজ আমার হৃদয় দ্বিগুণ আকর্ষণ করিয়াছেন। তাঁহার শ্রেণীর লোকের পক্ষে এরূপ বিনীত গুণগ্রাহিতা অত্যন্ত বিরল।

এখন ত তুমি প্রবাসেই থাকিয়া গেলে। দীর্ঘকাল তোমার বিচ্ছেদ বহন করিতে হইবে। বিলাতে যাইবার লোভ এখন আমার মনে নাই—কিন্তু একবার তোমার সঙ্গে দেখা করিয়া কথাবার্ত্তা কহিয়া আসিবার জন্য মন প্রায়ই ব্যগ্র হয়। তোমার সার্ক্যুলর রোডের সেই ক্ষুদ্র কক্ষটি এবং নীচের তলায় মাছের ঝোলের আস্বাদন সর্ব্বদাই মনে পড়ে। এখন যদি ভারতবর্ষে থাকিতে তবে কিছু দিনের জন্যে তোমাকে শান্তিনিকেতনে রাখিয়া নিবিড় আনন্দ লাভ করিতাম। যদি কোন সুযোগ পাই একবার তুমি থাকিতে থাকিতে ইংলণ্ডে যাইবার বিশেষ চেষ্টা করিব। তোমার বন্ধুত্ব যে আমাকে এমন প্রবল ও গভীর ভাবে আকৃষ্ট করিবে তাহা এক বৎসর পূর্ব্বে জানিতাম না।

তোমার
রবি

ওঁ

আগরতলা
কার্ত্তিক ১৩০৮

বন্ধু

আমি তোমার কাজেই ত্রিপুরায় আসিয়াছি। এইখানে মহারাজের অতিথি হইয়া কয়েক দিন আছি। তোমার প্রতি তাঁহার কিরূপ শ্রদ্ধা তাহা ত জানই—সুতরাং তাঁহার কাছে আমার প্রার্থনা জানাইতে কিছুমাত্র সঙ্কোচ অনুভব করিতে হয় নাই। তিনি শীঘ্রই বোধ হয় দুই এক মেলের মধ্যেই তোমাকে দশ হাজার টাকা পাঠাইয়া দিবেন। সে টাকা আমার নামেই তোমাকে পাঠাইব। এই বৎসরের মধ্যেই তিনি আরো দশ হাজার পাঠাইতে প্রতিশ্রুত হইয়াছেন। ইহাতে বোধ করি তুমি বর্ত্তমান সঙ্কট হইতে আপাতত উত্তীর্ণ হইতে পারিবে। প্রাসাদ নির্ম্মাণ প্রভৃতি বহুব্যয়সাধ্য কার্য্যে সম্প্রতি মহারাজ জড়িত আছেন নতুবা তিনি স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া তোমাকে পঞ্চাশ হাজার পর্য্যন্ত সাহায্য করিতে পারিতেন। তাঁহার এই উৎসাহে তিনি আমার হৃদয় আরো দৃঢ়তররূপে আকর্ষণ করিয়াছেন—স্বাভাবিক ঔদার্য্যের এমন উজ্জ্বল আদর্শ আমি আর দেখি নাই। তুমি অবসাদ হইতে নিজেকে রক্ষা কর। ফল লাভ করিতে তোমার যতই বিলম্ব হউক আমাদের শ্রদ্ধা এবং আন্তরিক প্রীতি সর্ব্বদাই ধৈর্য্যসহকারে তোমার পার্শ্বচর হইয়া থাকিবে। তোমাকে আমরা লেশমাত্র তাড়া দিতেছি না ; যাহাতে কর্ম্ম সম্পূর্ণ করিবার জন্য তুমি যথোচিত বিলম্ব করিতে পার আমরা তাহারই সহায়তা করিতে প্রস্তুত হইয়াছি—আমাদের প্রতি সেই আস্থা তুমি দৃঢ় রাখিয়ো। তোমার কাছে আমরা আরো কত দাবী করিব ? তুমি যাহা করিয়াছ তাহার জন্যই যদি আমরা কৃতজ্ঞ না হইতে পারি তবে আমাদিগকে ধিক্। তুমি যাহা করিয়াছ আমরা তাহার উপযুক্ত প্রতিদান কিছুই দিতে পারি না। আমি যে চেষ্টা করিতেছি তাহা কতটুকু এবং তাহার মূল্যই বা কি ? এইটুকু দিয়া তোমার উপরে দাবী চালাইতে পারি না। তোমাকে হৃদয়ের গভীর প্রীতি ছাড়া আর কিছুই দিই নাই জানিবে, সে প্রীতি ধৈর্য্য ধরিতে জানে এবং প্রীতি ছাড়া আর কিছুই ফিরিয়া চাহে না। মহারাজের সম্বন্ধে এটুকু নিশ্চয় জানিয়ো তিনি তোমাকে ঋণী করিবার জন্য অর্থসাহায্য করেন নাই তিনি তোমার ঋণ পরিশোধ করিতেছেন। যিনি তোমাকে প্রতিভা দান করিয়াছেন তিনিই তোমাকে উদ্যম ও আশা প্রেরণ করিয়া সেই প্রতিভাকে সার্থক করুন !

তোমার
রবি



ওঁ

বন্ধু*

তোমাকে চিঠি লিখিতে পারি নাই কিন্তু কত দিন যে তোমাকে লইয়া কাটাইয়াছি, হৃদয়ের অন্তরঙ্গ প্রদেশে তোমাকে অনুভব করিয়াছি তাহা বলিতে পারি না। আজ তোমার জয় সংবাদ পাইয়া নবমেঘ গর্জ্জনপুলকিত ময়ূরের মত আমার হৃদয় নৃত্য করিতেছে। মাতাল মদের বোতলের শেষ বিন্দুটি পর্য্যন্ত যেমন পান করে তোমার চিঠির ভিতর হইতে আমি সমস্ত মত্ততাটুকু একেবারে উপুড় করিয়া ধরিয়া চাখিবার চেষ্টা করিতেছি। বহু বিলম্বে তোমার জয় হইলেও আমি হতাশ্বাস হইতাম না—তবু নগদ পাওনার প্রবল আনন্দ।

গতকাল প্যারিসে তোমার বলিবার কথা ছিল—নিশ্চয় সেখানে তোমার জয় হইয়াছে—তোমার সেই বক্তৃতা সভায় আমাদের হৃদয় উপস্থিত ছিল।

য়ূরোপের মাঝখানে ভারতবর্ষের জয়ধ্বজা পুঁতিয়া তবে তুমি ফিরিয়ো—তাহার আগে তুমি কিছুতেই ফিরিয়ো না। গারিবাল্ডি যেমন জয়ী হইয়া রণক্ষেত্র হইতে কৃষিক্ষেত্রে আসিয়া বাস করিয়াছিলেন তেমনি তোমাকেও অভ্রভেদী জয়তোরণের ভিতর দিয়া ভারতবর্ষের গভীর নির্জ্জনতার মধ্যে দারিদ্র্যের মধ্যে আসিয়া আশ্রয় লইতে হইবে—তখন তোমাকে সকলে খুঁজিয়া লইবে তুমি কাহাকেও খুঁজিবে না—তখন তোমার কাছে আসিতে ভারতবর্ষের কাছে সকলে মাথা নত করিবে—বিদেশী ছাত্রকে ডাকিবার জন্য বিদেশের প্ল্যানে প্রাসাদ রচনা করিলে চলিবে না—মাঠের মধ্যে কুটীরের মধ্যে মৃগচর্ম্মে যে বসিবে সেই তোমাকে পাইবে। ভারতবর্ষের দারিদ্র্যকে এমন প্রবল তেজে জয়ী করিবার ক্ষমতা বিধাতা আমাদের আর কাহারো হাতে দেন নাই—তোমাকেই সেই মহাশক্তি দিয়াছেন। যেদিন স্নিগ্ধ পবিত্র প্রভাতে প্রাতঃস্নান করিয়া কাষায় বসন পরিয়া তোমার যন্ত্রতন্ত্র লইয়া বিপুলচ্ছায়া বটবৃক্ষের তলে তুমি আসিয়া বসিবে—সেদিন ভারতবর্ষের প্রাচীন ঋষিগণ তোমার জয়শব্দ উচ্চারণ করিবার জন্য সেদিনকার পুণ্য সমীরণে এবং নির্ম্মল সূর্য্যালোকের মধ্যে আবির্ভূত হইবেন। ভারতবর্ষের সমস্ত শূন্য প্রান্তর এবং উদার আকাশ তৃষিত বক্ষের ন্যায় ব্যাকুল প্রসারিত বাহুর ন্যায় সেই দিনের জন্য অপেক্ষা করিয়া আছে। আমাদের ক্ষুদ্র শক্তি অনুসারে আমরাও সেই দিনের জন্য

* পত্রের তারিখ এপ্রিল ১৯০২, ঘটনাক্রম সেরকমই প্রতিয়মান হয়।

তপস্যা করিতে আরম্ভ করিয়াছি। আমাদের রাজা যে কেহ হউক, আমাদের আকাশ, আমাদের দিগন্তবিস্তীর্ণ মাঠ কে কাড়িয়া লইবে? আমাদের জ্ঞানের অবকাশ, আমাদের ধ্যানের অবকাশ, আমাদের দারিদ্র্যের অবকাশ হইতে আমাদিগকে কে বঞ্চিত করিতে পারিবে? আমাদের দেশে যে পরমা মুক্তির অচল প্রতিষ্ঠা হইয়াছে—তাহা স্তব্ধ, তাহা নির্ব্বাক, তাহা দীন, তাহা দিগম্বর, তাহা শাশ্বত—তাহাকে বলীর বাহু ও ক্ষমতাশালীর স্পর্দ্ধা স্পর্শ করিতে পারে না—ইহাই চিত্তের মধ্যে স্থিরনিশ্চয়রূপে জানিয়া শান্তমনে সন্তোষের সহিত প্রসন্নমুখে ইহারই বিরলভূষণ বিশালতার মধ্যে সম্পূর্ণভাবে আত্মসমর্পণ করিতে হইবে। বিদেশীর কটাক্ষে আর ভ্রূক্ষেপ করিব না—তাহার ধিক্কারে আর কর্ণপাত করিব না—তাহার কাছ হইতে যে বর্ব্বর রং চং বসনভূষণ সংগ্রহ করিয়া লইয়াছিলাম তাহা তপোবনের দ্বারে আবর্জ্জনার মত ফেলিয়া দিয়া প্রবেশ করিব।

পত্রের মধ্যে আমাদের আশ্রমবৃক্ষ হইতে কালিদাসের শিরীষ পুষ্প তোমাকে পাঠাইলাম।

তোমার রবি

ওঁ

বন্ধু,*

ঈশ্বর তোমার ললাটে বিজয়-তিলক অঙ্কিত করিয়া তোমাকে পৃথিবীতে পাঠাইয়া দিয়াছেন—তুমি কি আমাদের মত লোকের কাছ হইতে বলের বা উৎসাহের অপেক্ষা রাখ? যেখানে থাক এবং যেমন করিয়াই হউক, উল্লাসে হউক, বাধায় হউক, নৈরাশ্যে হউক, তুমি নিজেকেও ব্যর্থ করিতে পার না। যিনি ভিতরে থাকিয়া তোমার অজ্ঞাতসারে তোমার সমস্ত জীবনকে সফলতার দিকে লইয়া গেছেন তাঁহার কর্ম্মকে হঠাৎ মাঝখানে নিরর্থক করিবে কে? সীজারের নৌকা কখন ডুবে না। নিরাসক্ত ভারতবর্ষের অবিচলিত স্থৈর্য্য তোমাকে তোমার কর্ম্মের মধ্যে অনায়াসে রক্ষা করুক্। কোন ক্ষুদ্র আকর্ষণ, কোন ইচ্ছার চাঞ্চল্য তোমাকে তোমার মহৎ ব্রত হইতে ভ্রষ্ট না করুক। ভারতবর্ষের অশ্বমেধের ঘোড়া তোমার হাতে আছে, তুমি ফিরিয়া আসিলে আমাদের যজ্ঞ সমাধা হইবে। তুমি এখানে আসিয়া তপস্বী হইয়া নিভৃতে তোমার শিষ্যদিগকে জ্ঞানের দুর্গম দুর্গের গোপন পথ সন্ধান করিতে শিখাইয়া দিবে, এই আমি আশা করিয়া আছি। পড়া মুখস্থ করানো, পাশ করানো তোমার কাজ নহে— যে-অগ্নি তুমি পাইয়াছ তাহা তুমি সঙ্গে লইয়া যাইতে পারিবে না— তাহা ভারতবর্ষের হৃদয়াগারে স্থায়ী করিয়া যাইতে হইবে; বিদেশী আমাদিগকে জ্ঞানের অগ্নি যেটুকু দেয় তাহা অপেক্ষা ঢের বেশী ধোঁয়া দিয়া থাকে— তাহাতে যে কেবল আমাদের অন্ধকার বাড়ে তাহা নহে, আমাদের অন্ধতাও বাড়িয়া যায়— আমাদের দৃষ্টি পীড়িত হয়। তোমার কাছে জ্ঞানের পন্থা ভিক্ষা করিতেছি— আর কোন পথ ভারতবর্ষের পথ নহে— তপস্যার পথ, সাধনার পথ আমাদের। আমরা জগৎকে অনেক জিনিষ দান করিয়াছি, কিন্তু সে-কথা কাহারো মনে নাই — আর একবার আমাদিগকে গুরুর বেদীতে আরোহণ করিতে হইবে— নহিলে মাথা তুলিবার আর কোনো উপায় নাই। ভারতবর্ষের প্রান্তরের বটচ্ছায়ায় সেই বেদী-অধিরোহণে তোমাকে সহায়তা করিতে হইবে। সৈন্য সামন্ত, ঐশ্বর্য্য, সম্পদ, বাণিজ্য, ব্যবসায়, কিছুই আমাকে বিচলিত করে না। আমি মাঠের মাঝখানে বসিয়া সেই প্রাচীন পবিত্র বেদীর স্বপ্ন দেখিতেছি। তাহা শূন্য রহিয়াছে, আমরা শিশুর মত তাহার মাটি ভাঙিয়া পুতুল গড়িয়া খেলা করিতেছি।

**তোমার রবি**

---

* মে ১৯০২ চিঠির তারিখ হওয়া যৌক্তিক।

ওঁ

শান্তিনিকেতন

বন্ধু,

তুমি ত তোমার জয়যাত্রায় বেরিয়েছ— "শিবাস্তে পন্থানঃ সন্ত।" আমি স্পষ্টই দেখতে পাচ্ছি, তুমি জয়মাল্য বহন ক'রে নিয়ে এসে তোমার দেশকে অলঙ্কৃত কর্‌বে, তুমি বিধাতার আশীর্ব্বাদ নিয়ে গেছ। আজ পয়লা বৈশাখ, আজকের নব বর্ষারম্ভের উৎসবে আমি এই প্রার্থনাই কর্‌চি— এতদিন ধ'রে যে সোনার ফসল তুমি ফলিয়ে তুল্‌লে মহাকালের তরণী বোঝাই ক'রে দেশে দেশান্তরে সেই ফসল প্রাণ বিস্তার ক'রে দিক।

যদি সম্ভব হয় এবার একবার আমার বন্ধু রোটেন্‌স্টাইনের সঙ্গে আলাপ ক'রে এসো। তিনি ত খুসি হবেন-ই, তুমিও হবে। আমি তাঁকে, তোমার কথা আগেই লিখে দিয়েছি। তুমিও তোমার পৌঁছা সংবাদ তাঁকে দিয়ো।

বৌঠাকুরাণীকে আমার নববর্ষের সাদর সম্ভাষণ জানিয়ো।

তোমার রবি

---

* এই পত্রে বোদেনস্টাইনের সঙ্গে আলাপ করে আসার কথা বলা হয়েছে এবং আরো বলা হয়েছে ববীন্দ্রনাথ রোদেনস্টাইনকে জগদীশ চন্দ্রের কথা আগেই লিখেছেন। যে পত্রে তিনি বোদেনস্টাইনকে জগদীশচন্দ্র সম্পর্কে লিখেছেন সেই চিঠির তারিখ ১ মার্চ ১৯১৪। সুতরাং এই পত্রটি মার্চ/এপ্রিল ১৯১৪ তারিখে লেখা হয়েছে, এরকমই ধরে নেয়া সঙ্গত।

ওঁ

বন্ধু,

তোমার চিঠি এখানে এসে পেলুম। জাপানে পেলে সুবিধা হ'ত, কেননা সেখানে হাতে কতকটা সময় ছিল। কিন্তু এখানে এসে পৌঁছেই এমন প্রচণ্ড ঘুরপাকের মধ্যে প'ড়ে গেছি যে, কিছুই ভাব্‌বার অবকাশ নেই— কেবলই আমাকে টানাটানি ছেঁড়াছেড়ি ক'রে ঠেলে নিয়ে চলেচে। এখানকার ঝোড়ো বাতাসে এক মুহূর্ত্ত স্থির হ'য়ে দাঁড়াবার জো নেই— বাড়িতে চিঠিপত্র লেখা পর্য্যন্ত বন্ধ ক'রে দিতে হয়েচে। অন্তত মার্চ্চ মাস পর্য্যন্ত আমাকে এই ঘূর্ণির টানে সহর থেকে সহরে ঘুরিয়ে নিয়ে বেড়াবে। যাই হোক, আমি কোনো জায়গায় একটুখানি স্থির হ'য়ে বস্‌বার সময় পেলেই তোমার গান লেখবার সময় করব। তোমার বিজ্ঞান-মন্দিরে প্রথম সভা উদ্বোধনের দিনে আমি যদি থাকতে পার্‌তুম তা হ'লে আমার খুব আনন্দ হ'ত। বিধাতা যদি দেশে ফিরিয়ে আনেন তা হ'লে তোমার এই বিজ্ঞান-যজ্ঞশালায় একদিন তোমার সঙ্গে মিলনের উৎসব হবে এই কথা মনে রইল। এতদিন যা তোমার সঙ্কল্পের মধ্যে ছিল আজকে তার সৃষ্টির দিন এসেচে। কিন্তু এ ত তোমার একলার সঙ্কল্প নয়, এ আমাদের সমস্ত দেশের সঙ্কল্প, তোমার জীবনের মধ্যে দিয়ে এর বিকাশ হ'তে চল্‌ল। জীবনের ভিতর দিয়েই জীবনের উদ্বোধন হয়— তোমার প্রাণের সামগ্রীকে তুমি আমাদের দেশের প্রাণের সামগ্রী ক'রে দিয়ে যাবে— তারপর থেকে সেই চিরন্তন প্রাণের প্রবাহে আপনিই সে এগিয়ে চলতে থাক্‌বে। কতবার আমরা নানা মিথ্যার সঙ্গে জড়িয়ে কত মিথ্যা জিনিষের সৃষ্টি করেচি-- তার উপরে অজস্র টাকা বৃষ্টি ক'রেও তাদের বাঁচিয়ে তুল্‌তে পারিনি। কেবল মাত্র অভিমান দিয়ে ত কোনো সত্য বস্তু আমরা সৃজন কর্‌তে পারিনে। কিন্তু এ যে তোমার চিরদিনের সত্য সাধনা— এর মধ্যে তুমি যে আপনাকে দিয়েচ, আপনাকে পেয়েচ— তুমি যে মন্ত্রদ্রষ্টা ঋষির মত তোমার মন্ত্রকে তোমার অন্তরে প্রত্যক্ষ দেখতে পেয়েচ, এইজন্যে বাইরে তাকে প্রকাশ কর্‌বার পূর্ণ অধিকার ঈশ্বর তোমাকে দিয়েচেন। সেই অধিকারের জোরে আজ তুমি একলা দাঁড়িয়ে তোমার মানস-পদ্মের বিজ্ঞান-সরস্বতীকে দেশের হৃদয়-পদ্মের উপরে প্রতিষ্ঠিত

---

* এই পত্রটি সেপ্টেম্বর/অক্টোবর ১৯১৬ তারিখে লেখা।

করচ। তোমার মন্ত্রের গুণে, তোমার তপস্যার বলে— দেবী সেই আসনে অচলা হবেন, এবং প্রসন্ন দক্ষিণ হস্তে তাঁর ভক্তদের নব নব বর দান কর্‌তে থাক্‌বেন।

দেশে ফের্‌বার জন্যে মন ব্যাকুল হ'য়ে রয়েচে। এখানকার কাজ শেষ হ'তে কতদিন লাগবে জানিনে। কিন্তু এইরকম উর্দ্ধশ্বাসে লাটিমের মত ঘুরে বেড়াতে আর পারিনে।

তোমার রবি

২৮ ডিসেম্বর ১৯২৬

শান্তিনিকেতন

বন্ধু

অবশেষে দেশে এসে পৌঁছলুম। কিন্তু চারিদিকে ক্ষুদ্রতা ও বীভৎসতার ঘূর্ণিপাকের মধ্যে প্রাণ হাঁপিয়ে উঠ্‌ল। হঠাৎ একটা perspective থেকে আর একটার ভিতরে এসে নিজে সুদ্ধ যেন খাটো হয়ে পড়ি। বহুদিন পরে দেশে ফিরে আসার আনন্দ যখন ম্লান হয়ে এসেছিল এমন সময়ে আমার নামে উৎসর্গ করা তোমার যে বই* আমার অনুপস্থিতিকালে এখানে এসেছিল সেইটি হাতে আসাতে তখনি বুঝতে পারলুম এইখানেই আমাদের সত্য, এই আলো, এই প্রাণ— এই ভারতের নিত্য পরিচয়। এই বইখানির মধ্যে তোমার বন্ধুত্বের বাণী পেয়ে ভারি আনন্দ হল— মনে যে অবসাদের ছায়া এসেছিল সেটা যেন কেটে গেল। মাঝে মাঝে সত্যের স্পর্শে যখন মায়ার কুয়াশা দূর হয়ে যায় তখন বুঝতে পারি যে আমাদের মনের তন্তুতে তন্তুতে অনেক আদিম অভ্যাস জড়িয়ে আছে— কথায় কথায় জুজু আমাদের পেয়ে বসে— সে যে বস্তুত কিছু না এটা বুঝেও বোঝা শক্ত হয়ে ওঠে।

একেবারে ৭ই পৌষের মুখে এসে পৌঁচেছিলুম। কলকাতায় যে কয়ঘন্টা ছিলুম অবকাশমাত্র ছিল না। তাড়াতাড়ি চলে আসতে হোল— তাই তোমার সঙ্গে সেদিন দেখা করতে পারলুম না। কবে আবার সহরে ফিরব নিশ্চয় জানিনে— কিন্তু গেলেই দেখা হবে।

তোমার আশ্চর্য্য কীর্ত্তির বিবরণ মাঝে মাঝে পেয়েছি— সে কীর্ত্তি আজ সমস্ত বাধা লঙ্ঘন করে পৃথিবীময় ব্যাপ্ত হয়েচে। এতে মনে কত আনন্দ ও গৌরব অনুভব করি ব'লে শেষ করতে পারিনে। ইতি ২৮ ডিসেম্বর ১৯২৬

**তোমার রবি**

বৌঠাকুরাণীকে আমার সাদর নমস্কার।

---

* উৎসর্গ করা তোমার বই :— 'Nervous Mechanism in Plants' নামের গ্রন্থটি বন্ধু রবীন্দ্রনাথকে উৎসর্গ করেছেন জগদীশচন্দ্র। এখানে সেই গ্রন্থের কথাই বলা হয়েচে। উল্লেখ্য যে, রবীন্দ্রনাথ তাঁর কথা (১৩০৬) এবং খেয়া (১৩১৩) উৎসর্গ করেছেন জগদীশচন্দ্রকে।

# পরিশিষ্ট-দুই

## রবীন্দ্রনাথকে লেডি অবলা বসু

1, Birch Grove
Acton
London W.
27th March [1902]

শ্রদ্ধাস্পদেষু

অনেক সময় আপনাকে চিঠি লিখিতে ইচ্ছা হইয়াছে কিন্তু সময়াভাবে সেই ইচ্ছা কার্য্যে পবিণত করিতে পারি নাই।

এখানে আপনার বন্ধুর বিষয়ে যাহা শুনি তাহা আপনাকে অনেক সময় জানাইতে ইচ্ছা হয়। কারণ, আপনি শুনিলে আনন্দিত হইবেন জানি।

এতদিন পরে অধ্যাপক মহাশয়ের সমুদয় শ্রম সার্থক হইবার সম্ভাবনা দেখা যাইতেছে। Botanist এবং Biologistরা তাঁহার theory অত্যন্ত আগ্রহের সহিত গ্রহণ করিতেছেন, কেবল Physicistরা এখনও অগ্রসর হন নাই, সেজন্য বোধ হয় France ও Germanyতে যাইতে হইবে। ইংরেজরা এই সকল বিষয়ে অত্যন্ত conservative। আমরা দূর হইতে ইয়োরোপকে সমুদয় সদ্‌গুণের আধার বলিয়া মনে করি, কিন্তু ২/১ বৎসর ইহাদের সঙ্গে থাকিলে অভ্যন্তরের খবর যাহা পাওয়া যায় তাহাতে মনে হয় আমাদের দেশ কোথায় পড়িয়া আছে। এখানে Scientific men-দের মধ্যে যেরূপ intrigue এবং দ্বেষ তাহা শুনিয়া অবাক্ হই। যাক্ সে সব কথা লিখিবার প্রয়োজন নাই, কেবল অধ্যাপক মহাশয়ের খবর দেওয়াই আমার অভিপ্রায়। আজকাল এখানকার বৈজ্ঞানিক যুবক সম্প্রদায় অধ্যাপক মহাশয়ের theory লইয়া মাতিয়া উঠিয়াছে, সেদিন একজন আমাদের বাড়িতে আসিয়া অধ্যাপক মহাশয়ের অনুপস্থিতিকালে ২ ঘন্টা পর্য্যন্ত আমার নিকট তাঁহাদের আনন্দ ও উৎসাহ জ্ঞাপন করিতেছিলেন। তিনি বলিলেন যেমন Darwin Biologyকে revolutionize করিয়া দিয়াছেন তেমন Prof. Bose's theory will revolutionize our whole idea of molecular Physics। লোকটি ত একেবারে ক্ষেপিয়া গিয়াছেন, বলিলেন if only Prof. Bose will allow us, a dozen of us who thoroughly know our subject, are willing to fight for him.

আজ আর সময় নাই।

নিঃ শ্রী অবলা বসু

# পরিশিষ্ট-তিন

## রবীন্দ্রনাথের লেখায় জগদীশচন্দ্র

### জগদীশচন্দ্র বসু

ভারতের কোন্ বৃদ্ধ ঋষির তরুণ মূর্ত্তি তুমি
হে আর্য্য আচার্য্য জগদীশ? কি অদৃশ্য তপোভূমি
বিরচিলে এ পাষাণ নগরীর শুষ্ক ধূলিতলে?
কোথা পেলে সেই শান্তি এ উন্মত্ত জনকোলাহলে
যার তলে মগ্ন হয়ে মুহূর্ত্তে বিশ্বের কেন্দ্র মাঝে
দাঁড়াইলে একা তুমি— এক যেথা একাকী বিরাজে
সূর্য্যচন্দ্র–পুষ্পপত্র–পশুপক্ষি–ধূলায় প্রস্তরে,—
এক তন্দ্রাহীন প্রাণ নিত্য যেথা নিজ অঙ্ক'পরে
দুলাইছে চরাচর নিঃশব্দ সঙ্গীতে! মোরা যবে
মত্ত ছিনু অতীতের অতিদূর নিষ্ফল গৌরবে,
পরবস্ত্রে, পরবাক্যে, পরভঙ্গিমার ব্যঙ্গরূপে
কল্লোল করিতেছিনু স্ফীতকণ্ঠে ক্ষুদ্র অন্ধকূপে—
তুমি ছিলে কোন্ দূরে? আপনার স্তব্ধ ধ্যানাসন
কোথায় পাতিয়াছিলে? সংযত গম্ভীর করি' মন
ছিলে রত তপস্যায় অরূপরশ্মির অন্বেষণে
লোক–লোকান্তের অন্তরালে—যেথা পূর্ব্ব ঋষিগণে
বহুত্বের সিংহদ্বার উদ্‌ঘাটিয়া একের সাক্ষাতে
দাঁড়াতেন বাক্যহীন স্তম্ভিত বিস্মিত জোড়হাতে!
হে তপস্বী, ডাক তুমি সামমন্ত্রে জলদগর্জ্জনে
"উত্তিষ্ঠত! নিবোধত!" ডাক শাস্ত্র–অভিমানী জনে
পাণ্ডিত্যের পণ্ডতর্ক হতে। সুবৃহৎ বিশ্বতলে
ডাক মূঢ় দাম্ভিকেরে! ডাক দাও তব শিষ্যদলে—
একত্রে দাঁড়াক্ তারা তব হোম–হুতাগ্নি ঘিরিয়া!
আরবার এ ভারত আপনাতে আসুক ফিরিয়া
নিষ্ঠায়, শ্রদ্ধায়, ধ্যানে,— বসুক্ সে অপ্রমত্ত চিতে
লোভহীন দ্বন্দ্বহীন শুদ্ধ শান্ত গুরুর বেদীতে!*

---

* এই কবিতাটি ১৩০৮ আষাঢ় সংখ্যা 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রথম ছাপা হয়েছিল। পরে কবিতাটি 'উৎসর্গ' কাব্যে সংকলিত হয়েছে। কবি মনোমোহন ঘোষ কর্তৃক কবিতাটির একটি ইংরেজী অনুবাদ প্রকাশিত হয়েছিল ১৯২৮ সনে।

## সম্বর্ধনা-সঙ্গীত

জয় তব হোক জয় !
স্বদেশের গলে দাও তুমি তুলে
যশোমালা অক্ষয় !
বহুদিন হতে ভারতের বাণী
আছিল নীরবে অপমান মানি'
তুমি তারে আজি জাগায়ে তুলিয়া
রটালে বিশ্বময়।
জ্ঞানমন্দিরে জ্বালায়েছ তুমি
যে নব আলোকশিখা,
তোমার সকল ভ্রাতার ললাটে
দিল উজ্জ্বল টীকা।
অবারিতগতি তব জয়রথ
ফিরে যেন আজি সকল জগৎ।
দুঃখ দীনতা যা' আছে মোদের
তোমারে বাঁধি না রয়।**

বিজ্ঞান-লক্ষ্মীর প্রিয় পশ্চিম মন্দিরে
দূর সিন্ধুতীরে,
হে বন্ধু, গিয়েছ তুমি ; জয়মাল্যখানি
সেথা হতে আনি
দীনহীনা জননীর লজ্জানত-শিরে,
পরায়েছ ধীরে।
বিদেশের মহোজ্জ্বল মহিমা-মণ্ডিত
পণ্ডিত-সভায়
বহু সাধুবাদধ্বনি নানা কণ্ঠরবে
শুনেছ গৌরবে !
সে ধ্বনি গভীর মন্দ্রে ছায় চারিধার
হ'য়ে সিন্ধুপার।
আজি মাতা পাঠাইছে—অশ্রুসিক্ত বাণী
আশীর্বাদখানি
জগৎ-সভার কাছে অখ্যাত অজ্ঞাত
কবিকণ্ঠে, ভ্রাতঃ !
সে বাণী পশিবে শুধু তোমারি অন্তরে
ক্ষীণ মাতৃস্বরে !

৪ঠা শ্রাবণ ১৩০৪

---

** ১৯০২ সনের অক্টোবরে জগদীশচন্দ্র স্বদেশে প্রত্যাবর্তন কবেন। 'ভারত সঙ্গীত সমাজ' নামে একটি সংগঠন জগদীশচন্দ্রকে এই উপলক্ষে সংবর্ধনা প্রদান করে ২ ফেব্রুয়ারী ১৯০৩ সনে। এই সংবর্ধনা অনুষ্ঠানের সভাপতি ছিলেন কুচবিহারের মহারাজা। উক্ত অনুষ্ঠানের জন্যে রবীন্দ্রনাথ 'জয় তব হোক জয়' এই গানটি লিখে দিয়েছিলেন।

সত্যরত্ন তুমি দিলে,—পরিবর্ত্তে তার
কথা ও কল্পনামাত্র দিনু উপহার।

শিলাইদহ
অগ্রহায়ণ ১৩০৬*

বন্ধু, এ যে আমার লজ্জাবতী লতা।
কি পেয়েছে আকাশ হতে,
কি এসেছে বায়ুর স্রোতে,
পাতার ভাঁজে লুকিয়ে আছে
সে যে প্রাণের কথা।

যত্নভরে খুঁজে খুঁজে
তোমায় নিতে হবে বুঝে,
ভেঙ্গে দিতে হবে যে তার
নীরব ব্যাকুলতা।
আমার লজ্জাবতী লতা।

বন্ধু, সন্ধ্যা এল, স্বপনভরা
পবন এরে চুমে।
ডালগুলি সব পাতা নিয়ে
জড়িয়ে এল ঘুমে।
ফুলগুলি সব নীল নয়ানে
চুপি চুপি আকাশপানে
তারার দিকে চেয়ে চেয়ে
কোন্ ধেয়ানে রতা!
আমার লজ্জাবতী লতা।

বন্ধু, আনো তোমার তড়িৎ পরশ,
হরষ দিয়ে দাও,—
করুণ চক্ষু মেলে ইহার
মর্ম্মপানে চাও।
সারাদিনের গন্ধগীতি,
সারাদিনের আলোর স্মৃতি
নিয়ে এ যে হৃদয়ভারে
ধরায় অবনতা।
আমার লজ্জাবতী লতা।

---

* 'কথা' কাব্যের উৎসর্গপত্রে বন্ধু জগদীশচন্দ্রের উদ্দেশ্যে লিখেছেন রবীন্দ্রনাথ।

বন্ধু,

তুমি জান ক্ষুদ্র যাহা
    ক্ষুদ্র তাহা নয় ;—
সত্য যেথা কিছু আছে
    বিশ্ব সেথা রয়।
এই যে মুদে আছে লাজে
পড়বে তুমি এরি মাঝে
জীবন মৃত্যু রৌদ্রছায়া
    ঝটিকার বারতা।

আমার লজ্জাবতী লতা।

কলিকাতা
১৮ আষাঢ় ১৩১৩

'খেয়া'র উৎসর্গপত্র

## আচার্য্য জগদীশের জয়বার্ত্তা

নিজের প্রতি শ্রদ্ধা মনের মাংসপেশী। তাহা মনকে উর্দ্ধে খাড়া করিয়া রাখে এবং কর্ম্মের প্রতি চালনা করে। যে জাতি নিজের প্রতি শ্রদ্ধা হারাইতে বসে, সে চলৎশক্তিরহিত হইয়া পড়ে।

রাষ্ট্রীয় স্বাধীনতার অভাব ভারতবাসীর পক্ষে গুরুতর অভাব নহে ; কারণ, ভারতবর্ষে রাষ্ট্রতন্ত্র তেমন ব্যাপক ও প্রাণবৎ ছিল না। মুসলমানের আমলে আমরা রাজ্য-ব্যাপারে স্বাধীন ছিলাম না, কিন্তু নিজেদের ধর্ম্মকর্ম্ম, বিদ্যাবুদ্ধি ও সর্ব্বপ্রকার ক্ষমতার প্রতি অশ্রদ্ধা জন্মিবার কোন কারণ ঘটে নাই।

ইংরাজের আমলে আমাদের সেই আত্মশ্রদ্ধার উপরে ঘা লাগিয়াছে। আমরা সুখে আছি, স্বচ্ছন্দে আছি, নিরাপদে আছি ; কিন্তু আমরা সকল বিষয়েই অযোগ্য, এই ধারণা বাহির হইতে ও ভিতর হইতে আমাদিগকে আক্রমণ করিতেছে। এমন আত্মঘাতিধারণা আমাদের পক্ষে আর কিছুই হইতে পারে না।

নিজের প্রতি এই শ্রদ্ধা রক্ষার জন্য আমাদের শিক্ষিত সমাজের মধ্যে একটা লড়াই চলিতেছে। ইহা আত্মরক্ষার লড়াই। আমাদের সমস্তই ভাল, ইহাই আমরা প্রাণপণে ঘোষণা করিবার চেষ্টা করিতেছি। এই চেষ্টার মধ্যে যেটুকু সত্য আশ্রয় করিয়াছে, তাহা আমাদের মঙ্গলকর, যেটুকু অন্ধভাবে অহঙ্কারকে প্রশ্রয় দিতেছে, তাহাতে আমাদের ভাল হইবে না। জীর্ণবস্ত্রকে ছিদ্রহীন বলিয়া বিশ্বাস করিবার জন্য যতক্ষণ চক্ষু বুজিয়া থাকিব, ততক্ষণ শেলাই করিতে বসিলে কাজে লাগে।

আমরা ভাল, একথা রটনা করিবার লোক যথেষ্ট জুটিয়াছে। এখন এমন লোক চাই, যিনি প্রমাণ করিবেন, আমরা বড়। আচার্য্য জগদীশ বসুর দ্বারা ঈশ্বর আমাদের সেই অভাব পূরণ

করিয়াছেন। আজ আমাদের যথার্থ গৌরব করিবার দিন আসিয়াছে,— লজ্জিত ভারতকে যিনি সেই সুদিন দিয়াছেন, তাঁহাকে সমস্ত অন্তঃকরণের সহিত প্রণাম করি।

আমাদের আচার্য্যের জয়বার্ত্তা এখনো ভারতবর্ষে আসিয়া পৌঁছে নাই, য়ুরোপেও তাঁহার জয়ধ্বনি সম্পূর্ণ প্রচার হইতে এখনো কিঞ্চিৎ বিলম্ব আছে। যে সকল বৃহৎ আবিষ্কারে বিজ্ঞানকে নূতন করিয়া আপন ভিত্তি স্থাপন করিতে বাধ্য করে, তাহা একদিনেই গ্রাহ্য হয় না। প্রথমে চারিদিক্ হইতে যে বিরোধ জাগিয়া উঠে, তাহাকে নিরস্ত করিতে সময় লাগে ; সত্যকেও সুদীর্ঘকাল লড়াই করিয়া আপনার সত্যতা প্রমাণ করিতে হয়।

আমাদের দেশে দর্শন যে পথে গিয়াছিল, য়ুরোপে বিজ্ঞান সেই পথে চলিতেছে। তাহা ঐক্যের পথ। বিজ্ঞান এ পর্য্যন্ত এই ঐক্যের পথে গুরুতর যে কয়েকটি বাঁধা পাইয়াছে, তাহার মধ্যে জড় ও জীবের প্রভেদ একটি। অনেক অনুসন্ধান ও পরীক্ষায় হক্‌স্‌লি প্রভৃতি পণ্ডিতগণ এই প্রভেদ লঙ্ঘন করিতে পারেন নাই। জীবতত্ত্ব এই প্রভেদের দোহাই দিয়া পদার্থতত্ত্ব হইতে বহুদূরে আপন স্বাতন্ত্র্য রক্ষা করিতেছে।

আচার্য্য জগদীশ জড় ও জীবের ঐক্যসেতু বিদ্যুতের আলোকে আবিষ্কার করিয়াছেন। আচার্য্যকে কোন কোন জীবতত্ত্ববিদ্ বলিয়াছিলেন, আপনি ত ধাতব-পদার্থের কণা লইয়া এতদিন পরীক্ষা করিয়া আসিতেছেন, কিন্তু যদি আস্ত একখণ্ড ধাতুপদার্থকে চিম্‌টি কাটিয়া তাহার মধ্য হইতে এমন কোন লক্ষণ বাহির করিতে পারেন, জীব-শরীরে চিম্‌টির সহিত যাহার কোন সাদৃশ্য পাওয়া যায়, তবে আমরা বুঝি !

জগদীশবাবু ইহার উত্তর দিবার জন্য এক নূতন কল বাহির করিয়াছেন। জড়বস্তুকে চিম্‌টি কাটিলে যে স্পন্দন উৎপন্ন হয়, এই কলের সাহায্যে তাহার পরিমাণ স্বত লিখিত হইয়া থাকে। আশ্চর্য্যের বিষয় এই যে, আমাদের শরীরে চিম্‌টির ফলে যে স্পন্দনরেখা পাওয়া যায়, তাহার সহিত এই রেখার কোন প্রভেদ নাই।

জীবনের স্পন্দন যে রূপ নাড়ীদ্বারা বোঝা যায়, সেইরূপ জড়েরও জীবনী শক্তির নাড়ীস্পন্দন এই কলে লিখিত হয়। জড়ের উপর বিষ প্রয়োগ করিলে তাহার স্পন্দন কিরূপে বিলুপ্ত হইয়া আসে, এই কলের দ্বারা তাহা চিত্রিত হইয়াছে।

বিগত ১০ই মে তারিখে আচার্য্য জগদীশ রয়াল ইন্‌ষ্টিট্যুশনে বক্তৃতা করিতে আহূত হইয়াছিলেন। তাঁহার বক্তৃতার বিষয় ছিল—যান্ত্রিক ও বৈদ্যুতিক তাড়নায় জড়পদার্থের সাড়া (The response of in-organic matter to mechanical and electrical stimulus)। এই সভায় ঘটনাক্রমে লর্ড রেলি উপস্থিত থাকিতে পারেন নাই, কিন্তু প্রিন্স ক্রপট্‌কিন্ এবং বৈজ্ঞানিক সমাজের প্রতিষ্ঠাবান্ লোকেরা অনেকেই উপস্থিত ছিলেন।

এই সভায় উপস্থিত কোন বিদূষী ইংরাজ মহিলা, সভার যে বিবরণ আমাদের নিকট পাঠাইয়াছেন, নিম্নে তাহা হইতে স্থানে স্থানে অনুবাদ করিয়া দিলাম।

সন্ধ্যা নয়টা বাজিলে দ্বার উন্মুক্ত হইল এবং বসু-জায়াকে লইয়া সভাপতি সভায় প্রবেশ করিলেন। সমস্ত শ্রোতৃমণ্ডলী অধ্যাপকপত্নীকে সাদরে অভ্যর্থনা করিল। তিনি অবগুণ্ঠনাবৃতা এবং শাড়ী ও ভারতবর্ষীয় অলঙ্কারে সুশোভনা। তাঁহাদের পশ্চাতে যশস্বী লোকের দল, এবং সর্বপশ্চাতে আচার্য্য বসু নিজে। তিনি শান্ত নেত্রে একবার সমস্ত সভার প্রতি দৃষ্টিপাত করিলেন এবং অতি স্বচ্ছন্দ সমাহিত ভাবে বলিতে প্রবৃত্ত হইলেন।

তাঁহার পশ্চাতে রেখাঙ্কন–চিত্রিত বড় বড় পট টাঙান রহিয়াছে। তাহাতে বিষপ্রয়োগে, শ্রান্তির অবস্থায়, ধনুষ্টঙ্কার প্রভৃতি আক্ষেপে, উত্তাপের ভিন্ন ভিন্ন মাত্রায় স্নায়ু ও পেশীর এবং তাহার সহিত তুলনীয় ধাতুপদার্থের স্পন্দনরেখা অঙ্কিত রহিয়াছে। তাঁহার সম্মুখে টেবিলে যন্ত্রোপকরণ সজ্জিত।

তুমি জান, আচার্য্য বসু বাগ্মী নহেন। বাক্যরচনা তাঁহার পক্ষে সহজসাধ্য নহে ; এবং তাঁহার বলিবার ধরণও আবেগে ও সাধ্বসে পূর্ণ। কিন্তু সে রাত্রে তাঁহার বাক্যের বাধা কোথায় অন্তর্ধান করিল। এত সহজে তাঁহাকে বলিতে আমি শুনি নাই। মাঝে মাঝে তাঁহার পদবিন্যাস গাম্ভীর্য্যে ও সৌন্দর্য্যে পরিপূর্ণ হইয়া উঠিতে লাগিল,—এবং মাঝে মাঝে তিনি সহাস্যে সুনিপুণ পরিহাস–সহকারে অত্যন্ত উজ্জ্বল সরলভাবে বৈজ্ঞানিকব্যূহের মধ্যে অস্ত্রের পর অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন। তিনি রসায়ন, পদার্থতত্ত্ব ও বিজ্ঞানের অন্যান্য শাখা প্রশাখার ভেদ অত্যন্ত সহজ উপহাসেই যেন মিটাইয়া দিলেন।

তাহার পরে, বিজ্ঞানশাস্ত্রে জীব ও অজীবের মধ্যে যে সকল ভেদনিরূপক–সংজ্ঞা ছিল, তাহা তিনি মাকড়সার জালের মত ঝাড়িয়া ফেলিলেন। যাহার মৃত্যু সম্ভব, তাহাকেই ত জীবিত বলে ;—অধ্যাপক বসু একখণ্ড টিনের মৃত্যুশয্যাপার্শ্বে দাঁড় করাইয়া আমাদিগকে তাহার মরণাক্ষেপ দেখাইতে প্রস্তুত আছেন, এবং বিষপ্রয়োগে যখন তাহার অন্তিম দশা উপস্থিত, তখন ঔষধ প্রয়োগে পুনশ্চ তাহাকে সুস্থ করিয়া তুলিতে পারেন।

অবশেষে অধ্যাপক যখন তাঁহার স্বনির্মিত কৃত্রিম চক্ষু সভার সম্মুখে উপস্থিত করিলেন এবং দেখাইলেন, আমাদের চক্ষু অপেক্ষা তাহার শক্তি অধিক, তখন সকলের বিস্ময়ের অন্ত রহিল না।

ভারতবর্ষ যুগে যুগে যে মহৎ ঐক্য অকুণ্ঠিত চিত্তে ঘোষণা করিয়া আসিয়াছে, আজ যখন সেই ঐক্যসংবাদ আধুনিক কালের ভাষায় উচ্চারিত হইল, তখন আমাদের কিরূপ পুলক সঞ্চার হইল, তাহা আমি বর্ণনা করিতে পারি না। মনে হইল, যেন বক্তা নিজের নিজত্ব–আবরণ পরিত্যাগ করিলেন, যেন তিনি অন্ধকারের মধ্যে অন্তর্হিত হইলেন,— কেবল তাঁহার দেশ এবং তাঁহার জাতি আমাদের সম্মুখে উত্থিত হইল,— এবং বক্তার নিম্নলিখিত উপসংহারভাগ যেন সেই তাহারই উক্তি !

I have shown you this evening the autographic records of the history of stress and strain in both the living and non-living. How similar are the two sets of writings, so similar indeed that you cannot tell them one from the other ! They show you the waxing and waning pulsations of life—the climax due to stimulants, the gradual decline of fatigue, the rapid setting in of death-rigor from the toxic effect of poison.

It was when I came on this mute witness of life and saw an all-pervading unity that binds together all things—the mote that thrills on ripples of light, the teeming life on earth and the radiant suns that shine on it—it was then that for the first time I understood the message proclaimed by my ancestors on the banks of the Ganges thirty centuries ago—

"They who behold the One, in all the changing manifoldness of the universe, unto them belongs eternal truth, unto none else, unto none else."

বৈজ্ঞানিকদের মনে উৎসাহ ও সমাজের অগ্রণীদের মধ্যে শ্রদ্ধা পরিপূর্ণ হইয়া উঠিল। সভাস্থ দুই একজন সর্ব্বশ্রেষ্ঠ মনীষী ধীরে ধীরে আচার্য্যের নিকট উপস্থিত হইলেন এবং তাঁহার উচ্চারিত বচনের জন্য ভক্তি ও বিস্ময় স্বীকার করিলেন।

আমরা অনুভব করিলাম যে, এতদিন পরে ভারতবর্ষ— শিষ্যভাবেও নহে, সমকক্ষভাবেও নহে, গুরুভাবে পাশ্চাত্য বৈজ্ঞানিক সভায় উত্থিত হইয়া আপনার জ্ঞানশ্রেষ্ঠতা সপ্রমাণ করিল,— পদার্থতত্ত্ব-সন্ধানী ও ব্রহ্মজ্ঞানীর মধ্যে যে প্রভেদ, তাহা পরিস্ফুট করিয়া দিল।

লেখিকার পত্র হইতে সভার বিবরণ যাহা উদ্ধৃত করিলাম, তাহা পাঠ করিয়া আমরা অহঙ্কার বোধ করি নাই। আমরা উপনিষদের দেবতাকে নমস্কার করিলাম ; ভারতবর্ষের যে পুরাতন ঋষিগণ বলিয়াছেন "যদিদং কিঞ্চ জগৎ সর্ব্ব প্রাণ এজতি" এই যাহা কিছু সমস্ত জগৎ প্রাণেই কম্পিত হইতেছে, সেই ঋষিমগুলীকে অন্তরে উপলব্ধি করিয়া বলিলাম, হে জগদ্‌গুরুগণ, তোমাদের বাণী এখনও নিঃশেষিত হয় নাই, তোমাদের ভস্মাচ্ছন্ন হোমহুতাশন এখনো অনির্ব্বাণ রহিয়াছে, এখনো তোমরা ভারতবর্ষের অন্তঃকরণের মধ্যে প্রচ্ছন্ন হইয়া বাস করিতেছ! তোমরা আমাদিগকে ধ্বংস হইতে দিবে না, আমাদিগকে কৃতার্থতার পথে লইয়া যাইবে। তোমাদের মহত্ত্ব আমরা যেন যথার্থভাবে বুঝিতে পারি। সে মহত্ত্ব অতিক্ষুদ্র আচার বিচারের তুচ্ছ সীমার মধ্যে বদ্ধ নহে,— আমরা অদ্য যাহাকে "হিঁদুয়ানি" বলি, তোমরা তাহা লইয়া তপোবনে বসিয়া কলহ করিতে না, সে সমস্তই পতিত ভারতবর্ষের আবর্জ্জনামাত্র ;— তোমরা যে অনন্তবিস্তৃত লোকে আত্মাকে প্রতিষ্ঠিত করিয়াছিলে, সেই লোকে যদি আমরা চিত্তকে জাগ্রত করিয়া তুলিতে পারি, তবে আমাদের জ্ঞানের দৃষ্টি গৃহপ্রাঙ্গণের মধ্যে প্রতিহত না হইয়া বিশ্বরহস্যের অন্তরনিকেতনের মধ্যে প্রবেশ করিবে। তোমাদিগকে স্মরণ করিয়া যতক্ষণ আমাদের বিনয় না জন্মিয়া গর্ব্বের উদয় হয়, কর্ম্মের চেষ্টা জাগ্রত না হইয়া সন্তোষের জড়ত্ব পুঞ্জীভূত হইতে থাকে, এবং ভবিষ্যতের প্রতি আমাদের উদ্যম ধাবিত না হইয়া অতীতের মধ্যে সমস্ত চিত্ত আচ্ছন্ন হইয়া লোপ পায়, ততক্ষণ আমাদের মুক্তি নাই।

আচার্য্য জগদীশ আমাদিগকে দৃষ্টান্ত দেখাইয়াছেন। তিনি বিজ্ঞানরাজ্যে যে পথের সন্ধান পাইয়াছেন, সে পথ প্রাচীন ঋষিদিগের পথ— তাহা একের পথ। কি জ্ঞানে-বিজ্ঞানে, কি ধর্ম্মে-কর্ম্মে, সেই পথ ব্যতীত "নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।"

